চালু হল
'দুরন্ত বার্তা'
অ্যাপ
ডাউনলোড করুন
প্লে-স্টোর থেকে

দুরন্ত বার্তা

সুচিকিৎসা
মাসিক স্বাস্থ্য পত্রিকা
দামঃ ১৫ টাকা
পত্রিকা সংগ্রহ করতে আজই
নিকটবর্তী এজেন্টের সাথে
যোগাযোগ করুন।

১ ইন্টারনেট সংস্করণ http://durantbarta.com কলকাতা Volume No. 28, Issue No.: 301 Saturday, 30 September, 2023 ✱ ২৮ বর্ষ, ৩০১ সংখ্যা ✱ ১২ আশ্বিন, ১৪৩০, শনিবার, ৩০ সেপ্টেম্বর, ২০২৩ ✱ আজ ৮ পাতা ✱ মূল্য– ৩ টাকা

কাকরোল ক্ষেতের মধ্যে হাত পা বাঁধা, গলার নলি কাটা অবস্থায় পড়েছিল দেহ। যুবতীর মুখের এক পাশ পোড়া ছিল। ...বিস্তারিত পাতা ৩

মুম্বইয়ে পরিযায়ী শ্রমিকের কাজে গিয়ে মাঝ পথে ট্রেন থেকে নিখোঁজ এই রাজ্যের এক পরিযায়ী শ্রমিক। ঘটনায় উদ্বিগ্ন পরিবার। ...বিস্তারিত পাতা ৫

দূষণ রুখতে শীতকালীন কর্মপরিকল্পনা ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী কেজরিওয়াল। একইসঙ্গে তুলে ধরলেন সরকারের উদ্যোগের কথা। ...বিস্তারিত পাতা ৬

চোটের জন্য গত বারের এশিয়ান গেমসে নামতে পারেননি। ভারতীয় ভারোত্তলনে তারকা মীরাবাঈ চানু। তাঁর ওপর পদকের প্রত্যাশা থাকবে এটাই স্বাভাবিক। ...বিস্তারিত পাতা ৮

মিলল রাষ্ট্রপতির অনুমোদন, আইনে পরিণত হল মহিলা সংরক্ষণ বিল

নয়াদিল্লি, ২৯ সেপ্টেম্বরঃ দীর্ঘ প্রতীক্ষার অবসান। সর্ব্বসম্মতিতে সংসদের দুই কক্ষে আগেই পাশ হয়েছিল মহিলা সংরক্ষণ বিল। এবার সেই বিলে রাষ্ট্রপতিরও অনুমোদন মিলেছে। ২৯ সেপ্টেম্বর, শুক্রবার বিলে স্বাক্ষর করেছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। স্বাভাবিকভাবেই এদিন আইনে পরিণত হল মহিলা সংরক্ষণ বিলটি। এই আইন মোতাবেক, এবার লোকসভা ও রাজ্য বিধানসভায় মহিলাদের জন্য ৩৩ শতাংশ আসন সংরক্ষিত হয়েছে। লোকসভায় পাশ হওয়ার পর গত বৃহস্পতিবার সংসদের উচ্চকক্ষে সর্ব্বসম্মতিতে মহিলা সংরক্ষণ বিল পাশ হয়। এরপর এক সপ্তাহের মাথায়, গতকাল এই বিলে স্বাক্ষর করেন উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনকড়। তারপরই এদিন সকালে বিলটি রাষ্ট্রপতির কাছে সম্মতির জন্য পাঠানো হয়। বিকালেই এই বিলে স্বাক্ষর করে সেটিতে অনুমোদন দেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। মহিলা সংরক্ষণ বিলটি আইনে পরিণত হলেও এটি কার্যকর করতে কিছুটা সময় লাগবে। কেননা আইনটি কার্যকর করার আগে আদমসুমারী করা জরুরি। তারপর রাজ্যগুলির বিধানসভার আসন পুনর্বিন্যাসও করতে হবে। স্বাভাবিকভাবেই বিলটি কার্যকর করতে সময় লাগবে। এই আইনটি কার্যকর করতে ২০২৯ সাল লেগে যেতে পারে বলে আগেই জানিয়েছেন সরকার। প্রসঙ্গত, গত ১৮ সেপ্টেম্বর, সোমবার থেকে ২২ সেপ্টেম্বর, শুক্রবার পর্যন্ত সংসদের বিশেষ অধিবেশন হয়। ৫ দিনের জন্য এই বিশেষ অধিবেশনের প্রথম দিন পুরানো সংসদ ভবনে শেষবারের মতো অধিবেশন বসে। তারপর দ্বিতীয় দিন পুরানো সংসদ ভবনকে আনুষ্ঠানিক বিদায় জানিয়ে নতুন সংসদ ভবনে প্রবেশ করা হয়। এরপর অধিবেশনের তৃতীয় দিন লোকসভায় মহিলা সংরক্ষণ বিল পাশ হয় এবং চতুর্থ দিন রাজ্যসভায় এই বিল পাশ হল। যদিও ২০১০ সালো ইউপিএ জমানাতেই এই বিলটি নিয়ে এসেছিল কংগ্রেস। কিন্তু, সেই সময় বিলে ওবিসিদের জন্য আলাদা সংরক্ষণ ছিল না। ফলে আরজেডি এবং এসপি বিলটি পাশ করাতে দেয়নি। অবশেষে সেই বিলটি সংশোধন করে এবং ওবিসিদের জন্য পৃথক সংরক্ষণ অন্তর্ভুক্ত করে বিলটি পাশ করাল নরেন্দ্র মোদির সরকার। এই বিল পাশ হওয়ার পরই উল্লাসে ফেটে পড়ে বিজেপি। অন্যদিকে, সেই সময় (২০১০ সালে) বিলটি পাশ না করানো উচিত ছিল বলে আক্ষেপ প্রকাশ করেছেন রাহুল গান্ধি।

আধার-জালিয়াতি রুখতে এবার কেন্দ্রীয় সংস্থাকে চিঠি সিআইডির

দুরন্ত বার্তা, কলকাতা, ২৯ সেপ্টেম্বরঃ এনাবেলড পেমেন্ট সিস্টেম বা এইপিএস কাজে লাগিয়ে দেদার জালিয়াতি চলছে রাজ্যজুড়ে। আধার নির্ভর ব্যাঙ্ক জালিয়াতি রুখতে এবার ইন্ডিয়ান সাইবার ক্রাইম কোঅর্ডিনেশন সেন্টারকে চিঠি পাঠাল সিআইডি। সিআইডির তরফে ওই কেন্দ্রীয় সংস্থাকে চিঠি দিয়ে বলা হয়েছে, দেশের সব রাজ্যের ভূমি ও ভূমি সংস্কার দফতরের ওয়েবসাইটে আপলোড থাকা দলিলে আঙুলের ছাপ যেন মাস্কিং করা হয়। অর্থাৎ নির্দিষ্ট অংশ যেন ঢেকে রাখা হয়। সিআইডি অফিসারদের বক্তব্য, এখনও পর্যন্ত আধার এনাবেলড পেমেন্ট সিস্টেম কাজে লাগিয়ে যত জালিয়াতি হয়েছে, সবক্ষেত্রেই দলিলের আঙুলের ছাপ নিয়েই কারসাজি হয়েছে। কেন্দ্রের ওই সংস্থাকে সিআইডির তরফে অনুরোধ করা হয়েছে, তারা যেন সব রাজ্যকে এ ব্যাপারে নির্দেশিকা পাঠায়। সিআইডির বক্তব্য, এই অপরাধ এখন গোটা দেশে ছড়িয়ে পড়েছে। তাই যত দ্রুত সম্ভব ওয়েবসাইট থেকে ফিঙ্গার প্রিন্ট ঢেকে দেওয়ার ব্যবস্থা করা দরকার।

স্বাধীনতার পর এই প্রথম!

বোসের বাড়িতে রীতি ভাঙার শপথে যাবেন না স্পিকার

দুরন্ত বার্তা, কলকাতা, ২৯ সেপ্টেম্বরঃ শনিবার বিধায়ক পদে শপথ নেবেন ধূপগুড়ি বিধানসভা উপনির্বাচনের জয়ী তৃণমূল প্রার্থী নির্মলচন্দ্র রায়। রাজভবনেই হবে তাঁর শপথগ্রহণ। রাজ্যপাল বোসের হাত ধরে বিধায়ক পদে শপথ নেবেন তিনি। তবে বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় কিংবা পরিষদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়, দু'জনেরই কেউই আগামিকাল রাজভবনেই বোসের হাত ধরে শপথ নিতে চলেছেন ধূপগুড়িতে তৃণমূলের জয়ী প্রার্থী। সাধারণভাবে কোনও বিধায়কের শপথগ্রহণের ক্ষেত্রে তাও আবার উপনির্বাচনে জয়ী বিধায়কের ক্ষেত্রে রাজভবনে শপথগ্রহণের নজির অতীতে নেই। এসব ক্ষেত্রে রাজ্যপালের অনুমোদনক্রমে বিধানসভার স্পিকার কিংবা মনোনীত কেউ শপথবাক্য পাঠ

থাকছেন না সেখানে। এখনও পর্যন্ত এটাই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানা যাচ্ছে। বিমানবাবু ও শোভনদেববাবু কাল থাকছেন না রাজভবনে। আগামিকাল নির্মলচন্দ্রের শপথ গ্রহণে তৃণমূলের পরিষদীয় দলের তরফে প্রতিনিধি হিসেবে পাঠানো হচ্ছে বিধানসভায় শাসক শিবিরের উপ মুখ্য সচেতক তাপস রায়কে। নির্মলচন্দ্র ধূপগুড়ি বিধানসভা উপনির্বাচনে জেতার পর থেকে প্রায় তিন সপ্তাহ অতিক্রান্ত। কিন্তু এখনও 'বিধায়ক' হয়ে উঠতে পারেননি তিনি। শপথগ্রহণ ঘিরে দীর্ঘ বেশ কয়েকদিন ধরে টানাপড়েন চলেছে। রাজ্য-রাজভবন চিঠি চালাচালিও হয়েছে। মাঝে গত ২৩ সেপ্টেম্বর শপথগ্রহণের জন্য রাজভবন দিনক্ষণ স্থির করলেও, তা হয়ে ওঠেনি। মাস্টারমশাই নির্মলচন্দ্র কোথায় শপথ নেবেন, রাজভবনে নাকি বিধানসভায়? কে শপথবাক্য পাঠ করাবেন? রাজ্যপাল নাকি স্পিকার? নাকি অন্য কেউ তা নিয়েও বিস্তর জলঘোলা হয়েছে। অবশেষে করান। এটাই এতদিনের প্রচলিত রীতি ছিল। স্বাধীনতা পরবর্তী পশ্চিমবঙ্গ বিধানসভায় এই প্রথম কোনও বিধায়ক শপথ নেবেন রাজভবনে। অতীতের সব নজির ভাঙতে চলেছে শনিবার নির্মলচন্দ্রের শপথ গ্রহণ। রাজ্যপাল বোসের হাত ধরে দীর্ঘদিনের পরিষদীয় রীতির ছন্দপতন হতে চলেছে। রাজ্যপালের এমন সিদ্ধান্ত নিয়ে রাজ্যের পরিষদীয় মন্ত্রী তথা বর্ষীয়ান তৃণমূল বিধায়ক শোভনদেব চট্টোপাধ্যায় আগেও আপত্তি জানিয়েছিলেন। তবে শেষ পর্যন্ত সাধারণ মানুষের কাছে পরিষেবা পৌঁছে দেওয়ার বৃহত্তর স্বার্থের কথা মাথায় রেখে রাজভবনের সিদ্ধান্ত মেনে নিয়েছেন তাঁরা। তাহলে কি গত কয়েকদিনের এই টানাপড়েনের কারণেই রাজভবনে নির্মলের শপথগ্রহণে যাচ্ছেন না বিমান বন্দ্যোপাধ্যায়, শোভনদেব চট্টোপাধ্যায়রা? রাজ্য রাজনীতির কারবারিদের একাংশ মনে করছেন, প্রতিবাদস্বরূপই এমন সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

ফের সোনার দোকানে ডাকাতি

মালিক চেঁচাতেই চলল গুলি, আহত ২

দুরন্ত বার্তা, খড়্গপুর, ২৯ সেপ্টেম্বরঃ রানাঘাট, পুরুলিয়ার পর এবার খড়গপুর। সোনার দোকানে ডাকাতি। আর সেখানেই চলল গুলি। রেলশহর খড়গপুরের গোলবাজারে শুক্রবার সকাল ১১টা নাগাদ এই ঘটনা ঘটে। স্থানীয় সূত্রে খবর, একটি গাড়িতে চেপে পাঁচজনের একটি দল সোনার দোকানে যায়। খদ্দের সেজে ঢুকলেও দোকানে থাকা কর্মীদের সন্দেহ হয়। এরপরই তাঁরা ফোন ঘোরাতে শুরু করলে সেই খদ্দেররা স্বমূর্তি ধারণ করে। বন্দুক, ভোজালি বের করে বলে অভিযোগ। ২ রাউন্ড গুলিও চালায়। এরইমধ্যে একটি গুলি দোকান মালিক আশিস দত্তর গায়ে লাগে বলে সূত্রের খবর। এদিকে মালিককে রক্ষা করতে গেলে ভোজালির কোপ মারা হয় দোকানের কর্মী অয়ন দত্তকে। এরপরই টাকা ও সোনা লুঠ করে পালিয়ে যায় ডাকাতদল। মেদিনীপুর মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয় মালিক ও ওই কর্মীকে। লক্ষাধিক টাকার গয়না লুঠ করে বলে অভিযোগ। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে যায় খড়্গপুর টাউন থানার পুলিশ। ঘটনাস্থলে পৌঁছোন অতিরিক্ত পুলিশ সুপার রানা মুখোপাধ্যায়-সহ খড়্গপুর টাউন থানার পুলিশ। পশ্চিম মেদিনীপুর জেলার পুলিশ সুপার ধৃতিমান সরকার জানিয়েছেন, আন্তঃরাজ্যের দুষ্কৃতীরা এই ঘটনা ঘটিয়েছে। পুলিশ তাদের ধাবা করছে। চলছে লাইভ-চেসিং। ইতিমধ্যেই, উড়িষ্যা বর্ডারের কাছে গোপীবল্লভপুরে পুলিশ দুষ্কৃতীদের একটি হোয়াইট স্করপিও উদ্ধার করেছে। পুলিশ গাড়িটিকে রানটুয়া এলাকায় আটক করেছে। গাড়িতে চার দুস্কৃতী ছিল। কিন্তু তারা গাড়ি ছেড়ে পালায়। গোটা এলাকা পুলিশ ঘিরে রেখেছে। কাউকে সামনে যেতে দেওয়া হচ্ছে না। গাড়ির মধ্যে আগ্নেয়াস্ত্র রয়েছে বলে পুলিশের অনুমান। তবে দিনেদুপুরে এমন ঘটনায় এলাকার লোকজন শুধু নিরাপত্তাহীনতায়ই ভুগছেন না, ক্ষুব্ধও। নিরাপত্তার দাবিতে সরব হন তাঁরা। এলাকার সোনার ব্যবসায়ীরা দাবি তুলেছেন, এক সপ্তাহের মধ্যে দুষ্কৃতীদের ধরতে হবে। না হলে বড়সড় আন্দোলনের পথে হাঁটবেন তাঁরা। এদিন এই ঘটনার পরপরই খড়গপুর শহরের সমস্ত সোনার দোকান বন্ধ করে রাখেন ব্যবসায়ীরা। কিছুদিন আগেই আটজনের এক ডাকাতদল আগ্নেয়াস্ত্র নিয়ে নদিয়ার রানাঘাটে একটি সোনার গয়নায় ঢোকে। অস্ত্র দেখিয়ে গয়না নিয়ে চম্পট দিতে গেলে পুলিশের সঙ্গে কার্যত গুলির লড়াই চলে। অন্যদিকে পুরুলিয়াতেও নিরাপত্তারক্ষীদের বেঁধে রেখে চলে ডাকাতি। আটজনেরই একটি দল পুরুলিয়ার নামপাড়ায় সোনার দোকানে খদ্দের সেজে ঢোকে। এরপরই আসল চেহারা বের করে।

'পারলে আমাকে আটকে দেখান'

৩ তারিখ ইডির অফিসে নয় দিল্লিতেই অভিষেক

দুরন্ত বার্তা, কলকাতা, ২৯ সেপ্টেম্বরঃ এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের নোটিসে সাড়া দিচ্ছেন না অভিষেক বন্দ্যোপাধ্যায়। দিল্লি যাচ্ছেন তিনি। শুক্রবার নিজের এক্স হ্যান্ডেলে জানিয়ে দিলেন সে কথা। আগামী ৩ অক্টোবর কলকাতার সিজিও কমপ্লেক্সে অভিষেক বন্দ্যোপাধ্যায়কে ডেকে পাঠিয়েছে ইডি। বৃহস্পতিবারই এ সংক্রান্ত নোটিস পৌঁছেছে তাঁর কাছে। এদিকে ২ ও ৩ অক্টোবর অভিষেকের দিল্লির কর্মসূচি বহুদিন আগেই নির্ধারিত। এই অবস্থায় তিনি যে দিল্লির ধরনা কর্মসূচিতেই থাকবেন, এদিন তা স্পষ্ট করে দিয়েছেন। এদিন নিজের এক্স হ্যান্ডেলে তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় লেখেন, 'সব বাধার মধ্যেই বঞ্চনার বিরুদ্ধে লড়াই জারি থাকবে। পারলে আমাকে আটকে দেখান, চ্যালেঞ্জ অভিষেকের।' এর আগে এক্স হ্যান্ডেলেই তিনি জানিয়েছিলেন, ইডি তাঁকে আবারও তলব করেছে। বৃহস্পতিবারই অভিষেক এক্স হ্যান্ডেলে পোস্ট করেছিলেন, 'কারা ভয় পেয়েছে, কারা চিন্তিত তা খুব পরিস্কারই বোঝা যাচ্ছে।' তবে তিনি ইডি দফতরে

হাজিরা দিচ্ছেন কি না তা স্পষ্ট করেননি। আজ শুক্রবার সকাল ১১টা ১৮ নাগাদ এক্স হ্যান্ডেলের পোস্টে তাও স্পষ্ট করে দেন। এর আগে ইন্ডিয়া জোটের সমন্বয় কমিটির বৈঠকের দিন ইডি ডেকে পাঠিয়েছিল অভিষেক বন্দ্যোপাধ্যায়কে। তলব নিয়ে সে সময় বিভিন্ন মহলে প্রশ্ন উঠেছিল। বিশেষ করে তৃণমূল দাবি করেছিল, অভিষেককে ভয় পেয়ে, তাঁকে আটকাতে এভাবে আগাম বৈঠকের সূচি সত্ত্বেও কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা ডাকল। যদিও সে সময় দিল্লি যাননি অভিষেক। বদলে ইডির ডাকে সিজিও কমপ্লেক্সেই হাজিরা দেন। তবে এবার তাঁর দাবি, মানুষের প্রাপ্যর লড়াইয়ে নেমেছেন এবার। তাই দিল্লির কর্মসূচিই এবার তাঁর অগ্রাধিকারে।

ডেঙ্গি আক্রান্ত কমলেও, চিন্তা কমেনি নবান্নের, আজ ফের উচ্চ পর্যায়ের বৈঠক

দুরন্ত বার্তা, কলকাতা, ২৯ সেপ্টেম্বরঃ ডেঙ্গি নিয়ে ফের নবান্নে উচ্চ পর্যায়ের বৈঠক। আগামিকাল উচ্চ পর্যায়ের বৈঠক ডাকলেন রাজ্যের মুখ্য সচিব। দুপুর সাড়ে তিনটে থেকে স্বাস্থ্য ভবনের আধিকারিক, মুখ্য স্বাস্থ্য আধিকারিক, বিভিন্ন জেলাশাসকদের ডাকা হল বৈঠকে। ৩৮তম সপ্তাহের তুলনায় ৩৯তম সপ্তাহে ডেঙ্গি আক্রান্তের সংখ্যা কমেছে ১০ থেকে ১৫ শতাংশ। তবে রাজ্যের এখনও কয়েকটি জেলায় ডেঙ্গি আক্রান্ত সংখ্যা উদ্বেগের জায়গায় রয়েছে। যেহেতু চলতি সপ্তাহে ও আগামী সপ্তাহে বৃষ্টির সম্ভাবনা রয়েছে, তাই সেক্ষেত্রে ডেঙ্গির গ্রাফ যাতে না

বাড়ে তার জন্য আগামী কালকের বৈঠকে ফের গুরুত্বপূর্ণ নির্দেশ দিতে পারেন মুখ্য সচিব বলেই মনে করা হচ্ছে। তবে ডেঙ্গি আক্রান্তের সংখ্যার তুলনায় উত্তর ২৪ পরগনা, হাওড়া, হুগলি সেই চিন্তা বাড়াচ্ছে নবান্নের। তবে যে হটস্পটগুলি চিহ্নিত করা হয়েছিল সেই হটস্পটের মধ্য থেকে একাধিক এলাকায় ডেঙ্গি আক্রান্তের সংখ্যা কমছে বলেই নবান্ন সূত্রে খবর। আগামিকালের বৈঠকে হাসপাতালগুলির সুপারদেরও উপস্থিত থাকার নির্দেশ দেওয়া হয়েছে বলে নবান্ন সূত্রে খবর। কয়েকদিন আগেই ডেঙ্গি মোকাবিলার সঙ্গে যুক্ত সব আধিকারিকদের ছুটি বাতিল করেছে নবান্ন। পুজোর আগেই বিজ্ঞপ্তি দিয়ে জানিয়ে দেওয়া হয়েছে নবান্নের তরফে। ডেঙ্গি মোকাবিলায় ১৫ দফা নির্দেশ দেওয়া হয়েছে নবান্নের তরফে। যাঁরা ডেঙ্গির মোকাবিলায় প্রয়োজনীয় পদক্ষেপ নেবেন না, তাঁদের ক্ষেত্রে আইনি পদক্ষেপ নেওয়ার নির্দেশও দেওয়া হয়েছে।

'নতুন করে তদন্ত নয়', যাদবপুরে অ্যান্টি র‍্যাগিং স্কোয়াডের বৈঠকে বড় সিদ্ধান্ত



দুরন্ত বার্তা, কলকাতা, ২৯ সেপ্টেম্বরঃ যাদবপুরের ছাত্র মৃত্যুর ঘটনায় আর পুনরায় তদন্ত নয়। অ্যান্টি র‍্যাগিং স্কোয়াডের বৈঠকে সিদ্ধান্ত বিশ্ববিদ্যালয়ের অ্যান্টি র‍্যাগিং স্কোয়াডের। বলা হয়েছে, তদন্ত কমিটির রিপোর্ট নিয়ে কারও কোনও মতামত থাকলে তাঁরা তাঁদের মতামত বুধবারের মধ্যে জানাবেন। ছাত্র মৃত্যুর ঘটনা নিয়ে তদন্ত কমিটির রিপোর্ট নিয়ে কেন এত ঢিলেঢালা মনোভাব কর্তৃপক্ষের? অ্যান্টি র‍্যাগিং স্কোয়াডের বৈঠকে কর্তৃপক্ষের ভূমিকার সমালোচনা স্কোয়াডের সদস্যদের। আজ বিশ্ববিদ্যালয়ের ৫৫ জন সদস্যদের নিয়ে নবগঠিত অ্যান্টি র‍্যাগিং স্কোয়াড-এর বৈঠক হয়। সেই বৈঠকেই অ্যান্টি র‍্যাগিং স্কোয়াড নতুন করে কোনও তদন্ত করবে না বলেই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলেই বিশ্ববিদ্যালয় সূত্রে খবর। গত ৯ আগস্ট যাদবপুর বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের প্রথম বর্ষের পড়ুয়ার মৃত্যুর ঘটনায় তোলপাড় পড়ে গিয়েছিল রাজ্য জুড়ে। সেই ঘটনায় ইতিমধ্যে মোট ১৩ জনকে গ্রেফতার করেছে পুলিশ। যার মধ্যে জামিনে রয়েছে একজন। তবে বাকি ১২ জন এখনও জেলে। সেই সংক্রান্ত মামলাও চলছে আদালতে। এই ঘটনায় ধৃতেরা যদি জামিনও পায় সে ক্ষেত্রে নির্দোষ প্রমাণিত না হওয়া পর্যন্ত তারা বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস বা হস্টেলে ঢুকতে পারবেন না। বিশ্ববিদ্যালয়ের কর্ম সমিতির (ইসি) বৈঠকে ইতিমধ্যেই নেওয়া হয়ে এই সিদ্ধান্ত। এবার তদন্ত নিয়ে বড় সিদ্ধান্ত নিল অ্যান্টি র‍্যাগিং স্কোয়াড।

৩ অক্টোবরের সমনে যেন নড়চড় না হয়

কারও নাম না করে ইডিকে নির্দেশ বিচারপতি সিনহার

দুরন্ত বার্তা, কলকাতা, ২৯ সেপ্টেম্বরঃ নিয়োগ দুর্নীতির তদন্তে নয়া মোড়। এনফোর্সমেন্ট ডিরেক্টরেটের অফিসার মিথিলেশ কুমার মিশ্রকে নিয়োগ দুর্নীতির তদন্ত থেকে সরিয়ে দেওয়ার নির্দেশ দিল কলকাতা হাইকোর্ট। শুক্রবার এই নির্দেশ দিয়েছে হাইকোর্টের বিচারপতি অমৃতা সিনহার একক বেঞ্চ। উল্লেখ্য, আগামী ৩ অক্টোবর অভিষেক বন্দ্যোপাধ্যায়কে জিজ্ঞাসাবাদের জন্য তলব করেছে ইডি। সেই বিষয়েও কারও নাম না করে বিচারপতি ইডিকে বলেন, ৩ অক্টোবর যে সমন পাঠানো হয়েছে, তা যেন কোনওভাবেই নড়চড় না হয়, সে ব্যাপারে পদক্ষেপ করার জন্য। উল্লেখ্য, শুধু নিয়োগ দুর্নীতির মামলার থেকে মিথিলেশকে সরিয়েই থেমে থাকেননি বিচারপতি। তাঁর ভূমিকায় এতটাই অসন্তুষ্ট বিচারপতি অমৃতা সিনহা, যে রাজ্যের কোনও তদন্তের দায়িত্বই যাতে মিথিলেশকে না দেওয়া হয়, সেই নির্দেশ দিয়েছেন তিনি। আদালত মনে করছে, মিথিলেশ কুমারের আত্মবিশ্বাসের অভাব রয়েছে। বিচারপতি সিনহা এদিন মন্তব্য করেন, ''মিথিলেশ কুমার একেবারেই আত্মবিশ্বাসী নন এই ব্যাপারে (তদন্তের ব্যাপারে)। আদালত তাঁর উপর বিশ্বাস হারিয়েছে।'' আজ বিচারপতি সিনহা নির্দেশ দিয়েছেন, এই তদন্তের জন্য দ্রুত তদন্তকারী অফিসারকে নিযুক্ত করতে হবে। প্রসঙ্গত, চাকরিপ্রার্থীদের পক্ষের আইনজীবী বিকাশরঞ্জন ভট্টাচার্য এদিন আদালতে, ৩ অক্টোবর সমন পাঠানোর বিষয়টি উত্থাপন করেন। বলেন, ''ওই ব্যক্তি জানিয়েছেন ইডিকে কে কেয়ার করে? স্টপ মি ইফ ইউ ক্যান।'' সেই প্রসঙ্গেই এদিন বিচারপতি সিনহা ইডিকে স্মরণ করিয়ে দিয়েছেন, ইডির পাঠানো সমনের যদি কেউ বিরোধিতা করেন, সেক্ষেত্রে যেন কড়া পদক্ষেপ করা হয়। আইনজীবী ফিরদৌস শামিম জানাচ্ছেন, ''প্রাথমিকে শিক্ষক নিয়োগ দুর্নীতির অভিযোগে যে মানি ট্রেলের তদন্ত ইডি করছে, সেই তদন্ত থেকে মিথিলেশ কুমারকে অব্যাহতি দিয়েছেন বিচারপতি। একইসঙ্গে তিনি নির্দেশ দিয়েছেন, তিনি এই রাজ্যের কোনও তদন্তে আর অংশ নিতে পারবেন না। ইডির ডিরেক্টরকে বিচারপতি অমৃতা সিনহা নির্দেশ দিয়েছেন, আগামী ৩ তারিখ যে তদন্ত প্রক্রিয়া রয়েছে, তা যেন কোনওভাবেই ব্যাহত না হয়।''

আসন নিয়ে লালু-নীতীশের বৈঠকেও অধরা রফাসূত্র, প্রশ্নের মুখে বিহারে 'ইন্ডিয়া' জোট

পটনা, ২৯ সেপ্টেম্বরঃ 'ইন্ডিয়া' জোটের বিড়ম্বনা বেড়েই চলেছে। আসনরফা নিয়ে ফের দ্বৈরথে জেডি(ইউ) ও আরজেডি। আগামী লোকসভা নির্বাচনে জোটের আসনরফা করতে বৃহস্পতিবারই বৈঠকে বসেছিলেন দুই দলের প্রধান। লালু প্রসাদ যাদবের বাড়িতেই বসে বৈঠক। কিন্তু, দীর্ঘক্ষণ বৈঠক চলার পরেও মিলল না রফাসূত্র। ফলে জেডি(ইউ)-আরজেডি জোট নিয়ে সংশয় দেখা দিয়েছে। সূত্রের খবর, আগামী লোকসভা নির্বাচনের আসনরফা করতে বৃহস্পতিবার লালু প্রসাদ যাদবের সঙ্গে বৈঠক করেন জেডি(ইউ) প্রধান তথা বিহারের মুখ্যমন্ত্রী নীতীশ কুমার। বিহারের মোট ৪০টি আসনের মধ্যে জেডি(ইউ) ও আরজেডি-র মধ্যে ১৬টি করে আসন ভাগাভাগি করার প্রস্তাব দেন লালু প্রসাদ। এমনকি জেডিইউয়ের খাসতালুক, সীতামঢ়ী, মাধেপুর, গোপালগঞ্জ, সিওয়ানের মতো কেন্দ্রগুলিতে আসন চেয়েছেন লালুপ্রসাদ। কিন্তু, এই কেন্দ্রগুলি ছাড়তে নারাজ নীতীশ কুমার। গতবারের লোকসভা নির্বাচনের ফলের দিকে তাকালে দেখা যায়, ৪০টি আসনের মধ্যে আরজেডি একটি আসনও পায়নি। জেডি(ইউ) ১৬টি, বিজেপি ১৭টি, এলজেপি ৬টি এবং কংগ্রেস ১টি আসন পেয়েছিল। স্বাভাবিকভাবেই আরজেডি-কে ১৬টি কেন্দ্র এবং জেডি(ইউ)-এর খাসতালুকগুলি ছাড়তে নারাজ নীতীশ কুমার। ফলে আরজেডি ও জেডি(ইউ)-এর মধ্যে আসনরফা অধরা রয়ে গেল। অন্যদিকে, বাম ও কংগ্রেসের জন্য মাত্র ৮টি আসন রাখার প্রস্তাব দিয়েছেন লালুপ্রসাদ। অথচ সিপিআই, সিপিএম-সহ কেবল বামেদের ৩টি দল রয়েছে। এছাড়া রয়েছে কংগ্রেস। স্বাভাবিকভাবেই মাত্র ৮টি আসনে বাম ও কংগ্রেস সন্তুষ্ট হবে কি না তা নিয়ে প্রশ্ন রয়েছে। সবমিলিয়ে, বিহারে প্রশ্নের মুখে 'ইন্ডিয়া' জোটের ভবিষ্যৎ।

চারিদিকে ছড়িয়ে ছিটিয়ে দেহ! পাকিস্তানের বালুচিস্তানে ভয়াবহ বিস্ফোরণ, মৃত ৫৫

ইসলামাবাদ, ২৯ সেপ্টেম্বরঃ ফের পাকিস্তানের বালোচিস্তান প্রদেশে আত্মঘাতী বোমা হামলা। শুক্রবার (২৯ সেপ্টেম্বর), সকালে বালোচিস্তানের এক মসজিদের কাছে এই আত্মঘাতী বোমা হামলা হয়। বিস্ফোরণে এক পাক পুলিশ কর্তা-সহ অন্তত ৫৫ জনের মৃত্যু হয়েছে। একইসঙ্গে এই ঘটনায় অন্তত ১০০ জনেরও বেশি আহত হয়েছেন বলে জানা গিয়েছে। তাদের অনেকের অবস্থাই আশঙ্কাজনক। তাই, মৃতের সংখ্যা আরও বাড়তে পারে বলে আশঙ্কা করা হচ্ছে। পাক সংবাদমাধ্যমগুলির প্রতিবেদন অনুযায়ী, বালোচিস্তানের মাস্তুং জেলার আল-ফালাহ মসজিদের কাছে এদিন ইদের মিছিল উপলক্ষে বহু মানুষ জড়ো হয়েছিলেন। আচমকা ওই আত্মঘাতী জঙ্গি ভিড়ের দিকে এগিয়ে এসে বিস্ফোরণে নিজেকে উড়িয়ে দেয়। মুহূর্তে ঘটনাস্থলে ছড়িয়ে পড়ে আতঙ্ক। পাক সংবাদমাধ্যমগুলির প্রতিবেদন অনুযায়ী, বালোচিস্তানের মাস্তুং জেলার আল-ফালাহ মসজিদের কাছে এদিন ইদ-ই-মিলাদুন নবির

মিছিল উপলক্ষে বহু মানুষ জড়ো হয়েছিলেন। আচমকা ওই আত্মঘাতী জঙ্গি ভিড়ের দিকে এগিয়ে এসে বিস্ফোরণে নিজেকে উড়িয়ে দেয়। মুহূর্তে ঘটনাস্থলে ছড়িয়ে পড়ে আতঙ্ক। বিস্ফোরণে বালোচ পুলিশ বিভাগের এক ডেপুটি সুপার পদমর্যাদার কর্তারও মৃত্যু হয়েছে। বালোচিস্তানের অন্তর্বর্তীকালীন তথ্যমন্ত্রী জান আচাকজাই জানিয়েছেন, বিস্ফোরণস্থলে ইতিমধ্যেই পৌঁছে গিয়েছে উদ্ধারকারী দল। হতাহতদের সকলকেই নিকটবর্তী হাসপাতালগুলিতে নিয়ে যাওয়া হচ্ছে। প্রদেশের সব হাসপাতালেই জরুরি অবস্থা জারি করা হয়েছে। গুরুতর আহত ব্যক্তিদের কোয়েটার হাসপাতালে স্থানান্তর করা হচ্ছে। জান আচাকজাই বলেছেন, বিদেশি মদতে বালোচিস্তানে ধর্মীয় সহনশীলতা ও শান্তির পরিবেশ বিনষ্ট করার চেষ্টা করা হচ্ছে। মাস্তুংয়ের সহকারী কমিশনার আত্তাহুল মুনিম জানিয়েছেন, মিছিলের পাশেই দাঁড়িয়ে ছিল ডিএসপি গিশকোরির গাড়ি। আত্মঘাতী বোমারু ঠিক ডিএসপির গাড়ির পাশে এসেই বিস্ফোরণ ঘটায়। বিস্ফোরণস্থলের বেশ কিছু ছবি এবং ভিডিয়ো সোশ্যাল মিডিয়ায় ছড়িয়ে পড়েছে। সেই ছবি-ভিডিয়োতে বেশ কয়েকটি রক্তাক্ত দেহ মাটিতে পড়ে থাকতে দেখা গিয়েছে। ঘটনাস্থলে বেশ কিছু কটা অঙ্গ-প্রত্যঙ্গও পড়ে থাকতে দেখা গিয়েছে। অন্তর্বর্তীকালীন স্বরাষ্ট্রমন্ত্রী সরফরাজ আহমেদ বুগতি বলেছেন, সন্ত্রাসবাদীদের কোনও ধর্ম হয় না।

ছত্তিশগড়ের চলচ্চিত্র জগতে শোকের আবহ, সড়ক দুর্ঘটনায় মৃত্যু অনুপম ভার্গবের

রায়পুর, ২৯ সেপ্টেম্বর ঃ ছত্তিশগ।রে চলচ্চিত্র জগতে শোকের আবহ, এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় প্রাণ হারালেন ছত্তিশগড়ের চলচ্চিত্র শিল্পী অনুপম ভার্গব। বৃহস্পতিবার গভীর রাতে শিল্পী তাঁর স্ত্রী নিকিতা জয়সওয়ালকে নিয়ে বিলাসপুর থেকে রায়পুরের উদ্দেশে আসছিলেন। নিজেই গাড়ি চালিয়ে আসছিলেন শিল্পী। সারগাঁওয়ের কির্ণার সামনে থেকে একটি ট্রেলার এসে তাঁর গাড়িকে ধাক্কা মারলে ঘটনাস্থলেই শিল্পী অনুপমের মৃত্যু হয়। সারগাঁও থানা সূত্রে এই তথ্য জানা গিয়েছে। শিল্পীর স্ত্রী নিকিতা জয়সওয়ালের অবস্থা আশঙ্কাজনক। তাঁকে বিলাসপুরের অ্যাপোলো হাসপাতালে ভর্তি করা হয়েছে। চলচ্চিত্রে আসার আগে অনুপম একজন রেডিও জকি ছিলেন। অনুপমের আদি বাড়ি বিলাসপুরের সরকান্দায়। যদিও বর্তমানে তিনি গত ২ বছর ধরে রায়পুরের কবির নগরে থাকছিলেন। বাবা-মায়ের একমাত্র ছেলে ছিলেন অনুপম। অনুপম ভার্গব ছড়িশগড়ি সিনেমায় তাঁর অভিনয় ও পরিচালনার কেরিয়ার শুরু করেছিলেন।

পুষ্টিকর খাদ্য একটি স্বাস্থ্যকর জীবনধারা ও স্বাস্থ্য সুরক্ষার প্রথম পদক্ষেপ ঃ সুখবিন্দর সিং সুখু

শিমলা, ২৯ সেপ্টেম্বর ঃ হিমাচল প্রদেশের মুখ্যমন্ত্রী সুখবিন্দর সিং সুখু শুক্রবার পুষ্টি বিষয়ক একটি বই প্রকাশ করলেন। বইটি ললিত গুপ্তের লেখা- জীবনের ভিত্তি-আপনার পুষ্টিকর খাদ্য'। মুখ্যমন্ত্রী সুখবিন্দর সিং সুখু মানুষের জীবনে পুষ্টিকর খাদ্যের গুরুত্ব কতটা সেসম্পর্কে বক্তব্য রাখেন। তিনি লেখক ললিত গুপ্তের প্রভূত প্রশংসা করে বলেন, পুষ্টিকর খাদ্য একটি স্বাস্থ্যকর জীবনধারা ও স্বাস্থ্য সুরক্ষার প্রথম পদক্ষেপ। এই পুস্তিকাটির মাধ্যমে সুস্থ জীবনের জন্য প্রয়োজনীয় পুষ্টি উপাদান সম্পর্কে গুরুত্বপ্রুণ তথ্য পাওয়া যাবে বলেও মুখ্যমন্ত্রী মন্তব্য করেন। সার্বিক শারীরিক বিকাশে সুষম খাদ্যের গুরুত্বের ওপর জোর দিয়ে সুখবিন্দর সিং সুখু বলেন, সুস্বাস্থ্যের ভিত্তি হল পুষ্টি। এই পুস্তিকটির উদ্দেশ্য হল, মানুষকে তাদের খাদ্য সম্পর্কে সঠিক ও প্রয়োজনীয় জ্ঞান প্রদান করা।

রাগা মিউজিক আয়োজিত অ্যালবাম প্রকাশ অনুষ্ঠান

দুরন্ত বার্তা, কলকাতা, ২৯ সেপ্টেম্বর ঃ গত বুধবার কলকাতা প্রেস ক্লাবে রাগা মিউজিক আয়োজিত সঙ্গীত শিল্পী মানবেন্দ্র চক্রবর্ত্তীর ১০টি গানের ক্যাসেট প্রকাশিত করেন বিশিষ্ট রবীন্দ্র সঙ্গীত শিল্পী ইন্দ্রানী সেন। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মহালয়া খ্যাত বানী কুমারের সুযোগ্য ভাতুপুত্র তথা কবি সাহিত্যিক, গীতিকার ও সুরকার সুব্রত ঘোষাল, শিল্পী সুষমা ঘোষাল, রাগা মিউজিকের কর্ণধার প্রেমজী, সতীনাথ মুখার্জি, সুমিত্রা খাসনবিশ প্রমুখ। গানগুলি প্রেম পর্যায়, ভক্তিগীতি দেশাত্মবোধক, পাহাড়ি গানের ছোঁয়া ইত্যাদি অর্ন্তভুক্তি রয়েছে।

পিন্ডদানের উদ্দেশে সস্ত্রীক গয়ায় উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড়

পাটনা, ২৯ সেপ্টেম্বর ঃ উপ-রাষ্ট্রপতি তথা রাজ্যসভার চেয়ারম্যান জগদীপ ধনখ। পূর্বপুরুষদের পিন্ডদানের উদ্দেশে শুক্রবার সস্ত্রীক বিহারের গয়ায় যান । শুক্রবার বিহারের গয়ায় পূর্বপুরুষদের উদ্দেশে পিন্ডদান করেন । এরপর রাজগীরে নালন্দা বিশ্ববিদ্যালয়ের অনুষ্ঠানে যোগ দেন তিনি। শুক্রবার বিহারের গয়ায় পৌঁছোনের পর উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড়কে আন্তর্জাতিক বিমানবন্দরে গার্ড অব অনার দেওয়া হয়। তিনি তাঁর স্ত্রী ডাঃ সুদেশ ধনখড়ের সঙ্গে গয়া জেলার বিষ্ণুপদ মন্দিরে পূর্বপুরুষদের মোক্ষলাভের জন্য পিন্ড দান করেন। তিন ঘণ্টা তিনি মন্দির প্রাঙ্গণে ছিলেন। পিন্ড দান করার পর উপ-রাষ্ট্রপতি ১১ জন ব্রাহ্মণকে খাবার পরিবেশন করেন। বিষ্ণুপদ ম্যানেজিং কমিটির চেয়ারম্যান শম্ভুলাল বিট্টল উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড়কে সম্মান জানান। গয়াতে পিন্ড দান করার পরে, উপ-রাষ্ট্রপতি নালন্দা জেলার রাজগীরের উদ্দেশ্যে রওনা হন। তিনি রাজগীরে নালন্দা বিশ্ববিদ্যালয়ের অনুষ্ঠানে যোগ দেন। নালঃদা বিশ্ববিদ্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে ভাষণ দেওয়ার সময় উপ-রাষ্ট্রপতি বলেন, সকলেরই সাংবিধানিক প্রতিষ্ঠান সম্পর্কে অশালীন মন্তব্য করা থেকে বিরত থাকতে হবে। একজন ব্যক্তি যত উঁচু অবস্থানে উঠবে, তত বেশি সরলতা তার অর্জন করা উচিত। তিনি আরও বলেন, ভারতের নেতৃত্বে জি-২০-এর সফলতা সমস্ত ভারতীয়দের জন্য গর্বের বিষয়। উপ-রাষ্ট্রপতি ধনখড় বলেন, আমি আশা করবো, ২০৪৭ ভারত আবার বিশ্বনেতা হবে। তিনি নালন্দা বিশ্ববিদ্যালয়ের ৫০ জন ছাত্রকে নতুন সংসদ ভবন, ভারত মন্ডপম এবং জাদুঘর পরিদর্শনের জন্য আমন্ত্রণ জানান এবং বিশ্ববিদ্যালয়ের সঙ্গে একটি চুক্তির ঘোষণাও করেন।

কুলগামে ধৃত দুই মাদক পাচারকারী

শ্রীনগর, ২৯ সেপ্টেম্বর ঃ পঞ্জাবের দুই মাদক চোরাকারবারীকে গ্রেফতার করল জম্মু কাশ্মীরের কুলগাম জেলার পুলিশ। কুলগাম জেলার পুলিশ শুক্রবার ওই দুই মাদক চোরাকারবারীকে গ্রেফতার করেছে। তাদের কাছ থেকে প্রচুর পরিমাণে নিষিদ্ধ পদার্থও উদ্ধার করেছে পুলিশ। রোজকার মতো রুটিন মাফিক টহল দেওয়ার সময় দু'জনকে ব্যাগ নিয়ে ঘুরে বেড়াতে দেখে পুলিশ, পুলিশের সন্দেহ হওয়ায় তাদের থামতে বলা হয়। পুলিশের উপস্থিতি টের পেয়ে দুজন ব্যক্তি ঘটনাস্থল থেকে পালানোর চেষ্টা করলে পুলিশ তাদের ধরে ফেলে।

প্রতিশ্রুতিবদ্ধ আম আদমি পার্টি ঃ কেজরিওয়াল

নয়াদিল্লি, ২৯ সেপ্টেম্বর ঃ আইএনডিআই জোটের প্রতি অঙ্গীকারবদ্ধ আম আদমি পার্টি (আপ)। দাবি করলেন দিল্লির মুখ্যমন্ত্রী ও আম আদমি পার্টির প্রধান অরবিন্দ কেজরিওয়াল। শুক্রবার এক সাংবাদিক সম্মেলনে মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল বলেছেন, আম আদমি পার্টি আইএনডিআই জোটের প্রতি প্রতিশ্রুতিবদ্ধ। আম আদমি পার্টি আইএনডিআই অ্যালায়েন্স থেকে পথ আলাদা করবে না। কংগ্রেস নেতা সুখপাল সিং খাইরার গ্রেফতারি প্রসঙ্গে কেজরিওয়াল বলেছেন, গতকাল (বৃহস্পতিবার) আমি শুনেছি, পঞ্জাব পুলিশ মাদকের মামলায় একজন বিশেষ নেতাকে (সুখপাল সিং খাইরা) গ্রেফতার করেছে। আমার কাছে বিশদ বিবরণ নেই, আপনাদের এ জন্য পঞ্জাব পুলিশের সঙ্গে কথা বলতে হবে, কিন্তু ভগবন্ত মান সরকার প্রতিশ্রুতিবদ্ধ, এএপি সরকার মাদকের বিরুদ্ধে লড়াই করতে প্রতিশ্রুতিবদ্ধ...এর বিরুদ্ধে লড়াইয়ে কাউকে রেহাই দেওয়া হবে না, তারা বড় বা ছোট যাই হোক না কেন।

দিল্লিতে ডাকাতির ঘটনায় ধৃত দুই, নগদ ১২.৫০ লক্ষ টাকা উদ্ধার

নয়াদিল্লি, ২৯ সেপ্টেম্বর ঃ দিল্লির ভোগাল এলাকায় সোনার দোকানে দুঃসাহসিক ডাকাতির ঘটনায় দুই অভিযুক্তকে আটক

করেছে দিল্লি পুলিশ। ছত্তিশগ।রে বিলাসপুর থেকে দুই অভিযুক্তকে পাক।াও করা হয়েছে। ধৃতদের জিজ্ঞাসাবাদ করছে পুলিশ। কিছু দিন আগে দুঃসাহসিক ডাকাতির ঘটনা ঘটে দক্ষিণ-পূর্ব দিল্লির ভোগাল এলাকার একটি সোনার দোকানে। প্রায় ২০ কোটি টাকার এই ডাকাতি দিল্লিবাসীকে একেবারে না।িয়ে দেয়। ডাকাতির বিষয়টি সামনে আসে গত ২৬ সেপ্টেম্বর, ওই দিন সোনার দোকানের মালিক কর্তৃপক্ষ জানায়, আমরা রবিবার দোকান বন্ধ করেছিলাম এবং সোমবার ছুটির পর মঙ্গলবার যখন দোকান খোলা হয়, আমরা দেখি গোটা দোকানে ধুলো জমে আছে এবং স্ট্রংরুমের দেওয়ালে একটি গর্ত রয়েছে... আমরা মনে করছি দুষ্কৃতীরা সবকিছু লুট করে নিয়েছে। সেই ঘটনার তদন্তে নেমে ছত্তিশগড়ের বিলাসপুর থেকে দুই অভিযুক্তকে পাকড়াও করা হয়েছে। এখনও এক অভিযুক্ত অধরা। বিলাসপুরের পুলিশ সুপার সন্তোষ সিং বলেছেন, এক অভিযুক্তের কাছ থেকে নগদ ১২.৫০ লক্ষ টাকা ও ১৮ কেজির বেশি সোনা ও হিরে উদ্ধার করা হয়েছে। বিলাসপুরের অতিরিক্ত পুলিশ সুপার সঞ্জয় ধ্রুব বলেছেন, ছত্তিশগড় পুলিশ ও দিল্লি পুলিশের যৌথ অভিযানে দিল্লির একটি জুয়েলারি দোকানে ডাকাতির মামলার সমাধান হয়েছে। অভিযুক্তকে গ্রেফতার করা হয়েছে এবং আরও তদন্ত চলছে। অভিযুক্ত একজন হাই-প্রোফাইল চোর... আমরা ক্রমাগত তার গতিবিধি পর্যবেক্ষণ করছিলাম এবং তারপর পরবর্তী ব্যবস্থা নেওয়া হয়েছে। অভিযুক্তরা পাক।াও হওয়ায় খুশি ব্যক্ত করেছেন সোনার দোকানের মালিক মহাবীর প্রসাদ জৈন। শুক্রবার তিনি বলেছেন, পুলিশকে অনেক ধন্যবাদ জানাচ্ছি। আমরা সমস্ত পুলিশ অফিসারদের প্রতি কৃতজ্ঞ, গয়না (যেটি উদ্ধার করা হয়েছে) না আসা পর্যন্ত আমরা বেশি কিছু বলতে পারব না, কিন্তু ফটো থেকে আমরা শনাক্ত করতে পারি যে এটি আমাদের গয়না, আমরা প্রশংসা করি দিল্লি পুলিশ এবং অন্যান্য রাজ্যের পুলিশকেও।

সিম্বায়োসিস এমবিএ রেজিস্ট্রেশনের জন্য স্ন্যাপ ২০২৩ এখন উন্মুক্ত আনুষ্ঠানিক সূচনা ঘোষণা করা হয়েছে

দুরন্ত বার্তা, কলকাতা, ২৯ সেপ্টেম্বর ঃ সিম্বিওসিস ন্যাশনাল অ্যাপটিটিউড টেস্ট (স্ন্যাপ) ২০২৩, ভারতে MBA প্রোগ্রামগুলির একটি অত্যন্ত সম্মানিত গেটওয়ে, যেটি আনুষ্ঠানিকভাবে আসন্ন বছরের জন্য তার গুরুত্বপূর্ণ তারিখগুলি প্রকাশ করেছে। স্ন্যাপ ২০২৩-এর নিবন্ধন ২৩ আগস্ট, ২০২৩-এ শুরু হয়েছিল এবং ২৩ নভেম্বর, ২০২৩-এ বন্ধ হতে চলেছে। একই সাথে, স্ন্যাপ পরীক্ষার জন্য প্রবেশপত্রগুলি নির্দিষ্ট তারিখে শুধুমাত্র অফিসিয়াল স্ন্যাপ ওয়েবসাইট, www. snaptest.org-এর মাধ্যমে অ্যাক্সেসযোগ্য হবে। স্ন্যাপ টেস্ট ০১ এবং ০৯ ডিসেম্বর, ২০২৩-এর জন্য ডিসেম্বর ০৪, ২০২৩ (সোমবার) স্ন্যাপ টেস্ট ০২ এবং স্ন্যাপ টেস্ট ০৩-এর জন্য (শনিবার)। স্ন্যাপ ২০২৩-এর নিবন্ধন ও অর্থপ্রদানের শেষ তারিখ হল নভেম্বর ২৩, ২০২৩। ২০২৩ সালের জন্য স্ন্যাপ কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা তিনটি পৃথক তারিখে নির্ধারিত হয়েছে ডিসেম্বর ১০, ২০২৩ (রবিবার), ১৭ ডিসেম্বর, ২০২৩ (রবিবার), এবং ২২ ডিসেম্বর, ২০২৩ (শুক্রবার)। স্ন্যাপ ২০২৩ পরীক্ষার ফলাফলের উচ্চ প্রত্যাশিত ঘোষণা করা হবে ১০ জানুয়ারী, ২০২৪ (বুধবার)। স্ন্যাপ শিক্ষার্থীদের ২৬টি বিভিন্ন প্বক্ক প্রোগ্রাম সমন্বিত ১৬টি বিশিষ্ট বি-

স্কুলে আবেদন করার সুযোগ দেয়। স্ন্যাপ-এর মাধ্যমে প্রার্থীদের স্বাগত জানানো সম্মানিত প্রতিষ্ঠানগুলির মধ্যে রয়েছে এসআইবিএম পুনে, এসআইসিএসআর, এস আইএমসি, এসআইআইবি, এসসিএমএইচআরডি, এসআইএমএস, এসআইডিটিএম, এসসিআইটি, এসআইওএম, এসআইএইচএস, এসআইবিএম বেঙ্গালুরু, এসএসবিএফ, এসআইবিএম হায়দ্রাবাদ, এসএসএসএস, এসআইবিএম নাগপুর, এবং এসআইবিএম নয়ডা, এরা সবাই একটি বিস্তৃত শিক্ষাগত ক্ষেত্রের সম্ভাবনাকে উপস্থিত করে। স্ন্যাপ ২০২৩-এ অংশগ্রহণ করতে আগ্রহী প্রার্থীদের ব্যাপক তথ্য, বিশদ যোগ্যতার মানদণ্ড এবং একটি সুবিন্যস্ত রেজিস্ট্রেশন প্রক্রিয়ার জন্য অফিসিয়াল স্ন্যাপ ওয়েবসাইট, www. snaptest.org খুঁজে দেখার জন্য উৎসাহিত করা হচ্ছে। উপরন্তু, এটা মনে রাখা জরুরী যে পরীক্ষার শহর এবং পরীক্ষার তারিখ যে আগে আসবে সে আগে সুযোগ পাবে এই ভিত্তিতে নির্ধারিত হয়। স্ন্যাপ-এর জন্য যোগ্যতা অর্জন করতে, প্রার্থীদের অবশ্যই একটি স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা জাতীয় গুরুত্বের একটি প্রতিষ্ঠান থেকে স্নাতক ডিগ্রি থাকতে হবে। তাদের স্নাতক অধ্যয়নের সময় কমপক্ষে ৫০ নম্বর (তফসিলি জাতিতফসিলি উপজাতিদের জন্য ৪৫) অর্জন করা উচিত। স্নাতক অধ্যয়নের শেষ বর্ষের প্রার্থীরাও আবেদন করতে পারেন, তবে ভর্তি তাদের চূড়ান্ত পরীক্ষায় প্রয়োজনীয় ন্যূনতম নম্বর পাওয়ার উপর নির্ভরশীল। যদি একজন প্রার্থীর একটি বিদেশী বিশ্ববিদ্যালয় থেকে পাওয়া যোগ্যতা থাকে, তাহলে তাদের অবশ্যই স্ন্যাপ-এর জন্য যোগ্যতার মানদণ্ড পূরণের জন্য অ্যাসোসিয়েশন অফ ইন্ডিয়ান ইউনিভার্সিটি থেকে একটি সমতুল্য শংসাপত্র পেতে হবে। স্ন্যাপ সিমবায়োসিস ইন্টারন্যাশনাল (ডিমড ইউনিভার্সিটি) এর সাথে অধিভুক্ত অসংখ্য মর্যাদাপূর্ণ ম্যানেজমেন্ট ইনস্টিটিউটের গেটওয়ে হিসেবে কাজ করে, যা এমবিএ প্রোগ্রামের বিভিন্ন স্পেকট্রামে অ্যাক্সেস প্রদান করে। এটি উচ্চাকাঙ্ক্ষী পেশাদারদের ব্যবসা এবং ম্যানেজমেঃটের গতিশীল ক্ষেত্রে একটি সফল ক্যারিয়ারের দিকে এগিয়ে যাওয়ার জন্য সক্ষম করে।

সেন্সর বোর্ড-এর বিরুদ্ধে ঘুষ চাওয়ার অভিযোগ, তৎপর কেন্দ্রীয় তথ্য সম্প্রচার মন্ত্রক

নয়াদিল্লি, ২৯ সেপ্টেম্বর ঃ হিন্দি সেন্সর রাইটের জন্য ঘুষ চাইছে সেন্সর বোর্ড!, বিস্ফোরক অভিযোগ অভিনেতা-প্রযোজক বিশালের। তাঁর অভিযোগ হিঃিদ সেন্সর রাইটের জন্য তাঁর কাছে সাড়ে ৬ লক্ষ টাকা ঘুষ দিতে হয়েছে । যে অভিযোগ নিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও মহারাষ্ট্রের মুখ্যমন্ত্রী একনাথ শিণ্ডের কাছেও কড়া পদক্ষেপের আর্জি জানিয়েছেন তামিল তারকা। ইতিমধ্যেই কেন্দ্রীয় তথ্য সম্প্রচার মন্ত্রকের তরফে বিষয়টিকে দুর্ভাগ্যজনক উল্লেখ্য করে অভিযুক্তদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়া হবে বলে জানান হয়েছে। বিশালের সাম্প্রতিক ছবি মার্ক অ্যান্টনি'র হিন্দি রাইটের জন্যই নাকি বিশালের কাছ থেকে বিরাট অঙ্কের টাকা ঘুষ চেয়েছিল সেন্সর বোর্ড। সেন্ট্রাল ব্যুরো অফ ফিল্ম সার্টিফিকেশনর বিরুদ্ধে এমন বিস্ফোরক অভিযোগের কথা প্রকাশ্যে আসতেই বিনোদুনিয়া থেকে রাজনৈতিকমহল তোলপাড়। প্রাক্তন সেন্সর বোর্ডের সদস্য তথা পরিচালক অশোক পণ্ডিতও ময়দানে নেমে সিবিআই তদন্ত দাবি করেছেন। চিঠি গিয়েছে বর্তমান সিবিএফসি-র প্রেসিডেন্ট প্রসূন যোশির কাছেও। প্রসঙ্গত, তামিল বক্স অফিসে দারুণ ব্যবসা করেছে মার্ক অ্যান্টনি'। আর সেই অভূতপূর্ব সাড়া দেখেই নির্মাতারা সেই ছবিকে এবার হিঃিদ ভাষায় রিলিজ করার পরিকল্পনা করেছিলেন। সেই প্রেক্ষিতেই রাইটসের জন্য সেন্সর বোর্ডের কাছে আবেদন জানিয়েছিলেন। তারপরই নাকি ঘুষ দেওয়ার আবদার এসেছে। সেই ঘটনার আদ্যোপান্ত বিবরণ জানিয়ে একটি ভিডিও পোস্ট করেন বিশাল। শোরগোল ফেলে দেওয়া ওই ভিডিওতে তামিল তারকাকে বলতে শোনা যায়, সিনেমায় দুর্নীতির গল্প দেখা যায়। তবে সেটার ছায়া এবার বাস্তবেও। হজম করতে পারছি না। তাও আবার সরকারি অফিসে। মুম্বইয়ের সিবিএফসি অফিসে আরও ভয়ঙ্কর ঘটনা ঘটেছে। মার্ক অ্যান্টনি'র হিন্দি রাইটসের জন্য সাড়ে ৬ লক্ষ টাকা ঘুষ দিতে হয়েছে। ৩ লক্ষ টাকা স্ক্রিনিংয়ের জন্য। আর সাড়ে ৩ লক্ষ টাকা সার্টিফিকেটের জন্য। আমার গোটা কেরিয়ারে এরকম দুর্ভাগ্যজনক ঘটনা দেখিনি। একনাথ শিণ্ডে, প্রধানমন্ত্রীর কাছে আর্জি জানাচ্ছি কড়া পদক্ষেপের জন্য। ভবিষ্যতে যেন আর কারও সঙ্গে এরকম ঘটনা না ঘটে। আমার রক্ত জল করা কষ্টের টাকা দুর্নীতিতে গেল। আশা করি সত্যির উন্মোচন হবেই। সেন্সর বোর্ডের বিরুদ্ধে এই ভয়ঙ্কর অভিযোগ নিয়ে এবার প্রতিক্রিয়া এল কেন্দ্রীয় তথ্য সম্প্রচার মন্ত্রকের তরফেও। বলা হয়েছে, সিবিএফসি-র অন্দরে এমন দুর্নীতির ঘটনা খুবই দুর্ভাগ্যজনক। সরকার কোনওরকম দুর্নীতির সঙ্গে আপোস করবে না। যে বা যাঁরা এর সঙ্গে যুক্ত, তাদের কড়া শাস্তি দেওয়া হবে। তথ্য সম্প্রচার মন্ত্রকের উচ্চপদস্থ এক কর্মচারীকে ইতিমধ্যেই মুম্বইয়ের সিবিএফসি-র সঙ্গে যোগাযোগ করার জন্য বলা হয়েছে তদন্তের জন্য।

কাবেরীর জলবণ্টনের প্রভাব দক্ষিণী ফিল্ম ইন্ডাস্ট্রিতে

চমারাজনগর, ২৯ সেপ্টেম্বর ঃ কাবেরী জল বন্টনের রাজনীতির সঙ্গে এবার জুড়ে গেল তামিল ও কন্নর ফিল্ম ইন্ডাস্ট্রি। কাবেরী ইস্যু যেন বিভেদের রেখা তৈরি করল দক্ষিণের এই দুই ফিল্ম ইন্ডাস্ট্রির মধ্যে। প্রতিবাদে পথেও নেমেছিল কন্নড় ইন্ডাস্ট্রির সঙ্গে যুক্ত কলাকুশলীরা।

অন্যদিকে কর্নাটকের চমারাজনগরের বিধায়ক ভাটাল নাগারাজ দক্ষিণী সুপারস্টার রজনীকান্তকে কাবেরী ইস্যুতে কটাক্ষ করে বলেন, কর্নাটকেই জন্মেছেন রজনীকান্ত। সুপারস্টার হয়েছেন তামিল ফিল্ম ইন্ডাস্ট্রিতে গিয়ে। রজনী যখন কর্নাটকে আসেন তখন কাবেরীর জল খান। ওর তো এই নিয়ে মুখ খোলা উচিত। উল্লেখ্য, চলতি সপ্তাহে কাবেরী জলবণ্টন নিয়ে বৈঠক হয় দুই রাজ্যের প্রতিনিধিদের। সেখানে সিদ্ধান্ত নেওয়া হয় যে, আরও দিন কয়েক তামিলনাড়ুকে ৫ হাজার কিউসেক জল দেবে কর্ণাটক। যদিও দাবি ছিল, ১২ হাজার ৫০০ কিউসেক জলের। সোমবারের বৈঠকে এ বিষয়ে জলবণ্টন কমিটির এক আধিকারিক জানিয়েছিলেন, কর্নাটকের পক্ষ থেকে ৩০০০



কিউসেক জল দেওয়ার কথা বলা হয়। যেখানে তামিলনা।ুর পক্ষ থেকে ১২,৫০০ কিউসেক জলের দাবি রাখা হয়েছিল। এরপর দুপক্ষের মধ্যে ৫০০০ কিউসেক জল নিয়ে চুক্তি হয়। যা আগামী আরও পনেরো দিন তামিলনা।ুকে দেওয়া হবে। তবে তালিমনা।ুকে বেশি জল দেওয়া যাবে না'- এমন দাবি তুলে কাবেরীর জলবণ্টন নিয়ে সম্প্রতি রাতভর বিক্ষোভ প্রদর্শন করেন কর্ণাটকের কৃষকরা। এমনকী, মঙ্গলবার বনধ ডাকা হয়েছিল বেঙ্গালুরুতে। শুক্রবার বনধ চলছে কর্ণাটক জুড়ে। এবার সেই বিষয়েই সুর চড়ালেন দক্ষিণী অভিনেতা কিচ্চা সুদীপ। এক্স হ্যান্ডেলে (টুইটার) মাতৃভাষায় প্রতিবাদ করে কর্ণাটকের ভূমিপুত্র সুদীপ বলেন, আমাদের কাবেরী আমাদের অধিকার। কাবেরীর প্রতি মানুষের এই বিশ্বাসকে সরকার কখনওই আশাহত করবে না বলেই আমার বিশ্বাস। অবিলম্বে নতুন স্ট্র্যাটেজি প্রয়োগ করে বিশেষজ্ঞদের কাছে এই সমস্যা সমাধান করার দাবি জানাচ্ছি। এই ভূমি, জল, ভাষার সংরক্ষণে আমারও একটা মতামত রয়েছে। মা কাবেরী করুণাদকে (কর্ণাটক) রক্ষা করুক।

ডাকঘরে বিনিয়োগে কড়াকড়ি

দুরন্ত বার্তা, কলকাতা, ২৯ সেপ্টেম্বর ঃ হাতে আছে আর কিছু সময়। ৩০ সেপ্টেম্বের মধ্যে এই কাজ না করলে ভুগতে হবে আপনাকে। যারা ক্ষুদ্র সঞ্চয় প্রকল্পে বিনিয়োগ করছেন, তাঁদের জন্য এই দিনটি খুবই গুরুত্বপূর্ণ। পাবলিক প্রভিডেন্ট ফান্ড, সুকন্যা সমৃদ্ধি যোজনা ইত্যাদির মতো ক্ষুদ্র সঞ্চয় প্রকল্পে বিনিয়োগ করে থাকলে অ্যাকাউন্ট সম্পর্কিত একটি গুরুত্বপূর্ণ কাজ করা আবশ্যিক। সরকার ক্ষুদ্র সঞ্চয় প্রকল্পে বিনিযাে।গের জন্য আধার বাধ্যতামূলক করেছে। এই পরিস্থিতিতে যেসব অ্যাকাউন্ট গুলিতে আধার তথ্য আপডেট করা হয়নি, শীঘ্রই তথ্য আপডেট করুন। অর্থ মন্ত্রক ৩১ মার্চ ২০২৩-এ একটি বিজ্ঞপ্তি জারি করেছে। যাতে বলা হয়েছে, পিপিএফ, এসএসওয়াই, এনএসসি ইত্যাদির মতো ছোট সঞ্চয় প্রকল্পগুলিতে বিনিয়োগ করার জন্য আধার এবং প্যান এখন আবশ্যিক করা হয়েছে। এই পরিস্থিতিতে সব অ্যাকাউন্টে এই তথ্য আপডেট করা বাধ্যতামূলক। যদি ১ এপ্রিলের আগে খোলা অ্যাকাউন্ট গুলিতে এই তথ্য আপডেট না করা হয়, তবে এটি আপডেট করার সময়সীমা ৩০ সেপ্টেম্বর পর্যন্ত বাড়ানো হয়েছে। এর পরে, এই ধরনের অ্যাকাউন্ট গুলি ১ অক্টোবর থেকে ফ্রিজ' করা হবে। তবে তা পুনরায় সক্রিয় করার সুযোগ রয়েছে। আধার-প্যান বিবরণ এন্ট্রি করালেই সব সমস্যার সমাধান।

গিরিডিতে ডাকাতির সময় গুলি ট্রাক চালককে

গিরিডি, ২৯ সেপ্টেম্বর ঃ ঝাড়খন্ডের নিমিয়াঘাট থানা এলাকার ইসরি তুরিটোলার কাছে বাইপাস জিটি রোডে ডাকাতির সময় ট্রাক চালককে লক্ষ্য করে গুলি চালায় দুষ্কৃতীরা। বৃহস্পতিবার গভীর রাতে ঘটনাটি ঘটেছে। গুলিতে ট্রাক চালক আহত হয়েছেন।ঘটনার খবর পেয়ে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে আহত ট্রাক চালককে চিকিৎসার জন্য রেফারেল হাসপাতালে ভর্তি করে, যেখানে প্রাথমিক চিকিৎসার পর ট্রাক চালককে উন্নত চিকিৎসার জন্য ধানবাদে রেফার করা হয়। ঘটনার পর পুলিশ তদন্ত শুরু করেছে। জানা গেছে, ট্রাকটি কলকাতা থেকে দিল্লির দিকে যাচ্ছিল। ডাকাতির সময় বাধা দেওয়ায়ই ট্রাক চালককে গুলি করে দুষ্কৃতীরা।

খড়িবাড়িতে ব্রাউন সুগার সহ ধৃত মাদক পাচারকারী

খড়িবাড়ি, ২৯ সেপ্টেম্বর ঃ ভারত-নেপাল সীমান্তের এসএসবির ৪১ নম্বর ব্যাটালিয়নের জওয়ানরা পেট্রোলিংয়ের সময় পানিট্যাঙ্কির নিউ মার্কেট এলাকায় ব্রাউন সুগার সহ এক মাদক পাচারকারীকে আটক করেছে। বৃহস্পতিবার রাতে সন্দেহজনকভাবে ওই যুবককে আটক করে। পুলিশ সূত্রে জানা গিয়েছে, ধৃতের নাম রোবেন বর্মন(২৩)। ধৃতের কাছ থেকে ৫২ গ্রাম ব্রাউন সুগার বাজেয়াপ্ত করা হয়েছে। রাতেই মাদকসহ ওই যুবককে এসএসবি খ।বি।ি পুলিশের হাতে তুলে দেয়। পুলিশি জিজ্ঞাসাবাদে ধৃত যুবক স্বীকার করে সে মাদক কারবারের সঙ্গে যুক্ত। মাদক পাচারের সময় এসএসবি তাকে ধরে ফেলে। শুক্রবার ধৃতকে নির্দিষ্ট ধারায় মামলা করে খড়িবাড়ি পুলিশ শিলিগুড়ি আদালতে পাঠায়। মাদক পাচারে জ।তি বাকিদের খোঁজে তল্লাশি শুরু করেছে পুলিশ।

স্বেচ্ছাসেবক অনুজকে সম্মানিত করলেন রাষ্ট্রপতি মূর্মু

নয়াদিল্লি, ২৯ সেপ্টেম্বর ঃ ন্যাশনাল সার্ভিস স্কিম (এনএসএস)-এর ৫৪ বছরের ইতিহাসে দিল্লি প্রথমবারের মত ন্যাশনাল সার্ভিস স্কিম অ্যাওয়ার্ড পেয়ে জয়ী হয়েছে। ২০২১-২২ সালের এই পুরস্কারটি দিল্লির নেতাজি সুভাষ ইউনিভার্সিটি অফ টেকনোলজির এনএসএস স্বেচ্ছাসেবক অনুজকে তাঁর অসাধারণ কৃতিত্বের জন্য দেওয়া হয়েছে। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু শুক্রবার রাষ্ট্রপতি ভবনে অনুজকে ১ লক্ষ টাকা নগদ পুরস্কার সহ রুপোর পদক প্রদান করেন। এছাড়াও শংসাপত্র ও এনএসএস পুরস্কার দিয়ে সম্মানিত করেছেন। তিনি গ্রামে বিশুদ্ধ পানীয় জলের পরিকাঠামো স্থাপনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন। এর ফলে প্রতিদিন শত শত মানুষ লাভবান হন। স্বেচ্ছাসেবক অনুজের সংগঠনের প্রধান কাজের মধ্যে রয়েছে পরিবেশ সচেতনতা, বৃক্ষরোপণ অভিযান, কোভিড-১৯ টিকাদান শিবির, স্বচ্ছ ভারত অভিযান, রক্তদান অভিযান, সুবিধাবঞ্চিত শিশুদের বস্ত্র ও বই বিতরণ। শুধু তাই নয় অনুজ, পসকো আইন, জেন্ডার সংবেদনশীলতা, প্রাপ্তবয়স্ক সাক্ষরতা এবং প্লাস্টিক মুক্ত ভারত সম্পর্কে সচেতনতামূলক কর্মশালাও পরিচালনা করেন। এছাড়াও তিনি উজ্জ্বলা যোজনা, প্রধানমন্ত্রী জন-ধন যোজনা, প্রধানমন্ত্রী জীবন বীমা যোজনা, ক্যাশলেস ইন্ডিয়া এবং ডিজিটাল সাক্ষরতার মত বিভিন্ন সরকারি প্রকল্প সম্পর্কে সচেতনতা প্রচারেও সক্রিয়ভাবে জড়িত রয়েছেন।

স্কুলে স্কুলে স্বচ্ছতাই সেবা কর্মসূচি পালন

দুরন্ত বার্তা,জয়নগর, ২৯ সেপ্টেম্বর ঃ স্বচ্ছতাই সেবা কর্মসূচিকে সামনে রেখে ডেঙ্গু প্রতিরোধে শুক্রবার জয়নগর ১ নং ব্লকের চালতাবে।িয়া গ্রাম পঞ্চায়েতের সিংহের দাড়ি স্কুলে,নারায়নীতলা পঞ্চায়েতের টি এস সনাতন হাইস্কুল,ঢোষা চন্দনেশ্বর পঞ্চায়েতের এম জি এস সি বিদ্যানিকেতন,রাজাপুর করাবেগ পঞ্চায়েতের করা বেগ চরাঘাটা হাইস্কুল, জয়নগর ২ নং ব্লকের সাহাজাদাপুর পঞ্চায়েতের চুকনগর এফ পি স্কুল সহ একাধিক স্কুলে ডেঙ্গু সচেতনতা শিবির হয়ে গেল।এদিন এই বিষয়ে স্কুল পড়ুয়াদের সচেতন করা হয়। ঝাটা হাতে এদিন পড়ুয়ারা স্কুল এলাকা পরিস্কার করেন। সচেতনতা মিছিল বের হয়। এই রোগের হাত থেকে বাঁচতে কি কি করনীয় সে বিষয়ে প।ড়ুয়াদের সচেতন করা হয় এদিন।

পূর্ণাঙ্গ পঞ্জিকা

বাঙালি পঞ্জিকা ২৯ বিআরইজি ২০ আশ্বিন ১৪৩০ বাঙ্গাব্দ সম্পূর্ণর পূর্ণাঙ্গ পঞ্জিকাপাতা, সেপ্টেম্বর (সাপ্তাহিক.) , ২৫৬৭ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশ ১৪ আশ্বিন ১৪৩০, ইন্টার সিভিল ৫ আশ্বিন ১৯৪৫, মৈতৈ ১৩ লাংবান, আসাম ৯ আহিন, দল ১২-রবিউল-আউয়াল-১৪৫জরী।ধর্মীয় পর্ব আজ মহানবির জন্মদিন (ঈদে মিলাদুন্নবি)সূর্য উদয় সকাল ০৫২৯১২ এবং অস্ত বিকাল ০৫২৪৫৩।চন্দ্র উদয় বিকাল ০৪১৩৪৮(২৭) এবং অস্তশেষ রাত্রি ০৩৫৯৫৮(২৭)।শুক্ল পার্টি।তিথি ত্রয়োদেশী (জয়া) রাত্রি ০৮৪৬৩৬ দং ৩৮১৩১৫ পর্যন্তনক্ষত্র শতভিষা সকাল ঘ ০৪২৩০৫ দং ৫৭১৩৪০ পর্যন্ত পূর্বভাদ্রপদকরণ কৌলব সকাল ঘ ০৯৫৯৪০ দং ১১১৫৫৫ পর্যন্ত পরে তৈতিল রাত্রি ০৮৪৬৬ দং ৩৮১৩১৫ পর্যন্ত পরে গরযোগ শূলঅমৃত্যু দিন ০৫২৯২৮ থেকে - ০৬১৭০১ পর্যন্ত, তারপর ০৭০৪৪৩ থেকে ০৭৫২২৬ পর্যন্ত, তারপর ১০১৫৩৪ থেকে - ১২৩৮৪২ পর্যন্ত এবং রাত্রি ০৬১৩১৬ থেকে - ০৭৪৩৩ পর্যন্ত, তারপর ০৮৩৮০৮ থেকে - ০৩০৪২৬ পর্যন্তমহেন্দ্রযোগ দিন ০৬১৭০১ থেকে- ০৭০৪৪৩ এবং রাত্রি ০১২৬২৫ থেকে - ০৩৪৯৩৩ পর্যন্ত।কুলিকবেলা দিন ১১০৩১৭ থেকে ১১৫১৫০ পর্যন্ত।কুলি করা ১০১৪২ থেকে - ১১০৩০ পর্যন্ত।বারবেলা দিন ১১২৭০৮ থেকে ১২৫৬৩৬ পর্যন্ত।কালবেলা দিন ০৮২৮১৩ থেকে ০৯৫৭৪১ পর্যন্ত।কালরাত্রি ০২ ২৮১৩ থেকে - ০৩৫৮৪৬ পর্যন্ত। গ্রস্ফুট (সূর্য উদয় সময়)রবি ৫৯৪৩৩৭ (১২) ৪ পদচন্দ্র ১০১৯২৪৫ (২৪) ৪ পদমঙ্গল ৫২৪৪৫২৭ (১৪) ১ পদবুধ ৪২৫৪২১৫ (১১) ৪ পদবৃহস্পতি ২১৪২১৪ (২) ৩ পদশুক্র ৩২৪৪৩৫১ (৫৯) ৩ পদশনি ১০৩৫৫১০ (২৩) ৪ পদরাহু ০৪০৪১ (১) ২ পদকেতু ৬৪০৪১ (১৪) ৪ পদবৃহস্পতি বক্রিশনি বক্রি।লগ্ন রাশি সকাল ০৬৫৫২৭ পর্যন্ত। তুলা রাশি সকাল ০৯০৯৩৭ পর্যন্ত। বৃহশ্চিক রাশি সকাল ১১২৫২১ পর্যন্ত। ধনু রাশি দুপুর ০১৩০৩৯ পর্যন্ত। মকর রাশি দুপুর ০৩১৭৩৩ পর্যন্ত।

রাশিফল

মেষ-গুরুজনের শরীর নিয়ে একটু চিন্তিত হতে হবে আপনাকে। চাকুরিজীবীদের আয়ের বাড়তি উস থাকবে। সঞ্চিত সম্পদ বৃদ্ধি হবে।
বৃষ-আজ শুরুটা খুব শুভ হতে চলেছে। এই সময়ে, আপনার পরিকল্পিত কাজ সময়মতো হয়ে যাবে।
মিথুন-সাফল্যের সময় শুরু হবে। পরিকল্পিত কাজ শেষ করার জন্য আপনাদের অলসতা দূর করতে হবে।
কর্কট- শুরুতে কাউকে এমন কোনোও প্রতিশ্রুতি দেবেন না। যা ভবিষ্যতে পূরণ করতে সমস্যায় পড়তে হবে।
সিংহ-কোনোও প্রভাবশালী ব্যক্তির সহায়তায় দীর্ঘদিন ধরে অমীমাংসিত কাজ সম্পন্ন হবে। যার কারণে আপনার মন খুব খুশি হবে। জমি ও বাড়ি ক্রয়-বিক্রয়ের ইচ্ছা পূরণ হতে পারে।
কন্যা-সতর্ক থাকতে হবে। অন্যথায় আপনাকে অপ্রয়োজনীয় সমস্যার সম্মুখীন হতে হতে পারে। সপ্তাহের শুরুতে আপনার কর্মক্ষেত্রে কারোর সঙ্গে তর্ক করা এরিয়ে চলতে হবে।
তুলা-কিছু সমস্যা নিয়ে শুরু হতে পারে, কিন্তু শেষার্ধে তারা কাঙ্খিত সুখবরে ভালো ফল পাবেন। এমন পরিস্থিতিতে, কোনোও অবস্থাতেই আপনার ধৈর্য ও বিচক্ষণতা হারাবেন না।
বৃশ্চিক- অন্যথায় এই তিনটিই আপনার মাথাব্যথার কারণ হতে পারে। সপ্তাহের শুরুতে, আপনাকে বাড়ির মেরামত বা বিলাসবহুল জিনিসগুলিতে পকেট থেকে আরও বেশি অর্থ ব্যয় করতে হতে পারে।
ধনু-আপনি পেশা এবং ব্যবসা সম্পর্কিত কিছু ভালো খবর শুনতে পারেন। যারা চাকরি খুঁজছেন তারা কাঙ্ক্ষিত সুযোগ পাবেন।
মকর-শুভানুধ্যায়ীদের সাহায্যে পরিকল্পিত কাজ সময়মতো শেষ হবে। কর্মক্ষেত্রে সিনিয়র ও জুনিয়র উভয়ই আপনার প্রতি সদয় হবেন।
কুম্ভ-শুরুটা কিছু সমস্যা দিয়েই কাটবে। এই সপ্তাহে আপনাকে পারিবারিক-সম্পর্কিত সমস্যার সমাধান খুঁজতে একটু বেশি দৌড়াতে হতে পারে।
মীন-কোনও কাজে তাড়াহুড়ো করা এড়িয়ে চলুন এবং কোনও কাগজে সঠিকভাবে না পড়ে এবং না বুঝে সই করবেন না।

ঢুকেছে প্রচুর ইলিশ, তাও পদ্মার ইলিশকে পাশ কাটাচ্ছেন ক্রেতারা

দুরন্ত বার্তা, কলকাতা, ২৯ সেপ্টেম্বর ঃ দুর্গোপুজোর আগে কয়েক টন ইলিশ পশ্চিমবঙ্গে এসেছে। তাও ইলিশের বাজার তেমন ভাল যাছে না। দাম দেখে পদ্মার ইলিশে হাত দিচ্ছে না ক্রেতারা। ফলে ইলিশের মরসুমে কলকাতা-সহ সারা বঙ্গে চাহিদা বাড়ছে কম দামি সামুদ্রিক ইলিশের। ব্যাপক আর্থির ক্ষতির আশঙ্কায় দুই বাংলার আমদানি এবং রফতানির বরাত পাওয়া মৎস্য ব্যবসায়ীরা।

বেনাপোল আন্তর্জাতিক স্থলবন্দর দিয়ে পদ্মার ইলিশ পৌঁছোয় রাজ্যে। সেখান থেকে হাওড়া-সহ পাইকারি বাজার হয়ে আমদানি হওয়া ইলিশ পৌঁছে যায় জেলার বাজারগুলিতে। আগামী ১০ অক্টোবর পর্যন্ত এই ইলিশ রফতানি চলবে। দুর্গাপুজোকে সামনে রেখে মোট ২ হাজার ৮০ মেট্রিক টন ইলিশ ভারতে রফতানির কথা। বাংলাদেশের মোট ৫২ জন রফতানিকারক এই ইলিশ রফতানির বরাত পেয়েছেন। তাঁরা প্রত্যেকে ৪০ থেকে ৫০ টন পর্যন্ত ইলিশ রফতানি করতে পারবেন বলে বাংলাদেশ মৎস্য দপ্তর সূত্রে খবর। এর মধ্যে সমস্যা হয়েছে ভিন্ন। ভারতে ইলিশ রফতানির আগে রফতানি হতে পারে' এই খবরেই বাংলাদেশে রুপোলি শস্যের দাম বাড়ছিল। আর ওই ইলিশ যখন এ রাজ্যের বাজারে এসে পৌঁছোচ্ছে, তা মধ্যবিত্ত ক্রেতার ধরাছোঁয়ার বাইরে চলে যাচ্ছে।

বাংলাদেশের রাজধানী ঢাকার কারওয়ান বাজারে সপ্তাহ জুড়ে ইলিশের দাম আকাশছোঁয়া। খুচরো বাজারে ইলিশের সরবরাহ কমে যাওয়া এর অন্যতম কারণ বলে জানাচ্ছেন ঢাকার ইলিশ ব্যবসায়ীরা। ভারতের রফতানি শুরু হওয়ার পর থেকে বাংলাদেশে ইলিশের দাম বো।ে কিছুটা এমন হয়েছে কেজি প্রতি ছোট ইলিশের দাম বেড়েছে ৩০০ থেকে ৪০০ টাকা। বড় ইলিশের দাম বৃদ্ধি পেয়েছে ৬০০ থেকে ৭০০ টাকা।

বাংলাদেশ থেকে প্রধানত হাওড়া, শিয়ালদহ এবং পাটিয়াপুকুর পাইকারি বাজারে ইলিশ যায়। সেখান থেকে কলকাতা-সহ দেশের বিভিন্ন খুচরো বাজারে ইলিশ বিক্রি হয়। তবে বাংলাদেশ থেকে আমদানি করা ইলিশ নিয়ে খুশি নয় এখানকার মৎস্য ব্যবসায়ীরা। এখানে ১ কেজি কিংবা তার বেশি ওজনের বাংলাদেশি ইলিশ বিক্রি হচ্ছে ২,০০০ থেকে ২,২০০ টাকায়। স্বাভাবিক ভাবেই সাধারণ ক্রেতারা বাংলাদেশি ইলিশ থেকে মুখ ফিরিয়ে নিয়েছেন।

এ ব্যাপারে, ফিশ ইম্পোর্টার্স অ্যাসোসিয়েশন'-এর সম্পাদক সৈয়দ আনোয়ার মাকসুদ বলেন, বাংলাদেশের বাজারে যে দামে পদ্মার ইলিশ বিক্রি হচ্ছে, এত খরচ করে এ দেশে এনে সেই দাম পাওয়া যাচ্ছে না।'' তাঁর সংযোজন, এই বছরের অভিজ্ঞতা পরের বছরগুলোতে ইলিশ আমদানির ক্ষেত্রে অন্তরায় হতে পারে।''

বিমানবন্দর-মেট্রোর প্রায় ১৯৬ মিটার দীর্ঘ সাবওয়ে লবির একাংশের ঢালাই পর্ব শেষের পথে

দুরন্ত বার্তা , কলকাতা, ২৯ সেপ্টেম্বর ঃঃ বিমানবন্দর-মেট্রোর প্রায় ১৯৬ মিটার দীর্ঘ সাবওয়ে নির্মাণ সম্পূর্ণ হল। ওই মেট্রোপথে বিমানবন্দর সংলগ্ন জয় হিন্দ স্টেশনের সঙ্গে মূল বিমানবন্দর টার্মিনালের সংযোগকারী সাবওয়ের একেবারে উপরতলায় ঢালাইয়ের কাজ সম্পূর্ণ শেষ করেছেন মেট্রো কর্তৃপক্ষ। প্রায় ১৯৬ মিটার দীর্ঘ সাবওয়ে লবির একাংশের ঢালাই এই পর্বে শেষ হয়েছে। ওই অংশের দৈর্ঘ্য ২৩ মিটার এবং প্রস্থ ২২ মিটার। ফলে মেট্রো স্টেশনের সঙ্গে বিমানবন্দরের মূল টার্মিনালের যোগাযোগ মসৃণ হবে। মেট্রো সূত্রের খবর, প্রায় ১৫৫ টন ইস্পাত ও ৪২৫ ঘনমিটার কংক্রিট ব্যবহার করে সাবওয়ের ঢালাই করা হয়েছে। প্রায় ২০ ঘণ্টা টানা কাজ চলেছে। মেট্রো রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র এই কাজ দ্রুত শেষ করতে পারার জন্য বিমানবন্দর কর্তৃপক্ষের সহযোগিতা এবং পূর্ত দফতর, সিইএসসি ও রাজ্য বিদ্যুৎ বণ্টন সংস্থাকে ধন্যবাদ জানিয়েছেন। নতুন ওই স্টেশনকে আন্তর্জাতিক মানের করে গড়ে তুলতে মেট্রোপথে ৯৬ মিটার দীর্ঘ ওয়াকালেটর (সমতলে চলমান পথ) বসানো হচ্ছে। এর ফলে যাত্রীদের বিমানবন্দরে পৌঁছে দেওয়া সহজ হবে।

উত্তর পূর্ব রেলওয়ের স্বর্ণপদক প্রদান অনুষ্ঠান

২৯ সেপ্টেম্বর ঃ উত্তর পূর্ব রেলওয়ের প্রধান কর্মকর্তা, বিপিন কুমার সিং, সহকারী নিরাপত্তা কমিশনাররেলওয়ে সুরক্ষা বাহিনী প্রশিক্ষণ কেন্দ্র, গোরখপুর, শ্রী সন্তোষ লাল হাঁসদাকে স্বর্ণপদক প্রদান করেছেন, যিনি এমাসে অবসর নিয়েছেন। পার্সোনেল বিভাগের সভা কক্ষে আয়োজিত অন্য একটি অনুষ্ঠানে, প্রধান কর্মী কর্মকর্তাপ্রশাসন অবধেশ কুমার এমাসে অবসর নেওয়া ১৪ নন-গেজেটেড রেলওয়ে কর্মচারীদের স্বর্ণ পদক, সেটেলমেন্ট অ্যামাউন্ট ফর্ম এবং পরিষেবা শংসাপত্র প্রদান করেন। এই অনুষ্ঠানে সিনিয়র পার্সোনেল অফিসারহেড কোয়ার্টার্স শ্রী অনিরুধ প্রসাদ, পার্সোনেল অ্যান্ড অ্যাকাউন্ট স বিভাগের আধিকারিক, ইউনিয়নের আধিকারিক এবং অবসরপ্রাপ্ত রেল কর্মচারীদের পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন।

শিশুযাত্রীদের জন্য মেট্রোরেলের পক্ষ থেকে নেওয়া হচ্ছে স্পেশাল ব্যবস্থা

দুরন্ত বার্তা , কলকাতা, ২৯ সেপ্টেম্বর ঃ এবার শিশুযাত্রীদের এক দারুন উদ্যোগ নিল মেট্রোরেল কতৃপক্ষ। এবার থেকে শিশুযাত্রীদের জন্য মেট্রোর ডিসপ্লেবোর্ডে কার্টুন দেখানো হবে। উত্তর-দক্ষিণ মেট্রোর মেধা রেকের ভিতরে ডিজিটাল ডিসপ্লে স্ক্রিনগুলি, যা শুধুমাত্র স্টেশনের নাম এবং রুট ম্যাপ দেখাত, এখন কার্টুন শো-গুলির মতো শো দেখানো শুরু করল। মেট্রো যাত্রীদের ভ্রমণের একঘেয়েমি থেকে মুক্তি পেতে এবং মেট্রো ভ্রমণ উপভোগ করতে সহায়তা করবে।

প্রথম দিনেই যাত্রীরা শোটি পুরোপুরি উপভোগ করেছেন এবং মেট্রো রেলওয়ে কর্তৃপক্ষের প্রশংসা করেছেন। উত্তর-দক্ষিণ মেট্রোতে নিয়মিত যাতায়াতকারী শিক্ষার্থীদের অভিভাবকরা এই উদ্যোগের প্রচুর প্রশংসা করেছেন এবং তাদের ধন্যবাদ জানাতে মেট্রো কর্মকর্তাদের ফোন করেছেন। প্রেস বিজ্ঞপ্তিতে মেট্রো কর্তৃপক্ষ জানিয়েছে, নতুনভাবে ডিজাইন করা এই এসি রেকগুলি চেন্নাইয়ের ইন্টিগ্রাল কোচ ফ্যাক্টরিতে তৈরি হবে। বাংলার ব্রাইডাল এবং টেরাকোটা শিল্পকর্ম থেকে অনুপ্রেরণা নিয়ে এই রেকগুলি ডিজাইন করা

হচ্ছে। যাত্রীদের চাহিদার কথা মাথায় রেখে এই রেকের প্রতিটি কোচে স্থানীয় শিল্প ও কারুশিল্প তুলে ধরা হবে। এছাড়া প্রতিটি কোচের দুই পাশে থাকবে ইউএসবি চার্জিং পোর্ট।এই রেকগুলির সবচেয়ে. অন্যতম বৈশিষ্ট্য হল এক কোণে দাঁড়ানো আসনের ব্যবস্থা, যেখানে স্থান সীমিত। বিমানবন্দরগামী যাত্রীরা এই আসনগুলির নীচে তাদের লাগেজ রাখতে পারবেন। পাশাপাশি যাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য ও মেট্রো যাত্রা আরও আরামদায়ক করা জন্য থাকছে বিশেষ হ্যান্ডেল, অ্যান্টি-স্কিড ফ্লোরিং এবং অগ্নি নির্বাপক ব্যবস্থা। এছাড়া জরুরি কোনও পরিস্থিতিতে, যাত্রীরা 'টক টু ড্রাইভার ইউনিট'-এর মাধ্যমে মোটরম্যানের সঙ্গে সরাসরি যোগাযোগ করা যাবে।

বেশ কয়েকটি ট্রেন বাতিল কলকাতা ও হাওড়া স্টেশন থেকে

দুরন্ত বার্তা, কলকাতা, ২৯ সেপ্টেম্বর ঃ শুক্রবার বেশ কয়েকটি ট্রেন বাতিল হল কলকাতা ও হাওড়া স্টেশন থেকে। বঃেদ ভারত ট্রেনের সময় বদল হবে বলে আগেই জানানো হয়েছিল, এবার পঞ্জাবে চলা বিক্ষোভের কারণে বাতিল হয়ে গেল একাধিক দূরপাল্লার ট্রেন। বেশ কিছু ট্রেনের রুটও পরিবর্তন করা হয়েছে। বৃহস্পতিবার থেকে রেল রোকো কর্মসূচি শুরু করেছেন পঞ্জাবের কৃষকদের একাংশ। তার জেরে বন্ধ রয়েছে ফিরোজপুর ও অম্বালা ডিভিশনের লাইন। অমৃতসরে এই আন্দোলনে যোগ দিয়েছে ১৯টি কৃষক সংগঠন। তার জেরে বন্ধ করে দেওয়া হয়েছে অমৃতসর-দিল্লি রেল লাইন। অন্তত ৯১টি ট্রেনের পরিষেবায় প্রভাব পড়েছে বলে রেল সূত্রে খবর। কিছু ট্রেন বাতিল করা হয়েছে, বেশ কয়েকটি ট্রেনের রুট বদলে দেওয়া হয়েছে। তারই প্রভাব পড়েছে কার্যত গোটা দেশ জুড়ে। ওই সব লাইনের ওপর দিয়ে যায়, এমন বেশ কয়েকটি ট্রেন বাতিল করা হয়েছে। কলকাতা স্টেশন থেকে বাতিল হয়েছে জম্মু তাওয়াই এক্সপ্রেস ১৩১৫১। শিয়ালদহ স্টেশন থেকে বাতিল হয়েছে অমৃতসর এক্সপ্রেস ১২৩৭৯ এছাড়া হাওড়া স্টেশন থেকে অমৃতসর এক্সপ্রেস ১৩০০৫ ও হাওড়া কালকা নেতাজি এক্সপ্রেস ১২১৩১১ বাতিল করা হয়েছে। জানা গিয়েছে, রেল রোকো আঃেদালনের কারণে জাখাল জংশন, ধুরি জংশন, লুধিয়ানা জংশন, রাজপুরা জংশন, ভাতিন্ডা জংশনে ট্রেন চলাচল ব্যাহত হয়েছে। অমৃতসর জংশন থেকে কোনও ট্রেন ছাড়ছে বা কোনও ট্রেন ওই জংশনে যাচ্ছেও না। ফলে সমস্যায় পড়েছেন বহু সাধারণ যাত্রী। সম্প্রতি বন্যায় কৃষিকাজের যে ক্ষতি হয়েছে, তার জন্য আর্থিক প্যাকেজের দাবি জানিয়ে চলছে আন্দোলন। এছাড়া এমএসপি ও ঋণ মকুবের দাবিও রয়েছে সংগঠনগুলির।

সীমান্তে মুখ ঝলসানো তরুণীর দেহ, ৭২ ঘণ্টার মধ্যে গ্রেফতার দালাল

দুরন্ত বার্তা, উত্তর ২৪ পরগনা, ২৯ সেপ্টেম্বর ঃ কাকরোল ক্ষেতের মধ্যে হাত পা বাঁধা, গলার নলি কাটা অবস্থায় পড়েছিল দেহ। যুবতীর মুখের এক পাশ পোড়া ছিল। বসিরহাটের এক সীমান্ত এলাকায় মঙ্গলবার ওই যুবতীর বীভস দেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়ায়। প্রথম থেকেই এই ঘটনায় দালালচক্রে তত্ত্ব উঠে আসছিল। ৭২ ঘণ্টার মধ্যেই শুক্রবার সেই খুনের কিনারা করল পুলিশ। তদন্তে জানা গিয়েছে, মৃত যুবতী আদতে বাংলাদেশি। তাঁর বাড়ি বাংলাদেশের ঢাকার কাছে শ্যামপুরে। নিছার আলি মোল্লা নামে এক দালালকে গ্রেফতার করে পুলিশ। ধৃতের বাড়ি স্বরূপনগরের বিথারী-হাকিমপুর গ্রাম পঞ্চায়েতের নন্দীবাড়ি গ্রামে। ওই যুবতীর কাছ থেকে উদ্ধার মোবাইল ফোন, পোশাক, বাংলাদেশি ঠিকানা ও রক্তের নমুনা সহ মাটি সংগ্রহ করে বসিরহাট পুলিশ জেলার স্পেশাল অপারেশন গ্রুপের একটি দল। বিষয়টি নিয়ে করছিলেন। বিষয়টি হাই কমিশনারের সঙ্গে আলোচনা হয়েছে। মৃত যুবতীর পরিবারের

সঙ্গে যোগাযোগের চেষ্টা চলছে। বসিরহাট পুলিশ জেলার পুলিশ সুপার জবি থমাস কে. জানিয়েছেন, মুম্বইতে দীর্ঘদিন ধরে বিউটি পার্লারে কাজ করতেন ওই যুবতী। সেখান থেকে মোটা অর্থ নিয়ে অবৈধভাবে বাংলাদেশে যাওয়ার চেষ্টা মনে করা হচ্ছে টাকা হাতাতেই পরিকল্পনা করে খুন করা হয়েছে তাঁকে। এই খুনে আরও কেউ জড়িত রয়েছে কিনা, তা খতিয়ে দেখছে পুলিশ।

পঞ্চায়েতে বিজেপিকে ভোট দেওয়ায় সাঁকো কেটে দেওয়ার অভিযোগ

বনস্পতি দে, খানাকুল,২৯ সেপ্টেম্বর ঃ পঞ্চায়েতে বিজেপিকে ভোট দেওয়ার কারণে যোগাযোগের সাঁকো কেটে দেওয়ার অভিযোগ তৃণমূলের বিরুদ্ধে। নদীর উপর বাঁশের সাঁকো। সেই সাঁকোই করাত দিয়ে কেটে দেওয়ার অভিযোগ উঠল শাসকদলের স্থানীয় নেতা-কর্মীদের বিরুদ্ধে। খানাকুলের বালিগোড়ি গ্রামে এই ঘটনাকে কেন্দ্র করে ক্ষোভে ফুঁসছেন এলাকার লোকজন। ঘটনাস্থলে যান বিজেপির বিধায়ক। এলাকা ঘুরে তিনিও তৃণমূলকে কাঠগড়ায় তোলেন। যদিও পাল্টা তৃণমূলের দাবি, বর্ষায় জলের তোড়ে সাঁকোটি ভেঙে গিয়েছে। বিপর্যয় ছাড়া কিছুই নয়। অকারণে এই ঘটনায় রাজনীতির রং লাগানো হচ্ছে। বিধানসভা ও পঞ্চায়েত নির্বাচনে খানাকুল-২ ব্লক এলাকার নতিবপুর-১ পঞ্চায়েতে তৃণমূল জেতে। নতিবপুর-২ পঞ্চায়েত দখল করে বিজেপি। খানাকুলের বালিগো।িগ্রামের বাসিঃদারা জানান, এই দুই গ্রামপঞ্চায়েতের মাঝখান দিয়ে বয়ে গিয়েছে মুণ্ডেশ্বরী নদী। তার উপরই বাঁশের সাঁকো। সেই সাঁকো রাতের অন্ধকারে নদীতে জল বাড়ার সুযোগ নিয়ে ভেঙে দেওয়া হয়েছে বলে অভিযোগ। বিজেপিকে ভোট দেওয়ার কারণে এমনটা ঘটানো হয়েছে বলে দাবি এলাকার বাসিঃদাদের। তাঁদের অভিযোগ, গ্রামের মানুষ যাতায়াত করতে পারছেন না। বুড়ো-বাচ্চাদের নিয়ে আরও সমস্যা হচ্ছে। খানাকুলের বিজেপি বিধায়ক সুশান্ত ঘোষ বলেন, গ্রামবাসীরা বলছেন ব্রিজটা কেটে দেওয়া হয়েছে। রাতের অন্ধকারে ব্রিজের একটা অংশ কেটে দেওয়া হয়। আর তার জেরেই জলের হালকা স্রোতে বাকিটা ভেসে যায়। আমিও ওখানে গিয়ে দেখেছি, চারপাশে কাঠের গুঁড়ো ছড়ানো। মেশিন দিয়ে কাটা হয়েছে। খানাকুল থানার ওসিকে জানিয়েছি দ্রুত ব্যবস্থা নিতে হবে। এখানে বিজেপির পঞ্চায়েত। মানুষের কাছে ভুল বার্তা দিতেই এসব করছে। একটা চক্র কাজ করছে। স্থানীয় কিছু তৃণমূল নেতাও তাতে জড়িয়ে। যদিও তৃণমূলের ব্লক সম্পাদক বিপ্লব লহরীর কথায়, এটা একেবারে ভিত্তিহীন কথা। ডিভিসি জল ছেড়েছে। সেই জলের তোড়ে ব্রিজটা ভাসিয়ে নিয়ে গিয়েছে। ব্রিজটা ভগ্নপ্রায়ই ছিল। তৃণমূল এসব কেন করতে যাবে? রাজনীতি করতে আমাদের ঘাড়ে ঠেলছে বিজেপি। তৃণমূল কোনওদিনই এসব চায় না। মানুষের যাতে সুবিধা হয়, তার জন্যই তৃণমূল কাজ করে। সুশান্ত ঘোষ এটা নিয়ে রাজনীতি করছেন।

বেআইনি প্রমোটিংয়ের অভিযোগ তুলে আক্রান্ত অভিযোগকারীরা

শ্রেয়া আদক, হাওড়া, ২৯ সেপ্টেম্বর ঃ বেআইনি প্রমোটিংয়ের অভিযোগ তুলে আক্রান্ত অভিযোগকারীরা, হাও।ার শিবপুর কাজীপাড়ায় উত্তেজনা। এই ঘটনায় প্রমোটারের লোকজনের বিরুদ্ধে হামলার অভিযোগ উঠেছে। শিবপুরের কাজীপাড়া এলাকার জি টি রোডের এই ঘটনায় চাঞ্চল্য ছড়িয়ে পড়েছে। অভিযোগ, ধারাল অস্ত্র ও আগ্নেয়াস্ত্র নিয়ে হামলায় আহত হয়েছেন তিনজন। মাথায় ধারালো অস্ত্রের কোপ মারা হয় স্কুলের এক প্রধান শিক্ষককে। তাঁকে বাঁচাতে এসে আক্রান্ত হন আরও ২ জন। ঘটনার পর আহতদের নিয়ে আসা হয় হাওড়া জেলা হাসপাতালে। অভিযোগের তীর প্রমোটার ও তার লোকজনদের বিরুদ্ধে। অভিযোগ এলাকায় অন্যের জমিতে প্রমোটিং নিয়ে আরটিআই করেন সেখানকার বাসিন্টারা। সেই কারণেই হামলা বলে দাবি আক্রান্তদের। এই ঘটনার পর থেকেই পলাতক অভিযুক্তরা। এলাকায় এই ঘটনায় উত্তেজনা ছড়িয়ে পড়েছে।

কলাছড়া মাদ্রাসার পাশে বজ্রপাত,অসুস্থ বেশ কয়েকজন ছাত্রী

দুরন্ত বার্তা হুগলি, ২৯ সপ্টেম্বর ঃ আজ দুপুর থেকেই হুগলি জেলা জু।ে বজ্র বিদ্যু সহ ব্যাপক বৃষ্টি শুরু হয়। দুপুর সাড়ে তিনটে নাগাদ হরিপালের জেজুর অঞ্চলের কলাছড়া হাই মাদ্রাসা স্কুলের পাশে একটি গাছে বজ্রপাত হয়।সেই সময় স্কুল চলছিল। যেখানে বজ্রপাত হয় তার পাশেই একটি ঘরে বেশ কয়েকজন ছাত্রী ছিল সেসময়। বজ্রপাতের প্রচন্ড শব্দ ও আলোর ঝলকানি তে অসুস্থ হয়ে প্রায় কুড়ি জন ছাত্রী।বাকি পড়ুয়াদের চিকার চঁচোমেচিতে আতঙ্ক ছড়ায়।তড়িঘড়ি তিনটি অ্যাম্বুলেন্স ডেকে হরিপাল গ্রামীন হাসপাতালে নিয়ে যায় স্কুল কর্তৃপক্ষ।তের জন ছাত্রীকে ভর্তি করা হয়। তাদের মধ্যে একজন ঘটনার সময় জ্ঞান হারিয়েছিল। পরে অবশ্য সে সুস্থ হয়ে ওঠে। ঘটনার খবর পেয়ে হাসপাতালে হাজির হন ব্লক আধিকারিক সহ প্রশাসনিক কর্তারা। ছাত্রী দের দেখতে হাসপাতালে আসেন হরিপাল বিধায়ক করবি মান্না। মাদ্রাসার শিক্ষক আব্দুল আলিম বলেন,তখনো স্কুল ছুটি হয়নি,খুব বাজ প।ছিল। হঠাৎ স্কুলের গেটের পাশে একটি বাজ পরে। আর তাতেই আতঙ্ক ছ।ায়।অনেক ছাত্রী অসুস্থ হয়ে পরে।কান্না কাটি শুরু করে দেয় অনেকে।তাদের তাড়াতাড়ি হরিপাল হাসপাতালে নিয়ে আসা হয়। এখন সবাই ঠিক আছে। তবে এই ঘটনায় প্যানিক তৈরী হওয়ায়।বাড়ি গিয়ে কয়েকজন পড়ুয়া অসুস্থ বোধ করে। তাদেরও হাসপাতালে নিয়ে যাওয়া হয়। থেকে প্রকাশ মন্ডলের রিপোর্ট।

ইস্টার্ন রেলওয়ে আজ থেকে কার্যকর হওয়ার জন্য নতুন টাইম টেবিল উন্মোচন করেছে

কলকাতা, ২৯ সেপ্টেম্বর ঃ পূর্ব রেলওয়ে তার ট্রেনের সময় সারণীতে একটি গতিশীল এবং ব্যাপক আপডেট ঘোষণা করতে পেরে রোমাঞ্চিত, যা ০১.১০.২০২৩ তারিখ থেকে কার্যকর হবে। এই অধীর আগ্রহে প্রত্যাশিত সংশোধন ট্রেনের সময়ের বড় উন্নতি এবং মেলএক্সপ্রেস ট্রেনের গতিতে একটি অভূতপূর্ব উন্নতি এনেছে, যা পূর্বাঞ্চলে ব্যতিক্রমী রেল পরিষেবা প্রদানের প্রতি আমাদের প্রতিশ্রুতির একটি উল্লেখযোগ্য মাইলফলক চিহ্নিত করেছে। সারা বছর ধরে নিবেদিত রক্ষণাবেক্ষণের কাজ এবং পূর্ব

রেলের বিভিন্ন বিভাগে ৩য় ৪র্থ লাইন চালু করার জন্য ধন্যবাদ, যাত্রীরা দ্রুত এবং আরও দক্ষ ট্রেন যাত্রার জন্য অপেক্ষা করতে পারেন। অবকাঠামো এবং ট্র্যাকগুলির আপগ্রেডগুলি ভ্রমণের সময়কে উল্লেখযোগ্যভাবে হ্রাস করবে, রেল ভ্রমণ এবং আরও আকর্ষণীয় বিকল্পগুলি তৈরি করবে। মেলএক্সপ্রেস, যাত্রীবাহী ট্রেন এবং লোকাল ট্রেনের সময় বড় পরিবর্তনের পাশাপাশি নতুন ট্রেনের প্রবর্তন, ডাইভারশন, সময় পরিবর্তন, ফ্রিকোয়েন্সি বৃদ্ধি ইত্যাদি যা নতুন সময় সারণীতে অন্তর্ভুক্ত করা হয়েছে।

গাইঘাটায় নিহত বিজেপি প্রৌঢ়ার বাড়িতে গেলেন শান্তনু ঠাকুর

দুরন্ত বার্তা, উত্তর ২৪ পরগনা, ২৯ সেপ্টেম্বর ঃ গাইঘাটার মানিকহীরা দেশপাড়ায় খুন হওয়া বিজেপি সমর্থকের বাড়িতে গেলেন কেন্দ্রীয় জাহাজ প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর ও বিজেপির বনগাঁ সাংগঠনিক জেলার সভাপতি দেবদাস মণ্ডল। শুক্রবার তাঁরা নিহতের পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলেন। ওই পরিবার বিজেপি সমর্থক। অভিযোগ, এই কারণে তাঁদের গালিগালাজ করা হয়েছে। এর প্রতিবাদ করায় বুধবার রাতে ৬২ বছরের প্রৌঢ়াকে বাঁশ দিয়ে মারা হয়। বৃহস্পতিবার তিনি মারা যান। এই ঘটনায় রাজনৈতিক রং লাগতেই তেতে ওঠে উত্তর ২৪ পরগনার গাইঘাটার মানিকহীরা দেশপাড়া এলাকা! গ্রামবাসীর একাংশের রোষ আছড়ে পড়ল বনগাঁ সাংগঠনিক জেলা যুব তৃণমূলের সভাপতি ও গাইঘাটা পঞ্চায়েত সমিতির পূর্ত কর্মাধ্যক্ষ নিরুপম রায়ের বাড়িতে ! অভিযুক্ত তৃণমূলকর্মীকে গ্রেফতার করেছে গাইঘাটা থানার পুলিশ।

কর্মী সংকটের জেরে পুজোর ভিড় সামলাতে বাড়ছে স্বেচ্ছাসেবক

দুরন্ত বার্তা , কলকাতা, ২৯ সেপ্টেম্বর ঃ এক ধাক্কায় প্রায় পাঁচ হাজার স্বেচ্ছাসেবক বা।াতে চলেছে কলকাতা পুলিশ। এক তো ব্যাপক কর্মী-সঙ্কট তার উপ্র পুজোতে যে পরিমান ভি। থাকে তা সামাল দিতেই এই পদক্ষেপ বলে জানা গিয়েছে। পুজোর দিনগুলিতে রাস্তায় দর্শনার্থীদের ভিড় নিয়ন্ত্রণ করে যান চলাচল স্বাভাবিক রাখতে অন্যতম ভরসা হতে যাচ্ছেন কলকাতা পুলিশের এই স্বেচ্ছাসেবকেরা। কিন্তু সংখ্যা বাড়লেও প্রশিক্ষণহীন স্বেচ্ছাসেবকদের দিয়ে আদৌ ভিড় নিয়ন্ত্রণ করা যাবে কি?লালবাজার সূত্রের খবর, প্রতি বছর পুজোকে কেন্দ্র করে দৈনিক নির্দিষ্ট মজুরির ভিত্তিতে রাস্তায় স্বেচ্ছাসেবক মোতায়েন করে কলকাতা পুলিশ। এ বছর পুজোয় মহিলা ও পুরুষ মিলিয়ে মোট ১৫ হাজার স্বেচ্ছাসেবক রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে লালবাজারের তরফে। গত বছর এই সংখ্যাটা ছিল ১০ হাজার। তবে এ বছর সেই সংখ্যা বাড়ানো হচ্ছে বলে লালবাজার সূত্রের খবর। ইতিমধ্যেই স্বেচ্ছাসেবকদের জন্য ১৮ হাজার গেঞ্জি এবং টুপি বানানোর বরাত দিয়েছে কলকাতা পুলিশ।জানা গিয়েছে, মহালয়ার পর থেকেই পুলিশকর্মীদের পাশাপাশি এই স্বেচ্ছাসেবকদের রাস্তায় নামানোর পরিকল্পনা রয়েছে। মূলত, রাতের শহরে পুজো মণ্ডপগুলিতে জনস্রোত নিয়ন্ত্রণ করতেই তাঁদের কাজে লাগানো হবে।এমনিতেই গত কয়েক বছরে নতুন করে বাহিনীতে নিয়োগ না হওয়ায় কলকাতা পুলিশে নিচুতলার কর্মীর সংখ্যা হু হু করে কমেছে প্রায় আট হাজার। লালবাজার সূত্রের খবর, আপাতত বাহিনীতে মোট কর্মী আছেন প্রায় ১৪ হাজার। বিপুল পরিমাণে কর্মী-সঙ্কট থাকার কারণেই পুজোর ভিড় সামলাতে আরও বেশি সংখ্যায় স্বেচ্ছাসেবককে কাজে লাগানোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানাচ্ছেন লালবাজারের পুলিশকর্তাদের একাংশ।উল্লেখ্য, পুজোর ক'দিন রাস্তায় ভিড় সামলাতে শুধু স্বেচ্ছাসেবকেরাই থাকবেন, এমন নয়। রাস্তায় পর্যাপ্ত পরিমাণে পুলিশ ও উইনার্স বাহিনীর সদস্যেরা মোতায়েন থাকবেন। পুলিশের অন্য বাহিনীকেও প্রস্তুত রাখা হবে। স্বেচ্ছাসেবকদের কাজ দেখাশোনার জন্য তাঁদের সঙ্গেও পুলিশের আধিকারিকেরা থাকবেন। পুজোর ভিড় দক্ষ হাতে সামলে নির্বিঘ্নে উৎসব সামলাতে প্রস্তুত কলকাতা পুলিশ।

দু'দিন ধরে ভারী বৃষ্টির পূর্বাভাস কলকাতা-সহ দক্ষিণের প্রায় সব জেলায়

দুরন্ত বার্তা, কলকাতা, ২৯ সেপ্টেম্বর ঃ শুক্র এবং শনিবার ভারী বৃষ্টি হতে পারে কলকাতা-সহ দক্ষিণের বেশ কিছু জেলায়। সঙ্গে বইতে পারে ঝোড়ো হাওয়া। রবিবারও হতে পারে বিক্ষিপ্ত বৃষ্টি। তবে উত্তরের জেলাগুলিতে শুক্র এবং শনিবার বৃষ্টির পূর্বাভাস নেই। আলিপুর আবহাওয়া দফতর সূত্রের খবর, আসন্ন সপ্তাহান্তেও নির্বিঘ্নে পুজোর বাজার সারতে পারবেন না কলকাতা-সহ দক্ষিণের বেশ কয়েকটি জেলার বাসিঃদারা। মাথায় হাত ব্যবসায়ীদেরও। শনিবার পূর্ব এবং পশ্চিম মেদিনীপুর, ঝাড়গ্রামে ভারী থেকে অতি ভারী বৃষ্টি হতে পারে। ওই তিন জেলায় জারি করা হয়েছে কমলা সতর্কতা। শনিবার ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে কলকাতা, হাওড়া, দক্ষিণ ২৪ পরগনা, বাঁকুড়া, পুরুলিয়া, হুগলি, পূর্ব বর্ধমান। রবিবার ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে মুর্শিদাবাদ, বীরভূম, পূর্ব এবং পশ্চিম বর্ধমান।

গৃহবধূর মৃত্যুকে ঘিরে চাঞ্চল্য

উজ্জ্বল বন্দ্যোপাধ্যায়,জয়নগর, ২৯ সেপ্টেম্বর ঃ বকুলতলা থানা এলাকার ফুটিগোদার এক গৃহবধূর মৃতদেহ উদ্ধার করলো বকুলতলা থানার পুলিশ শুক্রবার। শুক্রবার বকুলতলা থানার ফুটিগোদার শ্রীরামপুর রায়পাড়া এলাকায় প্রিযাঙ্কা ঘোষ(২৬) নামে এক গৃহবধূর শশুর বাড়িতে গলায় দড়ি দিয়ে মৃত্যুর ঘটনা ঘটে। পুলিশ গিয়ে মৃতদেহ উদ্ধার করে নিয়ে আসে। মৃতের বাপের বাড়ি বজবজ থানা এলাকায়। শনিবার বকুলতলা থানার মর্গ থেকে মৃতদেহ ময়নাতদন্তের জন্য পাঠানো হবে। তবে মৃত্যুর আসল কারণ তদন্তের স্বার্থে উন্মোচন করা হয় নি পুলিশের তরফে।

রাজ্যে উদ্বেগ বাড়াচ্ছে ডেঙ্গি

দুরন্ত বার্তা, কলকাতা, ২৯ সেপ্টেম্বর ঃ ডেঙ্গি নিয়ে সতর্ক হতে রাজ্যের স্বাস্থ্য সচিবকে চিঠি কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রকের। চিঠিতে সতর্কতাব্যবস্থা বা।াতে বলা হয়েছে। শনিবার মুখ্যসচিবের নেতৃত্বে নবান্নে ডেঙ্গি ও ম্যালেরিয়া নিয়ে ফের রিভিউ বৈঠক। কেন্দ্রের আশঙ্কা সংক্রমণ আরও বাড়বে, হাসপাতালে রোগীদের সংখ্যাও বাড়বে, প্রস্তুত থাকতে হবে। অতিরিক্ত রক্তদান শিবিরের আয়োজন করতে হবে। আক্রান্তদের চিহ্নিত করতে ল্যাবরেটরি তৈরি রাখতে হবে। স্বাস্থ্যমন্ত্রকের তরফে বলা হয়েছে এই মুহূর্তে ডেঙ্গির সংক্রমণ আরও বাড়বে। প্রত্যেকটা হাসপাতালে ডেঙ্গি রোগীদের সংখ্যা বাড়বে। সেটা সামাল দেওয়ার জন্য প্রস্তুত থাকে অতিরিক্ত রক্তদান শিবিরের আয়োজন করতে হবে। ডেঙ্গি আক্রান্তদের বেশি করে চিহ্নিত করার জন্য ল্যাবরেটরি প্রস্তুত রাখতে হবে।

KOLKATA MUNICIPAL CORPORATION – e-TENDER

ABRIDGED NIT

The **E.E. (E)/Ltg./Z-I/Br.-I, KMC** invites tender online percentage rate two bid system for following works:

(1) NIT No.: KMC/LTG/Z1/BR1/WD4/9/23-24
Name of Work: **Miscellaneous electrical works at Umakanta Sen Lane, Paikpara Row and other places in Ward No.-04 under Br.-I.** Estimated Amount: **₹ 1,98,092.00.** Earnest Money: **₹ 4,000.00**. Period of completion: **30 days.**

(2) NIT No.: KMC/LTG/Z1/BR1/WD6/14/23-24
Name of Work: **Installation of LED Signage Board at 11/5 Cossipore Road in Ward No.-06 under Br.-I.** Estimated Amount: **₹ 1,98,074.00.** Earnest Money: **₹ 4,000.00.**

(3) NIT No.: KMC/LTG/Z1/BR1/W5-6/02/23-24
Name of Work: **Repairing and replacement work of decorative lighting system in Ward No.-05 & 06 under Br.-I, KMC.** Estimated Amount: **₹ 1,48,828.00.** Earnest Money: **₹ 3,000.00.**

(4) NIT No.: KMC/LTG/Z1/B1/INS/W5/8/23-24
Name of Work: **Replacement of different electrical accessories in 100 TR Chiller Unit at Mohit Moitra Mancha in Ward No.-05 under Br.-I.** Estimated Amount: **₹ 3,97,819.00.** Earnest Money: **₹ 8,000.00.**

(5) NIT No.: KMC/LTG/Z1/BR1/WD5/16/23-24
Name of Work: **Improvement of bustee lighting system at Nilmony Mitra Row bustee, Olai Chandi Road bustee and different other bustees in Ward No.-05 under Br.-I.** Estimated Amount: **₹ 1,98,914.00.** Earnest Money: **₹ 4,000.00**. Period of completion: **25 days** (For Sl. No. 2 to 5). Last date and time of submission of Bid: **11.10.2023 at 2 p.m.** (For Sl. No. 1 to 5).

(6) NIT No.: KMC/LTG/Z1/BR1/WD9/6/23-24
Name of Work: **Improvement of lighting arrangement at Kebal Krishna Sur Street Bustee, Kumartuli Bustee and other places in Ward No.-09 under Br.-I, KMC.** Estimated Amount: **₹ 1,98,198.00.** Earnest Money: **₹ 4,000.00**. Period of completion: **30 days.**

(7) NIT No.: KMC/LTG/Z1/BR1/WD7&9/10/23-24
Name of Work: **Repairing and replacement of decorative lighting system in Ward No.-07 & 09 under Br.-I, KMC.** Estimated Amount: **₹ 1,48,391.00.** Earnest Money: **₹ 3,000.00**. Period of completion: **25 days.** Last date and time of submission of Bid: **11.10.2023 at 3 p.m.** (For Sl. No. 6 & 7).

(8) NIT No.: KMC/LTG/Z1/BR1/WD7/7/23-24
Name of Work: **Improvement of lighting arrangement at Strand Bank Road, Marhatta Ditch Lane and other places in Ward No.-07 under Br.-I, KMC.** Estimated Amount: **₹ 4,98,878.00.** Earnest Money: **₹ 10,000.00**. Period of completion: **35 days.**

(9) NIT No.: KMC/LTG/Z1/BR1/WD2/18/23-24
Name of Work: **Improvement of bustee lighting system at Ramlila Bagan bustee and other bustees in Ward No.-02.** Estimated Amount: **₹ 1,98,768.00.** Earnest Money: **₹ 4,000.00**. Period of completion: **28 days.**

(10) NIT No.: KMC/LTG/Z1/BR1/WD3/14/23-24
Name of Work: **Improvement of bustee lighting system at Belgachia bustee, Rasogolla Patty and other bustees in Ward No.-03.** Estimated Amount: **₹ 1,99,449.00.** Earnest Money: **₹ 4,000.00.**

(11) NIT No.: KMC/LTG/Z1/BR1/WD1&8/15/23-24
Name of Work: **Repairing and replacement work of decorative lighting system in Ward No.-01 & 08 under Br.-I.** Estimated Amount: **₹ 1,49,390.00.** Earnest Money: **₹ 3,000.00.**

(12) NIT No.: KMC/LTG/Z1/BR1/WD3/12/23-24
Name of Work: **Repairing and replacement work of decorative lighting system in Ward No.-03 under Br.-I.** Estimated Amount: **₹ 1,98,810.00.** Earnest Money: **₹ 4,000.00.**

(13) NIT No.: KMC/LTG/Z1/BR1/WD8/16/23-24
Name of Work: **Improvement of lighting system by decorative post top LED fittings for various decorative pole within Ward No.-08.** Estimated Amount: **₹ 2,34,782.00.** Earnest Money: **₹ 5,000.00.**

(14) NIT No.: KMC/LTG/Z1/BR1/WD1/11/23-24
Name of Work: **Improvement of bustee lighting system at 96, Cossipore Road bustee and 22, K.C. Road bustee and other bustees in Ward No.-01.** Estimated Amount: **₹ 1,99,337.00.** Earnest Money: **₹ 4,000.00.** Period of completion: **25 days** (For Sl. No. 10 to 14). Last date and time of submission of Bid: **11.10.2023 at 5 p.m.** (For Sl. No. 8 to 14). The bid forms and other details are available on and from **29.09.2023 at 5 p.m.** from the website **https://etender.wb.nic.in** (For Sl. No. 1 to 14).

(806/23-24)

আলোই ঈশ্বরের প্রতিবিম্ব
দুরন্ত বার্তা
২৮ বর্ষ, দৈনিক ৩০১ সংখ্যা, শনিবার, ১২ আশ্বিন ১৪৩০

আত্মনির্ভর ভারত গড়ার পরিকল্পনা

সম্পাদকীয় ১

সমস্যা বৃদ্ধি পেতে শুরু করে দিয়েছে। চারদিক দিয়ে যেভাবে সমস্যা বৃদ্ধি পেতে শুরু করে দিয়েছে তাতে নাজেহাল অবস্থা কেন্দ্রীয় সরকারের। এর হাত থেকে রেহাই পেতে আত্মনির্ভর ভারত গড়ে তোলার পরিকল্পনা গ্রহণ করেছেন ভারতের প্রধানমন্ত্রী মোদি। প্রতিদিনই কোনও না কোন সমস্যা মাথা চাড়া দিয়ে উঠতে শুরু করে দিয়েছে। গলওয়ান, তিব্বত এবং অরুণাচল নিয়ে চিন্তিত ভারত। গলওয়ানকে কেন্দ্র শাসিত সীমান্ত অঞ্চল। ফলে ব্যাকফুটে চলে গিয়েছে পাকিস্তানের বিদেশ নীতি। চিনও বেশ বেকায়দায় পড়ে গিয়েছে। সেখান থেকে রেহাই পেতে চিন ইচ্ছাকৃতভাবে লাদাখে সীমান্ত ঝামেলা সৃষ্টি করেছে। ভারতীয় সেনারা চিন সেনাদের ওপরে কোনও সময়ে মস্তানি দেখায় না। কিন্তু চিনা সেনারা বহু বার তারা লাইন অব কন্ট্রোল অতিক্রম করে ভারতের মাটিতে প্রবেশ করে জোরজুলুম করতে শুরু করে। চিন বহুবার এইভাবে ভারতীয় সীমান্ত অতিক্রম করে ভারতীয় সেনাদের ওপরে হামলা করেছিল। অরুণাচল প্রদেশের ভারত চিন সীমান্ত এলাকা ডোকলামে চিন বহুবার প্রবেশ করে ভারতীয় সেনাদের নজরদারি ক্যামেরা ভেঙে দিয়েছে। আবার তারা লাঠি দিয়ে মারতে শুরু করে ছিল ভারতীয় সেনাদের। কেন চিন এই সব করতে শুরু করে দিয়েছে সেটা ভাববার বিষয়। চিন আন্তর্জাতিক দিক দিয়ে কোনওঠাসা বলা যেতে পারে। চিন দেশে সাধারণ নাগরিকদের সঙ্গে সেখানকার প্রশাসনের কোনও সুসম্পর্ক নেই। সবাই সেখানে আতঙ্কের মধ্যে বসবাস করে। ফলে চিন এমন কিছু করতে চাইছে যে চিন দেশের সমস্ত জনগণ কমিউনিস্ট সরকারের প্রতি আস্থা স্থাপন করুক। আমেরিকার প্রেসিডেন্ট তো করোনা সংক্রমণ নিয়ে সরাসরি চিনকে দায়ী করেছে। ফলে চিন বেশ বেকায়দায় পড়ে গিয়েছে। চিন দেশের পণ্য ইউরোপের কোনও দেশে চলে না। একমাত্র এশিয়ার কয়েকটি দেশ ছাড়া। যেমন ভারত, বাংলাদেশ, পাকিস্তান, নেপাল, হংকং, সিঙ্গাপুর থেকে শুরু করে থাইল্যান্ড সহ ইন্দোনেশিয়া। দক্ষিণ পূর্ব এশিয়ার বেশ কিছু দেশে চিনা পণ্যের বাজার রয়েছে। কিন্তু বিশ্বের আর কোথাও চিন পণ্য প্রভাব বিস্তার করতে পারেনি। ইউরোপের দেশগুলোতে চিন প্রবেশ করার চেষ্টা করেছিল। কিন্তু পারেনি একটি মাত্র কারণে, সেটা হচ্ছে চিন দেশের নির্মিত কোনও পণ্যের স্থায়িত্ব নেই। সব পণ্য একেবারে বাজারি পণ্য। শক্তিশালী পণ্য উৎপাদন করার দিকে চিনের কোনওঝোঁক নেই। শুধু সস্তায় মাল তৈরি করে বাজার দখল করা ছাড়া আর কোনও চিনের ইচছা নেই। চিন চাইছে তাদের পণ্য সাধারণ মানুষ কিনুক। দামে অল্প হলেও তারা সেইগুলো কিছু দিনের জন্য ব্যবহার করতে পারবে। একটি জাপানি বা জার্মানি ক্যামেরা কিনতে গেলে সাধারণ মানুষ চোখের জল ফেলে। কিন্তু একটি চিনা ক্যামেরা কিনতে গেলে কোনও সাধারণ মানুষ চোখের জল ফেলবে না। তারা অতি অল্প দামে সেটা ক্রয় করতে পারবে। ফলে চিনা পণ্যে বাজার একেবারে ছেয়ে গিয়েছে। যে দেশের অধিকাংশ লোকেরা গরিব তারা চিনা পণ্য কেনার ব্যাপারে আগ্রহ প্রকাশ করে থাকে। আর যে দেশ ধনী তারা চিনা পণ্য বর্জন করে। সেই কারণে ইউরোপে চিনা পণ্য বেশি ক্রয় বিক্রয় হয় না। কিন্তু এশিয়ার দেশগুলোতে চিনা পণ্য একেবারে ছেয়ে গিয়েছে।

বাংলায় অবিলম্বে প্রয়োজন গণজাগরণ

সম্পাদকীয় ২

সঙ্কটে বাংলায় গণ জাগরণেরপ্রয়োজন ছিল। কিন্তু সেই গণ জাগরণ আসেনি। তার একটি মাত্র কারণ হচ্ছে বাংলার শিক্ষা ব্যবস্থা শক্তপোক্ত নয়। যে শিক্ষা ব্যবস্থা বর্তমান চলছে তা দিয়ে সামান্য চাকরি জোগাড় করা যায়। কিন্তু গণ জাগরণ করাটা একেবারে অসম্ভব। পরাধীন ভারতবর্ষে গণ জাগরণ হয়েছিল বলেই বাংলায় স্বাধীনতা চাই আমাদের এই স্লোগানে আকাশ বাতাস মুখরিত হয়েছিল। কিন্তু আজকে দেশ যখন বিপদের মুখে পড়ে রয়েছে তখন যে গণ জাগরণের প্রয়োজন ছিল সেটা হল না। তার একটি মাত্র কারণ হচ্ছে আমরা দেশাত্মবোধটাকে হারিয়ে ফেলেছি। ইংরেজা যে দেশোত্মবোধ দেখাতে সক্ষম তার একটি কণাও মাত্র আমরা দেখাতে পারি নি। পাঞ্জাব রাজ্যের প্রতিটি বাসিঃদারা যে ধরনের দেশাত্মবোধ দেখিয়ে থাকে সেটা আমরা করতে পারি নি। তার একটি মাত্র কারণ হচ্ছে প্রকৃত শিক্ষার অভাব। ভিয়েতনামের শিক্ষামন্ত্রী বলেছিলেন, এখন যুদ্ধ না করেও একটি দেশকে অনায়াসে কাবু করে দেওয়া সম্ভব। যদি সেই দেশের শিক্ষা ব্যবস্থাটাকে একেবারে নষ্ট করে দেওয়া যায়। ব্রিটিশ সরকার এখন বিশ্ব অধিকার করে নেই। কিন্তু তবুও ব্রিটিশ সরকারের শিক্ষা ব্যবস্থা খুবই শক্তিশালী। এখনও পৃথিবীর অধিকাংশ শিক্ষিতরা বিলেতে গিয়ে পড়াশুনা করছে। সেখানকার ডিগ্রি নিয়ে সারা বিশ্বের যে কোনওপ্রান্তে চাকরি পাচ্ছে। অক্সফোর্ড এবং কেম্ব্রিজ বিশ্ববিদ্যালয়ের ডিগ্রির দাম রয়েছে। কিন্তু কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ডিগ্রি দাম একেবারে পড়ে গিয়েছে। গড়ে একজন প্রকৃত শিক্ষার অধিকারী হয়ে বিশ্বে এই মুহূর্তে নাম করতে পারছে কিনা তা বোঝা খুবই মুশকিল। জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়, দিল্লি বিশ্ববিদ্যালয়, মুম্বই বিশ্ববিদ্যালয়, এলাহাবাদ বিশ্ববিদ্যালয়, বেনারস বিশ্ববিদ্যালয় যে সুনামটা ধরে রাখতে পেরেছে কলিকাতা বিশ্ববিদ্যালয় সেই সুনাম রাখতে পারছে না। মেধা রয়েছে। কিন্তু মেধাদের সঠিকভাবে পরিচালনা করার কোনও উৎসাহ নেই। উদ্দীপনা নেই। মেধারা হারিয়ে যাচ্ছে। অতলে তলিয়ে যাচ্ছে।

কালী সাধক রামপ্রসাদ



হালিশহর নিবাসী মা কালী রামপ্রসাদ বলতেন, দান, ধ্যান এবং শিক্ষা দান করলে কোনও সময় তা কমে না। বরং বৃদ্ধি পায়। জীবনে উন্নতি করা সম্ভব হবে। যিনি শিক্ষা এবং ধন দান করেন তিনি শেষ হয়ে যান না। তার সম্পদও আরও বৃদ্ধি পেতে থাকে। আর যিনি দান করেন তিনি পরম ঈশ্বরের সাক্ষাৎ পান। পরম ঈশ্বর তাঁর শরীরে অবস্থিত থাকেন। তিনি মহান হিসাবে পরিচিতি লাভ করেন। তাকে কেন্দ্র করে সবাই পরিক্রমা করতে শুরু করে দেয়। যেমন ঠাকুর রামকৃষ্ণকে ঘিরে সবাই পরিক্রমা করতে শুরু করে দিয়েছিল। ভগবান হলেন জগত সেরা। তিনি আছেন বলে সবাই শারীরিকভাবে বেঁচেবর্তে থাকেন। তিনি না থাকলে এই জগতে নিজেকে রক্ষা করা খুবই মুশকিল হতো।

মহারাষ্ট্রকে বিপ্লবী মন্ত্রে দীক্ষিত করেছিলেন বালগঙ্গাধর তিলক

রবীন্দ্র কুমার শীল

‘টাইমস অব ইণ্ডিয়া’-সহ বিভিন্ন কাগজ তিলকের বিরুদ্ধে দীর্ঘকাল ধরে বিষোদ্গার করতে থাকলেও ইংরেজ সরকার তিলকের মতো প্রতিষ্ঠাবান লোকের বিরুদ্ধে কী ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে তা স্থির করতে পারছিল না। কিন্তু শীঘ্রই সেই সুযোগ এসে উপস্থিত হল। দামোদর চাপেকর এবং বালকৃষ্ণ চাপেকর ছিলেন দুই ভাই। তাঁরা একটি সংগঠন স্থাপন করেছিলেন। শারীরিক এবং সামরিক শিক্ষাই ছিল এই সংগঠনের মূল কাজ। এই সংঘের নাম ছিল ‘হিন্দু ধর্মের বাধা অপসারণ সংঘ’। দামোদর চাপেকর এবং বালকৃষ্ণ চাপেকর দুজন মহারাষ্ট্রে গণপতি উৎসব এবং শিবাজী উৎসব করার ব্যাপারে উৎসাহী ছিলেন। তাঁরা দেশমাতার জন্য জীবনকে বলিদান করতে প্রস্তুত ছিলেন। সেই জন্য প্রয়োজন হলে কেউ যদি কোনও হিন্দু উৎসবে বাধা দেওয়ার চেষ্টা করতো তাহলে তাকে হত্যা করতে তাঁরা পিছু পা হতো না। দেশের জন্য প্রয়োজন হলে ইংরেজ বধ করতেও তাঁরা ভয় পেতেন না। ১৮৯৭ সালে ২২ জুন। ভিক্টোরিয়া হীরক জয়ন্তী হচ্ছিল গভর্নর হাউসে। সেখানে র‍্যাণ্ড সাহেব আমন্ত্রিত হয়েছিলেন। প্লেগ কমিশনার হিসাবে র‍্যাণ্ড যে রকম হৃদয়হীনতা দেখিয়েছিলেন সেজন্য ভারতবাসীরা তাঁকে ঘৃণার চোখে দেখতো। চাপেকর ভাইরা তাঁকে হত্যা করার সিদ্ধান্ত গ্রহণ করলেন। র‍্যাণ্ড সাহেব তখন গভর্নর হাউস থেকে ফিরছিলেন। তাঁর সঙ্গে ছিলেন আরও দুইজন সাহেব। তাঁর সহকারী লুইস সাহেব এবং সস্ত্রীক লেফটেন্যান্ট এয়ার্স্ট। এয়ার্স্টকে মারবার উদ্দেশ্য তাঁদের ছিল না। চাপেকার ভাইরা র‍্যাণ্ডকে লক্ষ্য করে অন্ধকারের মধ্যে গুলি চালালেন। তার ফলে র‍্যাণ্ড সাহেবের সঙ্গে গুরুতর আগত হয়েছিলেন লেফটেন্যান্ট এয়ার্স্ট। হাসপাতালে নিয়ে যাওয়ার পথেই ওয়ার্স্ট মারা গেলেন। সিপাহী বিদ্রোহের পর এই রকম ঘটনা ঘটেনি। ইংরজরা আবার ভারতে সশস্ত্র অভ্যুত্থানের গন্ধ পেতে শুরু করলো। তখন ‘টাইমস অব ইণ্ডিয়া’ এবং ‘বোম্বে গেজেট’ তিলককে এর জন্য দায়ী করে সংবাদ প্রকাশ করতে শুরু করে দিল। পত্রিকায় বলা হল তিলকের বক্তৃতা এবং রচনার ফলে ভারতবাসীরা এই পথ ধরতে শুরু করে দিয়েছে। ধরা পড়লেন দামোদর চাপেকর এবং বালকৃষ্ণ চাপেকর। বিচারে তাঁদের প্রাণদণ্ড হলো। তাঁরা ছিলেন দেশপ্রেমে উদ্বুদ্ধ শিক্ষিত যুবক। তাঁদেরকে এই কাজে প্ররোচিত করার জন্য তিলককে দায়ী করা হল। তিলক কিন্তু তাঁদেরকে বলে দেননি যে প্লেগ কমিশনার র‍্যাণ্ডকে হত্যা করতে হবে। কোনও রকম হত্যার সঙ্গে তিনি জড়িত ছিলেন না। চাপেকর ভাইরা নিজেরাই সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন যে তাঁরা র‍্যাণ্ডকে মেরে ফেলবেন। কিন্তু ‘টাইমস অব ইণ্ডিয়া’ এবং ‘বোম্বে গেজেট’ মনে করতে শুরু করে দিল যে তিলক চাপেকর ভাইদের সঙ্গে ষড়যন্ত্র করে র‍্যাণ্ডকে হত্যা করা হয়েছেন। তিলক এ ব্যাপারে কোনও রকম চাপেকর ভাইদের সঙ্গে কথা বলেননি। এদিকে সরকার দুই পত্রিকার সংবাদের ওপরে ভিত্তি করে তিলকের দিকে নজর দিতে শুরু করলো এবং তিলককে রাজদ্রোহে অভিযোগ এনে গ্রেফতার করলো। সরকার তিলকের বিভিন্ন রচনা সংগ্রহ করলো বিশেষত শিবাজী কর্তৃক আফজল খাঁ হত্যা সম্পর্কে ভাষণ এবং ‘শিবাজীর উক্তি’ নামে কবিতাটির ওপরে গুরুত্ব আরোপ করলো। ২৭ জুলাই তিলক বোম্বাইতে ছিলেন না। তিনি গিয়েছিলেন তাঁর বন্ধু দাজী আবাজি খারের বাড়িতে গিরগাঁও গ্রামে। সেখানে রাতের বেলায় আহার করে বিশ্রাম গ্রহণ করছিলেন দুই বন্ধু মিলে। সেই রাতেই পুলিশ খারের বাড়ি ঘিরে ফেলে তিলককে গ্রেফতার করে। পুলিশ কমিশনার তিলককে লকআপে রাখার সিদ্ধান্ত দিলেন। পরদিন তিলকের আইনজীবী ডি ডি দাভার চিফ প্রেসিডেন্সি ম্যাজিস্ট্রেটের কাছে জামিনের আবেদন করলে তা খারিজ করে দেওয়া হল। চিফ প্রেসিডেন্সি ম্যাজিস্ট্রেট জামিন দিতে অস্বীকার করলে বোম্বে হাইকোর্টে মামলা করা হল। কিন্তু হাইকোর্টের বিচারপতি পারসনস এবং বিচারপতি রানাডে তিলকের জামিন মঞ্জুর করলেন না। তাঁরা বললেন যে পুলিশ তদন্ত করতে হবে। সুতরাং জামিন দেওয়ার কোনও প্রয়োজন নেই। পুলিশ তদন্ত দেরি হতে এবং বিচার দেরি হওয়ার জন্য আবার আবেদন করলেন তিলকের আইনজীবীরা তাঁকে জামিন দেওয়ার জন্য। এবারও বিচারপতি পারসনস এবং বিচারপতি রানাডে তা নামঞ্জুর করে দিলেন। বিচারে শুনানি হওয়ার জন্য আবার হাইকোর্টে জামিনের জন্য আবেদন করা হল। এবারে মামলা গিয়ে উপস্থিত হল বিচারপতি বদরুদ্দিন তায়েবজীর এজলাসে। তায়েবজী জামিন মঞ্জুর করলেন। সেই সময়ে বিচারপতির পক্ষে এই কাজ করা একেবারে অসম্ভব ছিল। তিলক পাঁচ হাজার টাকার জামিন পেলেন। সারা দেশ জুড়ে তায়েবজীর সুনাম ছড়িয়ে পড়তে শুরু করে দিল। বিচারপতি তায়েবজী যখন গাড়ি করে বাড়ি ফিরতেন তখন লোকেরা বলতেন ওই তো তায়েবজী যিনি তিলকে জামিনে মুক্তি দিয়ে দুঃসাহস দেখিয়েছেন। বোম্বাই হাইকোর্টে বিচারপতি স্ট্রাচির এজলাসে ৮ সেপ্টেম্বর মামলার শুনানি শুরু হল। সরকারের পক্ষে আইনজীবী ছিলেন অ্যাডভোকেট ল্যাং। তিলকের পক্ষে আইনজীবী পাওয়ার অভাব হলো না। দভার, ভাইশঙ্কর ও কঙ্গ প্রমুখ আইনজীবীরা তাঁর পক্ষ সমর্থন করলেন। তখনকার দিনে কলকাতার বিখ্যাত আইনজীবী ছিলেন পাগ্। ক্যালকাটা ইণ্ডিয়ান রিলিফ সোসাইটি তাঁকে এই মামলা চালাবার জন্য বোম্বাইতে পাঠালো। তিলকের মামলায় নয়জনকে নিয়ে একটি জুরি তৈরি হলো। জুরীতে ছয়জন ইংরেজ, দুইজন হিন্দু এবং একজন পার্শি ছিলেন। ১৪ সেপ্টেম্বর মামলার রায় বের হলো। তিলককে ইরেজ ছয় দোষী এবং তিনজন ভারতীয় নির্দোষ ঘোষণা করলেন। বিচারপতি ছয় জন ইংরেজ জুরির মতকে গ্রহণ করে তিলককে দেড় বছরের জন্য সশ্রম কারাদণ্ড দিলেন। আইনত এই অপরাধের জন্য তিন বছর কারাদণ্ড হওয়ার কথা। বিচারপতি তিলকের স্বজনসেবার কথা স্মরণ করে সাজা অর্ধেক করে দিলেন। দেশের লোকেরা এই বিচারের রায়ের জন্য অপেক্ষা করছিল। তিলককে কারাদণ্ড দেওয়ার খবর প্রকাশ হতেই সারা দেশ গভীরভাবে মর্মাহত হলো। বিচারের নামে অত্যাচার হয়েছে বলে প্রচার লাভ করতে শুরু করলো। পরদিন সমস্ত দেশি কাজে এই খবর প্রকাশ হওয়ার পাশাপাশি ভারতবাসীরা সরকার বিরোধী মন্তব্য করতে শুরু করে দিল। মদ্রাজের ‘হিন্দু’ কাগজ তিলকের ছবি ছাপিয়ে সাদা সংবাদপত্র প্রকাশ করার সিদ্ধান্ত গ্রহণ করলো। কলেজের ছাত্ররা কালো ব্যাজ পরে কলেজে গিয়ে উপস্থিত হলো। বোম্বাইয়ের বিখ্যাত দশেরা উৎসব বন্ধ হয়ে গেল। বোম্বাইয়ের বহু বাড়িতে তিলকের ছবি রেখে পুজো শুরু হয়ে গেল। তিলক রাজদ্রোহে অপরাধে দণ্ডিত হয়ে দেশের জনগণের কাছে যে সম্মান লাভ করেছিলেন তা কেউ আর পাননি। সবাই তাঁকে মহারাষ্ট্রে দেবতা বলে গ্রহণ করত শুরু করে দিয়েছিল। বিচারপতি স্ট্রাচির রায়দানের তিন দিন বাদে প্রিভি কাউন্সিলে আপীল করার অনুমতি চেয়ে হাইকোর্টে আবেদন করা হল। হাইকোর্ট সেই আবেদন অগ্রাহ্য করলো। হাইকোর্ট ব্রিটিশ সাম্রাজ্যবাদীদের মতো কাজ করেছে এবং ন্যায় বিচারের পথকে গ্রহণ করেনি এ কথাও বহু আইনজীবীরা বলতে শুরু করে দিয়েছিল। এমনকী ‘দ্য স্টেটসম্যান’ পত্রিকা হাইকোর্টের এই কাজে নিন্দা করেছিল। নানা দেশে সভা সমিতি করে এই অবিচারের প্রতিবাদ করতে শুরু করে দেওয়া হল। তিলকের পক্ষে গোটা দেশের নাগরিকেরা ঐক্যবদ্ধ হতে থাকলো। তিলক সেই সময়ে বিজয়ী বীরের মতো কারাগারে প্রবেশ করলেন। জেলে সাধারণ কায়েদির মতো তাঁকে রাখা হয়েছিল। সধারণ শ্রমিকদের মতো কাজ করতে দেওয়া হয়েছিল। এমন সব অখাদ্য দেওয়া হয়েছিল তা কোনও দিন কোনও মানুষ খায়নি। কয়েক মাসের মধ্যে তাঁর একত্রিশ পাউণ্ড ওজন কমে গেল। স্বাস্থ্য ক্রমশ ভেঙে পড়তে শুরু করলো। তিলকের স্বাস্থ্য ভেঙে পড়ার খবর জেলের বাইরে এসে উপস্থিত হলো। তার ফলে ভারতীয়রা তো বটেই বহু বিদেশি তাঁর বন্ধুরাও উদ্বিগ্ন হলো। জেলে

বন্দিদের ওপরে যাতে ভালো ব্যবহার করা হয় তার জন্য ‘হাওয়ার্ড অ্যাসোসিয়েশন’ নামে একটি সংস্থা ছিল বিলাতে। হাওয়ার্ড সচিব ভরত-সচিবকে জানালো যে তিলক একজন পণ্ডিত মানুষ। তাঁকে সাধারণ কয়েদির মতো রাখাটা একেবারে অনুচিত। তিলককে রাজনৈতিক বন্দি করে রাখার কথা ছিল। সেখানে কেন তিলককে সাধারণ কয়েদি করে রাখা হল? এটা আইন বিরুদ্ধ কাজ। হাওয়ার্ড সংঘের চেষ্টায় ব্রিটিশ সরকার তিলককে বোম্বাই থেকে অবশেষে যারবেদা জেলে স্থানান্তরিত করে। সেখান তাঁর প্রতি ব্যবহার এবং খাবারের উন্নতি হল। এতে বন্ধুরা ক্ষান্ত হলো না। তাঁরা তাঁর মুক্তির জন্য ক্রমাগত চেষ্টা করতে শুরু করলো। ম্যাক্স মুলার, স্যার উইলিয়াম হ্যান্টার, স্যার রিচার্ড গার্থ, উইলিয়াম কেইন প্রমুখ বিখ্যাত ইউরোপীয়ান পণ্ডিতেরা তিলককে অবিলম্বে মুক্তি দেওয়ার জন্য ভারত সচিবের কাছে আবেদন করতে থাকলেন। তিলকের পাণ্ডিত্য তাঁদেরকে মুগ্ধ করেছিল। জার্মান পণ্ডিত ম্যাকস মুলার ওই সময়ে তাঁর বিখ্যাত পুস্তক ‘ঋকবেদ’ জার্মান ভাষায় রচনা করেছিলেন। বৈদিক শাস্ত্রের ওপরে তিলককের জ্ঞান অসামান্য ছিল বলে ম্যাকস মুলার বিশ্বাস করতেন। তিনি তাঁর রচিত বই ‘ঋকবেদ’-এর কপি জেলেই তিলকের কাছে পাঠিয়েছিলেন। তিলকের মুক্তি দেওয়ার ব্যাপারে যেভাবে আন্তর্জাতিক স্তরে আন্দোলন হতে শুরু করে দিয়েছিল তাতে ব্রিটিশ সরকার বাধ্য হল মাথা নত করতে। ব্রিটিশ সরকার তখন তিলকে অপমানজক শর্তে মুক্তি দিতে চাইলো। ব্রিটিশ সরকার তিলকের কাছ থেকে শর্ত চাপালো যে তিনি আর রাজনৈতিক আন্দোলনে অংশ গ্রহণ করবেন না। কিন্তু তিলক ব্রিটিশদের দেওয়া এই শর্তে রাজি হলেন না। তিলক পরিস্কার করে বলে দিলেন যে তিনি ব্রিটিশ সরকারের প্রতিশ্রুতি রক্ষা করতে একেবারে অপারগ। তিলকের দণ্ডকাল এক বছর হয়ে গিয়েছে। আর মাত্র ছয় মাস বাকি। তিলকের মুক্তি নিয়ে ব্রিটিশ সরকার এবারে কৌশল গ্রহণ করতে শুরু করে দিল। তিলকের আইনজীবী এবং ব্রিটিশ আইনজীবীরা বৈঠক করলো। সেখান স্থির হলো তিলক পরে যদি এই রকম অপরাধে দণ্ডিত হন তাহলে এই বাকি ছয় মাস তাঁকে কারাগারে থাকতে হবে। তিলকের আইনজীবীরা সিদ্ধান্ত গ্রহণ করেছিল যে করেই হোক তিলককে জেলের বাইরে নিয়ে আসতে হবে। তিলকের শরীর ক্রমশ খারাপ হতে শুরু করে দিয়েছে কারাগারে। কারাগরে বেশি দিন তিলকে রাখা চলবে না। মুক্ত বাতাসের মধ্যে তিলককে নিয়ে আসতে হবে। তিলক পত্র পত্রিকা প্রকাশনার মধ্যে দিয়ে শরীরটা তাঁর সুস্থ এবং স্বাভবিক ছিল। এই সব কাজ জেলের মধ্যে করতে পারছিলেন না তিলক। সেই কারণে তাঁর শরীর ক্রমশ ভেঙে পড়তে শুরু করে দিয়েছিল। উভয় পক্ষের আইনজীবীদের সিদ্ধান্তকে গুরুত্ব দিয়ে তিলককে জেলের বাইরে নিয়ে আসা হল। চুক্তি অনুসারে তিলক ১৮৯৮ সালে ৬ সেপ্টেম্বর রাত ন’টায় তিলক জেল থেকে মুক্তি পেলেন। তিলক মুক্তি পাওয়ার খবর রাতে বেলায় মহারাষ্ট্রের সর্বত্র ছড়িয়ে গিয়েছিল। রাতেই বহু মানুষ ঘর থেকে বের হয়ে আনন্দ উৎসব করতে শুরু করে দিল। পরের দিন পুণায় তিলকের মুক্তিতে আনন্দ উৎসব শুরু হল। মহারাষ্ট্রের প্রতিটি ঘরে ঘরে আলোর প্রদীপ জ্বলতে শুরু করলো। রাস্তায় তিলকের ছবিতে মালা দিয়ে দেশাত্মবোধ সঙ্গীত পরিবেশন করতে শুরু করলো মহারাষ্ট্রের লোকেরা। এবারে বালগঙ্গাধর তিলক ভারতের অদ্বিতীয় জাতীয় নেতা হিসাবে স্বীকৃতি লাভ করলেন। (ক্রমশ...)

কুমোরটুলির মা দুর্গার বিদেশ যাত্রা

বিশেষ প্রতিনিধি

কলকাতায় বিশ্বকর্মা পুজো শুরু হওয়ার সঙ্গে সঙ্গে কুমোরটুলির মা দুর্গা প্রতিমা বিদেশ যাত্রা শুরু করে। কলকাতার কুমোরটুলির নাম এখন আন্তর্জাতিক স্তরে পৌঁছে গিয়েছে। চিন দেশও কুমোরটুলির নাম পর্যন্ত জেনে গিয়েছে। কুমোরটুলির মহিলা শিল্পী চায়না পাল চিন দেশে গিয়েছিলেন সেখানকার সরকারের আমন্ত্রণে। তিনি সেখানে একটি কর্মশালায় অংশ গ্রহণ করে কী করে মাটি দিয়ে প্রতিমা তৈরি করতে হয় তা চিন দেশের ছেলেমেয়েদের শিখিয়ে ছিলেন। এক সময়ে ব্রিটেনে দুর্গা পুজো হতো না। রাশিয়ায় দুর্গা পুজো হতো না। এখন আবার ইসকন দুর্গা পুজো করতে শুরু করে দিয়েছে বিদেশে। বাংলাদেশে ইসকন দুর্গা পুজো করে থাকে। জার্মানের ফ্রাঙ্কফুটে ভারত সমিতি তৈরি করা হয়েছে। সেখানে কোলনের মাটিতে মা দুর্গা পা রেখেছিলেন ১৯৯২ সালে। সেই পুজো করতে খরচ হয়েছিল ৮৫০০ মার্ক। এবারেও ভারত সমিতি দুর্গা পুজোর আয়োজন করেছে। তাদের সদস্য সংখ্যা বেড়ে ৭০ জন হয়েছে। কোরওয়াইলার হল হচ্ছে দুর্গা পুজোর মণ্ডপ। কুমোরটুলি হয়ে সিঙ্গাপুর। তারপরে সেখান থেকে হামবুর্গ হয়ে কোলনে স্থলপথ ধরে আসবেন মা দুর্গা। পাঁচদিন ধরে সেখানে বিশাল উৎসবের আয়োজন করা হয়েছে। খাবারের গুনগত মানের ওপরে নজর রাখা দরকার। নাহলে সরকারের কোপে পড়তে হবে। এবারে সাংস্কৃতিক সন্ধ্যার আয়োজন করা হয়েছে। নারী শক্তির ওপরে বেশি করে জোর দেওয়া হয়েছে। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এখন নারী শক্তির ওপরে জোর দিতে শুরু করেছেন। তার ফলে বিদেশে বেশির ভাগ ভারতীয়রা নারী শক্তির ওপরে জোর দিতে শুরু করে দিয়েছে। পাশের দেশগুলি থেকে বহু দর্শনার্থীরা কোলনের দেবী দুর্গা প্রতিমা দেখতে আসে। আসলে দুর্গা পুজো এমন একটি পুজো যা বাঙালিরা কেনও দিনই ভুলতে পারে না। তার ওপরে আবার কলককাতার দুর্গা পুজো ইউনেস্কো পুরস্কার দিয়েছে। হেরিটেজ সম্মান দিয়েছে। তার ফলে কলকাতার দুর্গা পুজো মর্যাদা লাভ করেছে। সেই কারণে কলকাতার কুমোরটুলিও বিশেষ সম্মান লাভ করতে শুরু করেছে। এবারে বিদেশে বহু পুজোর প্যাণ্ডেল হচ্ছে চন্দ্রাভিযান-৩ কে কেন্দ্র করে।প্রতিমার পিছনের দিকে ব্যাক গ্রাউন্ডেও ভারতের চন্দ্রাভিযানকে প্রাধান্য দেওয়া হবে। জার্মানে প্রতিমা বিসর্জন দেওয়া হয় না। জার্মান মিউজিয়ামে সব প্রতিমা থাকে। পাঁচ বছর অন্তর প্রতিমা কলকাতা থেকে নিয়ে আসা হয়। এদিকে জেনেভাতে বঙ্গ সমিতি’তে আগমনী। জেনেভাতে সব বাঙালি এবং অবাঙালিরা এক সঙ্গে পুজোয় মেতে ওঠে। স্কুল কলেজ শিক্ষা প্রতিষ্ঠান পুজোর সময়ে বন্ধ থাকে না বটে। তবে সবাই অফিস, স্কুল, কলেজ করে এসে পুজোয় অংশ গ্রহণ করে। মহলয়া থেকে শুরু হয়ে যায় দুর্গা পুজোর আয়োজন। মহালায়াতে বীরেন্দ্রকৃষ্ণ ভদ্রের প্রভাতী অনুষ্ঠান শুরু হয়ে যায় সেখানেও। বীরেন্দ্র কৃষ্ণ ভদ্রের প্রভাতী অনুষ্ঠানই পুজোর আমেজকে নিয়ে আসে। কলকাতা একই রকম পরিবেশ তৈরি হয়। তখন মনে হয় জেনেভা একটি কলকাতা শহর। ভারতীয়রা যে বিদেশে রয়েছে তা মনে হয় না দুর্গা পুজোর সময়ে। মহিষাসুরমর্দিনী খুবই জনপ্রিয় জেনেভাতে। শুধু জেনেভা কেন বিদেশে যেখানেই দুর্গা পুজো হচ্ছে সেখানেই চণ্ডীপাঠ খুবই জনপ্রিয়তা লাভ করে। সুইজারল্যাণ্ডে জেনেভা ছাড়াও আরও বেশ কয়েকটি স্থানে দুর্গা পুজোর আয়োজন হয়। তার মধ্যে রয়েছে জুরিখ, লসান প্রভৃতি এলাকায়। হ্যানোভারে মা দুর্গা আসছেন। আগে হ্যানোভারবাসীরা দুর্গা পুজো দেখতে ছুটে যেত ফ্রাঙ্কফুট, হামবুর্গ বা বার্লিনে। এবারে কিন্তু হ্যানোভারে দুর্গা পুজো র আয়োজন শুরু হয়ে গিয়েছে। সরকারি অনুমতি পাওয়া গিয়েছে। তার ফলে আর অন্য কোথাও গিয়ে দুর্গা পুজোয় অংশ গ্রহণ করতে হবে না হ্যানোবারবাসীদের। ২০১৭ সালে শুরু হয়েছিল হ্যানোভারের দুর্গা পুজো। জামার্নীতে বিশাল করে দুর্গা পুজোর আয়োজন করা হয়ে থাকে। তবে রাত আট টার মধ্যে অনুষ্ঠান সমাপ্ত করতে হবে। সারা রাত ধরে কোনও অনুষ্ঠান সেখানে করতে দেওয়া হয় না। বেলুড় মঠের পুজো বিধি অনুসারে সেখানে পুজো করা হয়। লোকবলের অভাব রয়েছে। সবাই কাজে ব্যস্ত থাকে। তার মধ্যে দিয়ে জার্মানীতে দুর্গা পুজো হয়ে থাকেপ্রতি বছর। কাজের কামাই করে পুজোয় অংশ গ্রহণ করা চলবে না। অফিস, স্কুল কলেজ সব খোলা। ফলে সবাইকে সন্ধ্যার সময়ে মিলিত হয়ে আনন্দ উৎসব করতে হয়। বহু সাহেবরা এই পুজোয় এসে অংশ গ্রহণ করে। তাদের সঙ্গে মিলে মিশে খাওয়া দাওয়া থেকে শুরু করে গান বাজনা শুরু হয়। ফ্রান্সের প্যারিসেও দুর্গা পুজোর আয়োজন করা হয়ে থাকে। প্যারিসে বাঙালি সমিতি রয়েছে। ‘সিতে ইউনির্ভার্সিতের মেসন দে লা অংদে’ পুজো হয়ে থাকে। গ্রেট ব্রিটেনও পিছিয়ে নেই। সেখানে বহু বাঙলিরা দুর্গা পুজোয় মেতে ওঠে। বাঙালির সমিতির লোকেরা সেখানে দুর্গা পুজোর আয়োজন করে থাকে। শুধু বাঙালিরাই নয়, বহু হিন্দু পরিবারের লোকেরা এই পুজোয় অংশ গ্রহণ করে থাকে। রাশিয়াতেও দুর্গা পুজোর ব্যবস্থা শুরু হয়েছিল। কিন্তু যুদ্ধ পরিস্থিতি তৈরি হওয়ার ফলে রাশিয়াকে বাদ দিয়ে রাখা হয়েছে এ বছর। এদিকে বাংলাদেশ সরকার দুর্গা পুজোর ব্যাপারে আগাম সতর্ক বার্তা জারি করেছে। আগামি বছরে রয়েছে বাংলাদেশের নির্বাচন। দুর্গা পুজোকে কেন্দ্র করে বাংলাদেশে যাতে কোনও রকম অশান্তি না বৃদ্ধি পায় তার দিকে নজর রাখতে শুরু করেছে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি এবারে কড়া হাতে বাংলাদেশের দুর্গা পুজোকে নিচ্ছিদ্র নিরাপত্তা দেবেন। আমেরিকাতেও দুর্গা পুজো শুরু হয়েছে। ক্যালিফোরনিয়াতে দুর্গা পুজোর আয়োজন করা হচ্ছে।

কলকাতার ঐতিহ্য পাথুরিয়া ঘাটার মল্লিক পরিবার

পাথুরিয়া ঘাটা একসময়ে ধনী বাঙালিদের আবাস ছিল। সেখানে কিছু সোনার বণিক সম্প্রদায় পরিবার ছিল যারা সুবর্ণ বণিক সম্প্রদায় ভুক্ত। পাথুরিয়া ঘাটা মল্লিক বাড়িটি আজও বাংলার ঐতিহ্যকে বহণ করে চলেছে। প্রবেশ পথের দরজাটি কাস্ট আয়রনের তৈরি। এখন সেখানে রয়েছে গাসের ল্যাম্প পোস্ট যা অতীতকে স্মরণ করায়। এখানে রয়েছে ঠাকুর দালান। সেখানে ঠাকুর মঞ্চে প্রতিষ্ঠিত রয়েছে সিংহ বাহিনী দেবী মূর্তি। এখানে একটি আয়রন বুক রয়েছে যা ইংল্যাণ্ড থেকে আনা হয়েছিল ১৮১৮ সালে। পাঠান শাসন কালে সামসুদ্দিন ইলিয়াস শাহ বাংলার সোনার খনিগুলোর উৎস আবিস্কার করেছিলেন। এ ব্যাপারে যাঁরা তাঁকে সহযোগিতা করেছিলেন সেই সব পরিবারকে মলিকস উপাধি দান করেন। তারপর থেকে মল্লিক উপাধিতে নিজেদের ভূষিত করতে শুরু করে কলকাতার মল্লিকেরা। রাজারাম মল্লিক কলকাতায় চলে এসেছিলেন। কলকাতায় এসে পাথুরিয়া ঘাটাতে বসবাস করতে শুরু করেন। রাজারামের দাদা বৈদ্যনাথ দে মল্লিক তাঁদের বাড়িতে প্রথম সিংহ বাহিনী দেবতা মূর্তি প্রতিষ্ঠা করেন। এই দেবতার প্রায় ১৫০০ বছরের ইতিহাস রয়েছে। শোনা যায় রাজা মান সিং এই দেবতা প্রতিষ্ঠা করেছিলেন। মুঘলদের হাত থেকে দেবতাকে রক্ষা করতে একজন পুরোহিত চট্টগ্রামে দেবতাকে নিয়ে পালিয়ে যান। রাজা রাম মল্লিকের পুত্র দর্পনায়ারণ মল্লিক ১৬৭২ সালে জন্মগ্রহণ করেন। তিনি ১৭০৩ সালে কলকাতায় এসেছিলেন। ১৭১৩ সালে তাঁর পুত্র নয়ন চাঁদ মল্লিকের জন্ম হয়। নয়ন চাঁদের পুত্র নিমাই চরণ ১৮৩৬ সালে জন্ম গ্রহণ করেন। নিমাই চরণ একজন বিদ্বান ব্যক্তি ছিলেন।



ডেঙ্গি নিয়ে অভিনব সচেতনতা

দুরন্ত বার্তা, মালদা, ২৯ সেপ্টেম্বর ঃ শহরের রাস্তায় ঘুরছে ডেঙ্গি মশা। যা দেখে ছাত্ররাও মশারির তলে ঢুকে আসছে স্কুলে। একবারে হই হই কান্ড। গোটা শহরজুড়ে পড়ে গেছে শোরগোল। আর এই ডেঙ্গি মশাকে মারতেই একজোট স্কুল পড়ুয়াদের অভিভাবকরা। শুক্রবার সাতসকালে মশাবাহিত ডেঙ্গি রোগ প্রতিরোধের ক্ষেত্রেই সচেতনতামূলক প্রচারে এমনই অভিনব ভূমিকা নিয়েছে মালদা শহরের ললিত মোহন শ্যামমোহিনী প্রাথমিক বিদ্যালয়। সেখানে মশার রূপ দেওয়া হয়েছে একজন মানুষকে সাজিয়ে। অবিকল মশার সাজে সজ্জিত রূপ নিয়ে সকাল থেকেই ঘুরে বেড়ালো মালদা শহরের রাস্তায়। প্রাণভয়ে ছাত্রেরাও মশারির ভেতর ঢুকেই র‍্যালিতে অংশগ্রহণ করলো। এরকম অভিনব কায়দার প্রচার দেখতেই এদিন সকাল থেকেই মানুষ রাস্তায় দাঁড়িয়ে ভিড় করেন। আর এই সচেতনতামূলক র‍্যালিতে অংশ নেন সংশ্লিষ্ট স্কুলের শিক্ষক-শিক্ষিকা থেকে ইংরেজবাজার পুরসভার চেয়ারম্যান কৃষ্ণেন্দু চৌধুরী এবং ১১ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর সঞ্জয় দে-সহ বিশিষ্টজনেরা। উল্লেখ্য, মালদা শহরে ডেঙ্গি থাবা ক্রমাগত বেড়েই চলেছে। প্রতিদিনই মালদা মেডিকেল কলেজে হু হু করে বাড়ছে ডেঙ্গি আক্রান্তের সংখ্যা। জেলা স্বাস্থ্য দপ্তরের তথ্য অনুযায়ী, গত বছর এই মরশুমে ডেঙ্গি আক্রান্তের সংখ্যা ছিল ১১২ জন। চলতি বছর এই মাসের মরশুমে এখনও পর্যন্ত ১১২৩ জন ডেঙ্গিতে আক্রান্ত হয়েছেন। চলতি সপ্তাহে ৪০ জন ডেঙ্গি আক্রান্ত চিকিৎসাধীন রয়েছেন মেডিকেল কলেজে। আর এই পরিস্থিতিতেই জেলা প্রশাসন ডেঙ্গি নিধনের ক্ষেত্রে একটি টাস্কফোর্স গঠন করেছে। তবে মালদা শহরে এই প্রথম কোন প্রাথমিক বিদ্যালয়ের পড়ুয়াদের নিয়ে শিক্ষক-শিক্ষিকারা ডেঙ্গি সচেতনতামূলক প্রচারে র‍্যালি করলো। এদিন ললিত মোহন শ্যামমোহিনী প্রাথমিক বিদ্যালয়ের পক্ষ থেকেই একজন শিল্পীর মাধ্যমে মশা রূপ দেওয়া হয়। মশা কিভাবে ডেঙ্গি সংক্রমণ ছড়াচ্ছে তা র‍্যালির মাধ্যমে তুলে ধরা হয়। এক্ষেত্রে মশারি ব্যবহার করাটা কতটা জরুরি তাও কচিকাঁচা পড়ুয়াদের মাধ্যমে মানুষকে সচেতন করা হয়। ইংরেজ বাজার পুরসভার চেয়ারম্যান কৃষ্ণেন্দু চৌধুরী বলেন, কোনরকম ভাবেই বাড়িতে অযথা জমা জল যাতে না থাকে। মশার লার্ভা নিধনের ক্ষেত্রে ব্লিচিং পাউডার ছেটানো এবং নোংরা আবর্জনা পরিষ্কার করা নিয়ে সচেতন হতে হবে সকলকে। ইতিমধ্যে পুরসভা ও প্রশাসনের পক্ষ থেকে মালদা শহরের ছাদে যাতে জমা জল না থাকে তার জন্য ড্রোন উড়িয়ে তদারকি চালানো হচ্ছে। এদিন এই স্কুলের পক্ষ থেকেও ডেঙ্গি প্রতিরোধের ক্ষেত্রে সচেতনতামূলক র‍্যালি করা হয়েছে। ললিত মোহন শ্যামমোহনী প্রাথমিক বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক সমীর ঘোষ জানিয়েছেন, ডেঙ্গি সচেতনতায় এ দিন স্কুলের পড়ুয়াদের নিয়ে মালদা শহরে একটি র‍্যালি করা হয়েছে। সেখানে মশার আদলে একজনকে সজ্জিত করেই মানুষের কাছে প্রচারে তুলে ধরা হয়েছে। মশাবাহিত ডেঙ্গি প্রতিরোধের ক্ষেত্রে মানুষকে কিভাবে সচেতন হওয়া দরকার তাও স্কুলের ছাত্রদের মাধ্যমে র‍্যালিতে তুলে ধরা হয়।

ডেঙ্গি নিয়ে বৈঠক জেলা পরিষদে

দুরন্ত বার্তা, পূর্ব বর্ধমান, ২৯ সেপ্টেম্বর ঃ পূর্ব বর্ধমান জেলায় ডেঙ্গির প্রকোপ রুখতে শুক্রবার জরুরী ভিত্তিতে একটি বৈঠকের আয়োজন করা হয় পূর্ব বর্ধমান জেলা পরিষদের পক্ষ থেকে। এদিন বর্ধমানে সংস্কৃতির অ্যানেক্স হলে আয়োজিত ওই বৈঠকে উপস্থিত ছিলেন জেলা পরিষদের সভাধিপতি শ্যামাপ্রসন্ন লোহার, সহকারি সভাধিপতি গার্গি নাহা, অতিরিক্ত জেলাশাসক (জেলা পরিষদ) কাজল কুমার রায়, ডেপুটি সিএমওএইচ সুবর্ণ গোস্বামী সহ জেলা পরিষদের কর্মাধ্যক্ষ, জেলা স্বাস্থ্য দপ্তরের আধিকারিক ও পঞ্চায়েত সমিতির সভাপতিরা। জেলা সভাধিপতি শ্যামাপ্রসন্ন লোহার জানিয়েছেন, শনিবার থেকেই জেলাজুড়ে যুদ্ধকালীন তৎপরতায় মানুষকে সচেতন করার কাজে জোর দেওয়া হবে। ডেঙ্গি সংক্রান্ত সচেতনতামূলক প্রচারের পাশাপাশি বিভিন্ন জনপ্রতিনিধি থেকে শুরু করে স্বাস্থ্য বিভাগের কর্মীরা এমনকি জেলা প্রশাসনের আধিকারিকরাও মানুষের কাছে পৌঁছে যাবেন। বাড়ি বাড়ি পৌঁছে পরিদর্শন করা হবে। জমা জল পরিষ্কার, পয়ঃপ্রণালী সাফাই ও মশা নিয়ন্ত্রণে জোর দেওয়া হবে। জেলায় এখনও পর্যন্ত ৭৫০ জনের মত ডেঙ্গিতে আক্রান্তের খবর পাওয়া গেছে। যদিও কোনো মৃত্যুর ঘটনা এখনো ঘটেনি। জেলার সীমান্তবর্তী পূর্বস্থলী ১ ও পূর্বস্থলী ২ এবং কালনা ১, কালনা ২ এবং কাটোয়ার কিছু অংশেই ডেঙ্গির প্রকোপ বেশি বলে জানিয়েছেন জেলা সভাধিপতি। জেলার ডেপুটি সিএমওএইচ সুবর্ণ গোস্বামী জানান, মূলত শহরতলি এলাকা বলে হুগলী ও নদীয়া জেলা লাগোয়া এলাকাতেই ডেঙ্গির প্রকোপ বেশী ছড়িয়েছে। নদীয়াতে যাতায়াত বেশি রয়েছে পূর্বস্থলী ১ ও ২ ব্লকের মানুষজনদের আর হুগলিতে কালনা ১ ও ২ ব্লকের মানুষের বেশী যাতায়াত বলে ওই চারটি ব্লকে আক্রান্তের সংখ্যা বেশী বলেই লক্ষ্য করা যাচ্ছে। এছাড়া ভূপ্রাকৃতিক কারন হিসাবে দেখা যায় গাঙ্গেও উপত্যকা হিসাবে কালনা সাবডিভিশন এলাকাটা একটু নীচু। তাই ওই এলাকায় স্বাভাবিক ভাবেই জল জমে থাকার প্রবণতা বেশী। এ জেলায় সংক্রমণের সংখ্যা বেড়েছে অনেক পরে। প্রশাসন সতর্ক আছে। প্রতিদিন জেলায় কয়েকশো ডেঙ্গি পরীক্ষা করা হচ্ছে। এলাকা পরিদর্শনে যাচ্ছেন তারা। সচেতনতার প্রচার চলছে। পাঁচটি গ্রাম পঞ্চায়েতের এলাকায় বেশি জোর দেওয়া হয়েছে। তাছাড়া শীতকাল থেকেই ডেঙ্গি নিয়ে সচেতনতা শুরু হয়ে যায় পূর্ব বর্ধমান জেলায়। সেকারণেই সংখ্যাটা মাত্র ৭৫০তে আটকে রাখা গেছে এবং সরকারি বা বেসরকারি ভাবে কোন আক্রান্তের মৃত্যুর ঘটনা ঘটেনি যা অন্য জেলার তুলনায় অনেক বেশী সাফল্য ও সন্তোষজনক বলে দাবি করেছেন ডেপুটি সিএমওএইচ।

চিলড্রেন ন্যাশ্যানাল সায়েন্স কংগ্রেস

দুরন্ত বার্তা, রামপুরহাট, ২৯ সেপ্টেম্বর ঃ পশ্চিমবঙ্গ সরকারের বিজ্ঞান ও প্রযুক্তি দফতরের উদ্যোগে ৩১তম ন্যাশনাল চিলড্রেন সায়েন্স কংগ্রেস অনুষ্ঠিত হলো বীরভূমের মাড়গ্রামে। দুদিন ধরে চলবে এই অনুষ্ঠান। শুক্রবার অনুষ্ঠানের সূচনা করলেন রাজ্য বিধানসভার ডেপুটি স্পিকার তথা রামপুরহাটের বিধায়ক আশিস বন্দ্যোপাধ্যায়। অনুষ্ঠানে পড়ুয়াদের মধ্যে কেউ গড়েছে সৌরশক্তির প্রযুক্তি, আবার কেউ গড়েছে জল সঙ্কটের হাত থেকে রেহাই পাওয়ার প্রযুক্তি। আবার কেউ গড়েছে 'সেফ ড্রাইভ সেভ লাইভ' প্রযুক্তি। কেউ বা কৃষিকার্যে অত্যাধুনিক প্রযুক্তির ব্যবহার করে কৃষিতে বিপ্লব নিয়ে আসার প্রযুক্তির মডেল। তথ্য প্রযুক্তির বিভিন্ন মডেল নিয়ে হাজির হয়েছে ক্ষুদে বিজ্ঞানীরা। ক্ষুদে পড়ুয়াদের আগামীদিনে নানান বিষয়ে বৈজ্ঞানিক হিসেবে গড়ে তোলার লক্ষ্যে জাতীয় স্তরে প্রতিযোগীতার আয়োজন করা হয়। সেই জাতীয় স্তরের প্রতিযোগীতায় অংশগ্রহন করতে হলে রাজ্য স্তরে প্রতিযোগীতায়স্থান অধিকার করতে হয়। জেলা স্তরে প্রতিযোগীতার স্থান অধিকার করার পরই রাজ্য স্তরের প্রতিযোগীতায় অংশগ্রহন করার সুযোগ পাবে ক্ষুদে বিজ্ঞানীরা। সেই উদ্দ্যেশে বীরভূম জেলা ন্যাশনাল চিলড্রেন সায়েন্স কংগ্রেসের আয়োজন করা হলো। এই চিলড্রেন সায়েন্স কংগ্রেস প্রতিযোগীতায় অংশগ্রহন করে বীরভূম জেলার চারশোটি স্কুলের আটশোজন পড়ুয়া। তাদের তৈরী বিভিন্ন ধরনের আধুনিক প্রযুক্তির মডেল। তাদের তৈরী এই মডেল আগামীদিনে সমাজের বিভিন্ন পরিষেবামূলক সুবিধার কাজে লাগবে বলে প্রতিযোগীদের আশা।

ট্রেন থেকে নিখোঁজ পরিযায়ী শ্রমিক

দুরন্ত বার্তা, পাঁড়ুই, ২৯ সেপ্টেম্বর ঃ মুম্বইয়ে পরিযায়ী শ্রমিকের কাজে গিয়ে মাঝপথে ট্রেন থেকে নিখোঁজ এই রাজ্যের এক পরিযায়ী শ্রমিক। ঘটনায় উদ্বিগ্ন পরিবার। বীরভূমের পাড়ুই থানার সাত্তর অঞ্চলের মনোহরপুর গ্রামের বাসিন্দা রূপকুমার বাউরী। দুই সন্তান ও স্ত্রীকে নিয়ে তার বসবাস। গত সোমবার তার শ্বশুরবাড়ি পূর্ব বর্ধমান জেলার কেতুগ্রাম থানার অন্তর্গত পালিটা গ্রামের প্রতিবেশী কুমার সর্দারের সাথে রাজমিস্ত্রির কাজে ট্রেনে করে মুম্বাই যাচ্ছিলেন। মুম্বাই ঢোকার আগে আচমকা ট্রেন থেকে নিখোঁজ হয়ে যান. রূপকুমার বাউরী। ঘটনার পর চার দিন কেটে গেল আজও কোন খবর নেই। ঘটনার খবর পেয়ে উদ্বিগ্ন পরিবার বীরভূমের পাড়ুই থানায় অভিযোগ করতে গেলে ফিরিয়ে দেওয়া হয়। অভিযোগ নিতে অস্বীকার করে বলে দাবি পরিবারের। পরিযায়ী শ্রমিকদের জন্য বিশেষ কমিটিও গঠন করেছেন। মুখ্যমন্ত্রী পরিযায়ী শ্রমিকদের কথা ভাবলেও বীরভূমের পাড়ুই থানার পুলিশ কোন সহযোগিতা করছে না নিখোঁজ পরিযায়ী শ্রমিকের পরিবারকে। খুব স্বাভাবিকভাবেই চাঞ্চল্য ছড়িয়েছে মনোহরপুর গ্রামজুড়ে।

লোকশিল্পীদের সম্মেলন কোলাঘাটে

দুরন্ত বার্তা, কোলাঘাট, ২৯ সেপ্টেম্বর ঃ পূর্ব মেদিনীপুরের কোলাঘাট বলাকা মঞ্চে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তর ও জেলা প্রশাসন মিলিত ভাবে লোকশিল্পীদের সম্মেলন অনুষ্ঠিত করল। সেখানে জেলার বিভিন্ন প্রান্ত থেকে বাউল ও লোকশিল্পী ও পটশিল্পীরা উপস্থিত হন। লোকশিল্পী ও পটশিল্পীদের নিয়েই তাঁদের সুবিধা-অসুবিধার বিষয়ে আলোচনা করা হয়। উপস্থিত ছিলেন রাজ্যের মন্ত্রী বিপ্লব রায়চৌধুরী, প্রাক্তন মন্ত্রী সৌমেন মহাপাত্র সহ বিভিন্ন প্রশাসনিক কর্তারা। এই অনুষ্ঠান থেকে ঘোষণা করা হয় বিভিন্ন প্রকল্পে টাকা দেওয়া হবে লোকশিল্পীদের। স্বাভাবিক মৃত্যুতে ৫০হাজার, দুর্ঘটনায় মৃত্যুতে ২লাখ টাকা পাবেন শিল্পীরা। বা পরিযায়ী. শ্রমিক বাইরের রাজ্যে কাজে গিয়ে মৃত্যু হলে মৃতদেহ বাড়ি ফিরিয়ে আনতে ২৫ হাজার টাকা দেওয়া হবে। কাজ করতে করতে দুর্ঘটনাগ্রস্থ হয়ে পঙ্গু হলে ১লক্ষ টাকা পাবেন।

দিল্লির উদ্দেশ্যে রওনা দিলেন দার্জিলিং জেলার তৃণমূল কর্মী-সমর্থকরা

দুরন্ত বার্তা, শিলিগুড়ি, ২৯ সেপ্টেম্বর ঃ ১০০ দিনের কাজ, আবাস যোজনার প্রাপ্য বকেয়া টাকা আদায় করতে শুক্রবার দিল্লির উদ্দেশ্যে রওনা দিলেন দার্জিলিং জেলা তৃণমূল কংগ্রেসের কর্মী-সমর্থকরা। জানা গিয়েছে, হলদিবাড়ি সুপারফাস্ট এক্সপ্রেসে করে প্রথমে কলকাতা, এরপর দিল্লিতে যাবেন কর্মীরা। আগামী অক্টোবর মাসের ২ ও ৩ তারিখ দিল্লিতে কেন্দ্রের বিরুদ্ধে ধর্নায় সামিল হবেন তারা। এই ধর্না কর্মসূচির নেতৃত্ব দেবেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় এবং তৃণমূল কংগ্রেসের সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায়। শুক্রবার এনজেপি স্টেশনে দিল্লির উদ্দেশ্যে যাওয়া কর্মীদের জল এবং দুপুরের খাবার তুলে দেন দার্জিলিং জেলা তৃণমূল কংগ্রেসের সভানেত্রী পাপিয়া ঘোষ, আইএনটিটিইউসি নিউ জলপাইগুড়ি শাখার সভাপতি সুজয় সরকার সহ অন্যান্যরা।

Office of The
Chharra-Dumdumi Gram Panchayet
Under Purulia-II Development Block
PO: Chharra, PS: Purulia(M), Dist: Purulia
NOTICE INVITING e-TENDER No. 11/2023-24/CDGP dated-27/09/2023

e-Tenders are hereby invited from the experienced and resourceful bidders for execution of various schemes under different development fund. I) Date of Sale of tender document: **29/09/2023 to 06/10/2023.** Ii) Last date of submission tender documents: on or before **06/10/2023 up to 6.00 pm.** Date of opening of technical bid: **on 09/10/2023 at 11.30 AM** onwards. For further details please contact with the Office of the Chharra-Dumdumi Gram Panchayet.

Sd/- Pradhan
Chharra-Dumdumi Gram Panchayet

Office of the
Pingla Panchayat Samiti
Pingla ::: Paschim Medinipur.
E-TENDER

The Executive Officer, Pingla Panchayat Samiti invites Pingla Panchayat Samiti for sale of Standing Trees(34 nos). Last date of deposition of EMD and verification of other documents: **10.10.2023 up to 04:00pm.** Details of the Auction notice is available in Panchayat Samiti office Notice Board.

Sd/-
Executive Officer,
Pingla Panchayat Samiti

Office of the Pradhan, Polgustia Gram Panchayat under Jagatballavpur Development Block, Dist:-Howrah has invited E-Tender DATE EXTENTION CORRIGENDUM Notice. List of Tender Notice:- **1) NIT NO:-043/POL/E-TENDER/ SBM (G) & 15TH CFC (Tied)/2023-24 Sl No:-01, Dated:-20/09/2023. 2) NO:-044/POL/E-TENDER/SBM (G) & 15 th CFC (Tied)/2023-24 Sl No:-01, Dated:-20/09/2023.** End of Bid Submission DATE EXTENDED: **04/10/2023 at 3:00 PM.** OPENING TECHNICAL BIDS DATE EXTENDED:-**06/10/2023 at 3:15 PM** and The Details tender notice along with Tender Documents and others Forms is available at **http://wbtenderrs.gov.in**

Sd/- Pradhan
Polgustia Gram Panchayat
Howrah

ABRIDGE OFFLINE SHORT TENDER NOTICE
SNIT No.-EE/MID/SNIT-13/2023-24

The Exe. Engg., Malda Irrigation Divn., Green Park, Malda invites Offline Short Notice Tender. Last Date of application **03/10/2023** & Time up to **12.30 PM.** Tender paper issue Date **03/10/2023** & Time: **from 04:00 PM to 04.30 PM.** Details may be had from the office of the undersigned. For details visit the site **http://www.wbiwd.gov.in**

Sd/- Executive Engineer
Malda Irrigation Division
Green Park, Malda

Namkhana Gram Panchayat
Shibnagar Abad, Namkhana
Mail-namkhanagp@gmail.com

Office of the Namkhana Gram Panchayat, Namkhana, South 24 pgs, Online E-tender is invited from the Bonafide & successful agencies as per criteria mentioned in the tender website. **NIT No: 03/15th FC untied/NAMGP/2023-24. dt: 29/09/2023 (Fund-15th FC untied).** Last Date of Bid Submission: **05/10/2023, 16:30 Hrs.** Date of Opening: **07/10/2023, 15:00 Hrs.** For details Pl. contact the Office of the Namkhana Gram Panchayat, South 24 PGS. Visit: **https://wbtenders.gov.in**

Sd/- Prodhan
Namkhana Gram Panchayat

e-Tender Notice

P.O-cum-DWO, BCW&TD, Purulia invites e-tender of 2023-24.

NIT NO.	Tender Id	End date
NIT-8(e)	2023_DM_580475_1	13.10.2023

Details may be seen on website **http://wbtenders.gov.in**

Sd/-P.O-cum-D.W.O.
B.C.W, Purulia

e-Tender Notice

Pradhan, Pantihal Gram Panchayat under Jagatballavpur Dev. Block, Howrah invites e-tender vide **NIT No. Pant/NIT/381/2023, Pant/NIT/382/2023, Pant/NIT/383/2023, Pant/NIT/384/2023, Pant/NIT/385/2023, Pant/NIT/386/2023, Pant/NIT/387/2023, Dated 29/09/2023.** Last date of submission of Bid through online **10/10/2023 upto 11 AM.** For more information visit **https://www.wbtenders.gov.in.**

Executive Officer
Chanditala-I Panchayat Samity
MASHAT, HOOGHLY

Online E-tender is invited from the Bonafide & successful agencies as per criteria mentioned in the tender website. **NIT No: 10-PS/Ch1/2023-24 dt: 26/09/2023.& 11-PS/Ch1/2023-24 dt: 27/09/2023.** Last Date of Bid Submission: **12/10/2023, 11.00Hrs.** Date of Opening: **12/10/2023, 11.00 Hrs.** For details Pl. contact the Office of the Executive Officer, Mashat, Hooghly. Visit: **https://wbtenders.gov.in**

Sd/- Executive Officer
Chanditala-I Panchayat samity

HIRBANDH GRAM PANCHAYAT
Vill.-Tilabani, PO-Bauridiha, Dist-Bankura, Pin-722121
NIeT No.-06/Hir GP/2023-24(2nd Call), Date-29/09/2023

e-Tender are hereby invited by this office fom the bonafied, reliable, resourceful and experienced contractors for the different works. Fund: 15th FC. Last date of submission of Technical Bid & Financial Bid (online) on **06.10.2023 up to 06.00 PM.** Date of Opening of Bid at office of the Hirbandh Gram Panchayat on **09.10.2023 at 11.00 AM.** For details visit website **https://wbtenders.gov.in**

Sd/- Pradhan
Hirbandh Gram Panchayat

HIRBANDH GRAM PANCHAYAT
Vill.-Tilabani, PO-Bauridiha, Dist-Bankura, Pin-722121
NIeT No.-04/Hir GP/2023-24(3rd Call), Date-29/09/2023

e-Tender are hereby invited by this office fom the bonafied, reliable, resourceful and experienced contractors for the different works. Fund: 15th FC. Last date of submission of Technical Bid & Financial Bid (online) on **06.10.2023 up to 06.00 PM.** Date of Opening of Bid at office of the Hirbandh Gram Panchayat on **09.10.2023 at 11.00 AM.** For details visit website **https://wbtenders.gov.in**

Sd/- Pradhan
Hirbandh Gram Panchayat

NOTICE INVITING TENDER

NIT No. 03 (Sl. No. 1 to 11), NIT No. 04 (Sl. No. 1 to 8), & NIT No. 05 of 2023-24/PO/BCW/JAL, Dt. 29-09-2023 for construction of 11 nos. toilet blocks, sinking of 24 nos. Mark II Tube Wells and 1 no. solar operated submersible cum light duty tube well at different locations within the district of Jalpaiguri. Last date of bid submission is **06-10-2023 (for NIT No. 03 & 04)** and **13-10-2023 (for NIT No. 05).** Details may be known from the office of the undersigned on any working day. Visit **www.wbtenders.gov.in.**

Sd/- P.O.-cum-D.W.O.
BCW. Jalpaiguri

E-TENDER INVITING NOTICE
Tender Reference no.:- WB/HOW/BJPS/NIT-11/2023-24
(Memo No: 525/Panch, Dated: 29/09/2023)

Electronic Tenders are hereby invited by the Executive Officer, Bally Jagacha Panchayat Samity for implementation of two (02) nos. work within Bally Jagacha Panchayat Samity, Howrah. Details are available in **http://wbtenders.gov.in** & **https://etender.wb.nic.in** and Office Notice Board.

Sd/- Executive Officer
Bally Jagacha Panchayat Samity

Jiaganj–Azimganj Municipality
PO-Azimganj, Dt.-Murshidabad.

Chairman of J.A Municipality invites open eTender as below :-

Sl	Name of Work	Tender ID	Last date of Bid submission
1.	Supplying and delivery of 30 W LED Street light, NIeT No-11/2023	2023_MAD_581071_1	09.10.2023
2.	Construction of 'Bio-Diversity Park' at Azimganj Shivtala Ghat, at Ward-17, NIeT No-13/2023	2023_MAD_581124_1	09.10.2023
3	Supply of Trained Clerical Assistant in Semi Skilled Category one each for 02 Nos.of U-HWCs and Trained Cleaning Staff in Unskilled Category on each for 02 U-HWCs under Jiaganj-Azimganj Municipality. NIeT No-13/2023.	2023_MAD_581225_1	09.10.2023

Please see the details on **https://wbtenders.gov.in./**

Sd/- Chairman
Jiaganj – Azimganj Municipality

Hooghly-Chinsurah Municipality
Mahendra Mitra Road, Pipulpati, PO & Dist.-Hooghly
Tel.: 2680-2899/2319, Telefax.: 2680-6092
Notice for invitation Tender
Tender Notice No- 02/HCM/Eng/2023
Dated- 29.09.2023 Memo No- 3660/HCM/Eng/D.P

Sealed Tenders are invited from the experience and reliable contractors for the work Of Construction of Urinal at Chawkbazar more in ward no-06 under HCM 4th SFC fund. Details information will be available from Municipal office **30.09.2023 within 10.00 A.M. upto 04.10.23 at 2.00 P.M.** Purchase of Tender paper Dated **05.10.23 on 2 P.M.** & dropping date: **06.10.23 at 2.00 P.M.** For details information please visit website-**https:// wbtenders.gov.in**

Sd/-Chairman
Hooghly Chinsurah Municipality

Office of Moukhali Gram Panchayat
Under Bishnupur-II Panchayat Samity
South 24 Parganas
Notice Inviting E-Tender No.: MGP/302/2023, Date.-26.09.2023

The Prodhan, Moukhali Gram Panchayat, Bishnupur-II Panchayat Samity, South 24 Pgs. Invites online percentage rate tenders for the work of: Construction of Drain with concrete slab from (i) H/o Anuj Poali to Samir Dalapati Chember, (ii) From BLRO Office to college math, & construction of cover Drain from (i) Janapriya Decorators to Sakir sekh house, (ii) Mamudpur to Dhas Pukur, (iii) H/o Manashi Banu to Krishna Chandra Panja. Work completion period: 60 Days. Bid submission starting **from 28.09.2023 at 5.30 PM. up to 08.10.2023 at 11.00 PM.** Date of Opening of tender **10.10.2023 at 11:30 A.M.** For details visit website **www.wbtenders.gov.in**

Sd/- Prodhan
Moukhali Gram Panchayat

Office of Moukhali Gram Panchayat
Under Bishnupur-II Panchayat Samity
South 24 Parganas
Notice Inviting E-Tender No.: MGP/310/2023, Date.-27.09.2023

The Prodhan, Moukhali Gram Panchayat, Bishnupur-II Panchayat Samity, South 24 Pgs. Invites online percentage rate tenders for the work of: Construction of Submersible pump at Biswanath Kayal land. Work completion period: 60 Days. Bid submission starting **from 28.09.2023 at 5.30 PM. up to 08.10.2023 at 11.00 PM.** Date of Opening of tender **10.10.2023 at 11:30 A.M.** For details visit website **www.wbtenders.gov.in**

Sd/- Prodhan
Moukhali Gram Panchayat

ABRIDGED TENDER NOTICE
e-N.I.T. No. – WBEO/SUTAHATA/13/2023-2024

The Executive Officer, Sutahata Panchayat Samiti invites tender from bonafied bidders for installation of sub-mersible pump with pvc pipeline in different GP within Sutahata Panchayat Samiti Details may be accessed and duly responded through **http://www.wbtenders.gov.in from 30th September,2023(Saturday)at 10-00Hours to 6th October, 2023(Friday)up to 17-00Hours.**

Sd/- Executive Officer
Sutahata Panchayat Samiti

ULUBERIA MUNICIPALITY
TENDER NOTICE
Notice Inviting e-Tender No.-WBMAD/UM/306/e-Tender/2023-24, Dated: 29.09.2023,

(Construction of cover slab drain, Road & Bullah Piling in different ward Under Uluberia Municipality.) Details are available in the **www.wbtender.gov.in**

Sd/- Executive Officer
Uluberia Municipality

পূর্ব রেলওয়ে

টেন্ডার বিজ্ঞপ্তি নং ঃ ২২২-এস/১/ডব্লু-II, তারিখ ২৭.০৯.২০২৩। ডিভিসনাল রেলওয়ে ম্যানেজার, পূর্ব রেলওয়ে, শিয়ালদহ, ডিআরএম বিল্ডিং, কাইজার স্ট্রিট, কলকাতা-৭০০০১৪ নিম্নলিখিত কাজের জন্য অনলাইনে ই-টেন্ডার আহ্বান করছেন। **ক্র.নং ১, টেন্ডার নং ঃ টিএন-১০৮-২৩-২৪। কাজের নামঃ** ১ বছরের জন্য এইএন/বহরমপুর কোর্টের অধিকারক্ষেত্রের অধীনে এসএসই/পি.ওয়ে/ভগবানগোলায় বিভিন্ন ট্র্যাক রক্ষণাবেক্ষণ কাজ সহ সকল সংশ্লিষ্ট কাজ। **টেন্ডার মূল্যমান:** ৬৮,৭২,৯৬১.৮৮ টাকা। **ইএমডি :** ১,৩৭,৫০০ টাকা। **ক্র.নং ২, টেন্ডার নং ঃ টিএন-১০৯-২৩-২৪। কাজের নামঃ** ১ বছরের জন্য এইএন/বহরমপুর কোর্টের অধিকারক্ষেত্রের অধীনে এসএসই/পি.ওয়ে/বেলডাঙ্গায় বিভিন্ন ট্র্যাক রক্ষণাবেক্ষণ কাজ সহ সকল সংশ্লিষ্ট কাজ। **টেন্ডার মূল্যমান:** ৮৯,৫০,৩৪৮.১০ টাকা। **ইএমডি :** ১,৭৭,০০০ টাকা। **কাজ শেষের মেয়াদ:** ১২ মাস প্রতিটির জন্য। **টেন্ডার বন্ধের তারিখ ও সময়ঃ** ২০.১০.২০২৩ তারিখ দুপুর ৩টে প্রতিটির জন্য। **টেন্ডার খোলার তারিখ ও সময় :** ২০.১০.২০২৩ তারিখ দুপুর ৩.৩০ মিনিট প্রতিটির জন্য। টেন্ডার নথিপত্র এবং বিস্তারিত বিবরণ **www.ireps.gov.in** ওয়েবসাইট থেকে পাওয়া যাবে। উপরোক্ত ওয়েবসাইটে ই-টেন্ডারিংয়ের মাধ্যমে টেন্ডারের জন্য বিডিং জমা করতে হবে। ম্যানুয়াল অফার সরাসরি বাতিল করা হবে। (SDAH-211/2023-24)

ওয়েবসাইট : **www.er.indianrailways.gov.in / www.ireps.gov.in**-এ টেন্ডার বিজ্ঞপ্তি পাওয়া যাবে

আমাদের অনুসরণ করুন: **@EasternRailway** **@easternrailwayheadquarter**

Sultanpur Gram Panchayat
Vill.+P.O.- Sultanpur, Purba Bardhaman
Notice Inviting e-Tender

e-Tenders are invited by the Prodhan, Sultanpur Gram Panchayat, Sultanpur, Purba Bardhaman, under Kalna-I Dev. Block. **e-NIT No.: i) 04/SUL/2023-24 & ii) 05/SUL/2023-24, Date: 26.09.2023.** Last Date of Bid Submission: **06.10.2023 up to 06:00 PM.** For details information please visit **www.wbtenders.gov.in** & undersigned GP Office.

Sd/-
Prodhan
Sultanpur Gram Panchayat

NOTICE INVITING e-TENDER

Joteghanashyam Gram Panchayat under Daspur-II Development Block Invites following online eTender. Last date of Bid submission (online) **09/10/2023 up to 5.00 p.m.** The details can be obtained from the website **http://wbtenders.gov.in**

NIT-17/2023-2024.Memo-283. Date-26.09.2023.
NIT-18/2023-2024.Memo-284. Date-26.09.2023.
NIT-19/2023-2024.Memo-285. Date-26.09.2023.
NIT-20/2023-2024.Memo-286. Date-26.09.2023.
NIT-21/2023-2024.Memo-287. Date-26.09.2023.
NIT-22/2023-2024.Memo-288. Date-26.09.2023.
NIT-23/2023-2024.Memo-289. Date-26.09.2023.
NIT-24/2023-2024.Memo-290. Date-26.09.2023.
NIT-25/2023-2024.Memo-291. Date-26.09.2023.
NIT-26/2023-2024.Memo-292. Date-26.09.2023.
NIT-27/2023-2024. Memo-293. Date-26.09.2023.
NIT-28/2023-2024. Memo-294. date-26.09.2023.
NIT-29/2023-2024.Memo-295. Date-26.09.2023.
NIT-30/2023-2024. Memo-296. Date-26.09.2023.
NIT-31/2023-2024.Memo-297. Date-26.09.2023.
NIT-32/2023-2024.Memo-298. Date-26.09.2023.

Sd/- Kaberi Manna
Pradhan,
Joteghanashyam Gram Panchayat

Government of West Bengal
ABRIDGED NOTICE INVITING TENDER
NOTICE INVITING TENDER NO. WBIW/EEMED/SNIT-06/2023-24

Tenders are hereby invited by the EE/MED from the eligible & resourceful Contractors having requisite similar nature credential for execution of 1 (One) nos. work. Last date & time of for application for Tender Form on **03.10.2023 up to 17.00 Hours.** Details may be seen at website **https://wbtenders.gov.in.**

Sd/-Executive Engineer
Mahananda Embankment Division, I.&W.Dte., Green Park, Malda.

NIeT No.: WB/HWH/AGP/NIeT-246, Dated: 29/09/2023

An e-tender notice for 1 no. work has been published. Details are available in **http://wbtenders.gov.in.** Bid submission start dt.: **03/10/2023 at 6:00 p.m.** Bid submission closing dt.: **10/10/2023 at 06:00 p.m.**

Sd/- Pradhan
Antila G.P.
(under Bagnan-II Block)

Notice Inviting e-Tender No – 06/2023-24 (Tender ID 2023_ZPHD_580166), 07/2023-24 (Tender ID 2023_ZPHD_580277) & 08/2023-24 (Tender ID 2023_ZPHD_581110) Pradhan Ramsagar GP has invited percentage rate e-Tender for total 17 (seventeen) nos works. Last date of documents download and bid submission is **07th October, 2023 at 18:00 hrs.** For details please visit website **https://wbtenders.gov.in.**

Sd/- Pradhan
Ramsagar Gram Panchayata

Office of Moukhali Gram Panchayat
Under Bishnupur-II Panchayat Samity
South 24 Parganas
Notice Inviting Tender No.: NAH/305/2023, Date.-27.09.2023

Sealed Tender is invited from the experienced and resourceful bidders for the work of (i) Construction of Conc. Road from N.D. road to H/o Maya Chakraborty, (ii) Const. of Road from N.D. road to H/o Gopal Bodhak. Work completion period: 30 Days. Date of sale of Tender Firm on any working day **from 28.09.2023 to 09.10.2023(from 12 pm to 5 pm).** Last date of dropping of Sealed Tender Form on or before **10.10.2023 up to 1 pm.** Date of Opening of Tender **10.10.2023 at 3 pm.** For details visit office of the undersigned on any working days.

Sd/- Prodhan
Moukhali Gram Panchayat

Office of Moukhali Gram Panchayat
Under Bishnupur-II Panchayat Samity
South 24 Parganas
Notice Inviting Tender No.: NAH/306/2023, Date.-27.09.2023

Sealed Tender is invited from the experienced and resourceful bidders for the work of Tally pilling at (i) North side of Subal bag's house, (ii) Chapala Kanthal's pond. Work completion period: 30 Days. Date of sale of Tender Firm on any working day **from 28.09.2023 to 09.10.2023 (from 12 pm to 5 pm).** Last date of dropping of Sealed Tender Form on or before **10.10.2023 up to 1 pm.** Date of Opening of Tender **10.10.2023 at 3 pm.** For details visit office of the undersigned on any working days.

Sd/- Prodhan
Moukhali Gram Panchayat

SHIBRAMPUR GRAM PANCHAYAT
P.O.-Rajnagar Biswambhar,
Block Mamkhana, Dist.-South 24 Pgs., W.B.
NIT No.-60/SGP/2023. Dated-23/09/2023
NIT No.-61/SGP/2023. Dated-23/09/2023
NIT No.-62/SGP/2023. Dated-23/09/2023
NIT No.-63/SGP/2023. Dated-23/09/2023

Last date of Submission On or before **03/10/2023 (up to 4.30PM).** Date of Opening **-05/09/2023 (From 4:30 P.M.)** (For viewing Tender:- **www.wbtenders.gov.in)**

Thanking You
Sd/- Prodhan
Shibrampur Garm Panchayat

Office of Moukhali Gram Panchayat
Under Bishnupur-II Panchayat Samity
South 24 Parganas
Notice Inviting E-Tender No.: MGP/303/2023, Date.-26.09.2023

The Prodhan, Moukhali Gram Panchayat, Bishnupur-II Panchayat Samity, South 24 Pgs. Invites online percentage rate tenders for the work of: Construction of Concrete road from (i) H/o Brojen Samanta to Harulal Ghorul, (ii) H/o Guiram Mondal to Sandip Mondal, (iii) H/o Momin Molla to Idris Molla, (iv) H/o Binapani Khanra to Sukumar Khan. Work completion period: 60 Days. Bid submission starting **from 28.09.2023 at 5.30 PM. up to 08.10.2023 at 11.00 PM.** Date of Opening of tender **10.10.2023 at 11:30 A.M.** For details visit website **www.wbtenders.gov.in**

Sd/- Prodhan
Moukhali Gram Panchayat

OFFICE OF THE HARIPUR GRAM PANCHAYAT
Haripur, P.O.-Haripur, P.S.-Namkhana
Dist-South 24 Parganas
Memo No.-867/HGP/2023, Dt.-29/09/2023
Notice Inviting e-Tender No.-14/(2023-2024), Dt:-29/09/2023

Sealed Tender is invited by the Prodhan On behalf of ortho-o- parikalpana upasamity from experienced, resourcefull bonafide contractors/agencies for similar nature of works. Source of Fund: XV FC 1ST inst. Tied/(23-24). Work Completion Period: 30 Days. From the issue of work order. Date of uploading e-NIT(online) on **29/09/2023 at 11:00 AM.** E-Tender document download starting from **29/09/2023 at 12:00 NOON.** Last date of submission of Technical bid on **09/10/2023 at 1:30 PM.** And Opening on **11/10/2023 at 2:00 PM.** For details please visit website **https://wbtenders.gov.in** or office of the undersigned on any working days.

Sd/- Prodhan
Haripur Gram Panchayat

নরবেন টি অ্যান্ড এক্সপোর্টস লিমিটেড
CIN : L01132WB1890PLC048991
রেজি. অফিস ঃ ১৫বি, হেমন্ত বসু সরণী, ৩য় ফ্লোর, কলকাতা-৭০০০০১
ফোন নং. ২২১০০৫৫৩, ফ্যাক্স নং. ০৩৩ ২২১০০৫৪১
E-mail:enquiry@norbentea.com; Website:www.norbentea.com

বিজ্ঞপ্তি

এতদ্বারা সদস্যদের জানানো যাইতেছে যে অতিরিক্ত-সাধারণ সাধারণ সভা নরবেন টি অ্যান্ড এক্সপোর্টস লিমিটেড সদস্যদের অনুষ্ঠিত হবে বুধবার, ১ নভেম্বর, ২০২৩ বেলা ১১.৩০ ঘটিকায় (আইএসটি) ভিডিও কনফারেন্সিংয়ে (ভিসি) অথবা অন্যান্য অডিও ভিজুয়াল মাধ্যমে (ওএভিএম) অনুসারী হিসাবে বন্দোবস্ত কোম্পানি আইন, ২০১৩ (আইন) এবং অন্যান্য প্রযোজ্য সার্কুলার এমসিএ সার্কুলার নং. ২০ / ২০২০, ১০ / ২০২২ এবং ০৯ / ২০২৩ তারিখ ৫ মে, ২০২০, ২৮ ডিসেম্বর, ২০২২ এবং ২৫ সেপ্টেম্বর, ২০২৩ যৌথভাবে এবং অন্যান্য সার্কুলার জারি করেছে এমসিএ আলোচ্য বানিজ্যসূচী যা দেওয়া রয়েছে অতিরিক্ত-সাধারণ সাধারণ সভার নোটিসে তারিখ ২৫ সেপ্টেম্বর, ২০২৩।

উল্লেখিত সার্কুলার ভিত্তিতে, ইওজিএম নোটিস পাঠানো হয়েছে ইমেলে রেজিস্টার থাকা ইমেল আইডিতে শেয়ার হোল্ডারদের যা রেজিস্টার রয়েছে কোম্পানি অথবা রেজিস্টার এবং শেয়ার ট্রান্সফার এজেন্টের (আরটিএ) কাছে অথবা অন্যান্য ডিপোসিটারি পার্টিসিপেন্টে এবং একই যা প্রেরণ সম্পূর্ন করা হয়েছে ২৯ সেপ্টেম্বর, ২০২৩।

যে সদস্যরা রেজিস্টার করাননি নিজেদের ই-মেল ঠিকানা এবং মোবাইল নাম্বার তাদের অনুরোধ যোগাযোগ করুন এবং আপডেট করান নিজেদের বিস্তারিত তথ্যাবলী ডিপিতে যদি শেয়ার ধরা থাকে ডিম্যাট ফর্মে এবং যে সদস্যরা শেয়ার ধরে রেখেছেন ফিজিক্যাল ফর্মে তাদের অনুরোধ আপডেট করাতে কোম্পানির রেজিস্টার এবং শেয়ার ট্রান্সফার এজেন্টের কাছে।

অনুসারী ধারা ১০৮ কোম্পানি আইন, ২০১৩ সঙ্গে পড়তে হবে ধারা ২০ কোম্পানি (প্রশাসনিক এবং পরিচালন) সংশোধনী ধারা, ২০১৫ অনুসারে যে, কোম্পানি আনন্দিত শেয়ারহোল্ডারদের তাদের ভোট প্রদানের সুবিধা দিতে বৈদ্যুতিন পদ্ধতি ব্যবহার করে যা বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে। বিস্তারিত অনুসারী বন্দোবস্ত কোম্পানি আইন, ২০১৩ এবং ধারা যা নিম্নে দেওয়া হল ঃ

ক) রিমোট ই-ভোটিং শুরুর তারিখ ও সময় ঃ ২৯ অক্টোবর, ২০২৩ সকাল ৯ ঘটিকা।
খ) ই-ভোটিং শেষের তারিখ ও সময় ঃ ৩১ অক্টোবর, ২০২৩ বিকাল ৫ ঘটিকা।
গ) কাট-অফ তারিখ ঃ ২৫ অক্টোবর, ২০২৩।
ঘ) বিনিয়োগকারী যারা কোম্পানির সদস্য হয়েছে তাদেরকে নোটিশ / ই-মেল পাঠানো হয়েছে এবং শেয়ার হোল্ড করা রয়েছে কাট-অফ তারিখ ২৫ অক্টোবর, ২০২৩ পর্যন্ত, তাদের অনুরোধ করা হচ্ছে চিঠি পাঠাতে বা ই-মেল দ্বারা যোগাযোগ করতে কোম্পানির সাথে-investorcare@norbentea.com নিজেদের ফোলিও নং / ডিপি আইডি এবং ক্লায়েন্ট আইডি উল্লেখ করে ই-ভোটিংয়ের জন্য লগ-ইন আইডি ও পাসওয়ার্ড পাওয়ার জন্য।
ঙ) রিমোট ই-ভোটিং ৩১ অক্টোবর, ২০২৩ বিকাল ৫ ঘটিকার পর গ্রাহ্য হবে না।
চ) কোন সদস্য ই-ভোটিং মাধ্যমে ভোটদান করার পর সভায় উপস্থিত হতে পারবেন কিন্তু তিনি সভাস্থলে ভোটদান করতে পারবেন না।
ছ) সদস্যদের রেজিস্টার রেকর্ড অথবা ডিপোসিটারি দ্বারা রক্ষণাবেক্ষণ হওয়া বেনিফিশিয়াল ওনার্স রেজিস্টারে যে সদস্যের নাম রয়েছে কাট-অফ তারিখের মধ্যে, তারাই কেবল মাত্র রিমোট ই-ভোটিং মাধ্যমে ও বার্ষিক সাধারণ সভাস্থলে ভোট প্রদান করার সুবিধা পাবেন।
জ) ভোটাধিকারের সুবিধা ইলেকট্রনিক ভোটিং ব্যবস্থায় পাওয়া যাবে ইওজিএমে ভিসি / ওএভিএম মাধ্যমে। কেবলমাত্র সেই সদস্যরা যোগ দিতে পারবেন সভায় ভিসি / ওএভিএম মাধ্যমে যারা ভোট দেননি ই-ভোটিং ব্যবস্থায় তারাই সভা চলাকালীন ভোটাধিকার পাবেন। কোন সদস্য আলোচনার ওপর ভোটদান করার পর তিনি এজিএমে অংশ নিতে পারবেন ভিসি / ওএভিএম মাধ্যমে কিন্তু আলোচনার বিষয়ে তিনি ভোট দিতে পারবেন না। সদস্য একবার ভোটদান করলে তিনি পরবর্তী সময়ে তা আর পরিবর্তন করতে পারবেন না।
ঝ) অতিরিক্ত-সাধারণ সাধারণ সভার নোটিশ পাওয়া যাবে কোম্পানির ওয়েবসাইট-www.norbentea.com এবং সিডিএসএল ওয়েবসাইটে-www.evotingindia.com।
ঞ) ইলেকট্রনিক ভোটিং নির্দেশাবলী, শেয়ারহোল্ডার অতিরিক্ত-সাধারণ সাধারণ সভার নোটিশে প্রাপ্ত নির্দেশাবলী দেখুন যদি কোন প্রশ্ন / সহায়তা প্রয়োজন হয় ইলেকট্রনিক ভোটিং সংক্রান্ত শেয়ারহোল্ডাররা দেখতে পারেন ফ্রিকোয়েন্টলি আস্কড কোয়েশ্চান (''এফএকিউএস'') এবং ই-ভোটিং ইউজার ম্যানুয়াল শেয়ারহোল্ডারদের পাওয়া যাবে ঃ-www.evotingindia.com অধীন হেল্প সেকশানে অথবা যোগাযোগ করতে পারেন শ্রী মনোজ কুমার দাগা, ম্যানেজিং ডিরেক্টর, ১৫বি, হেমন্ত বসু সরণী, কলকাতা-৭০০০০১ দপ্তরে অথবা ই-মেল পাঠান- investorcare@norbentea.com অথবা কল করুন +৯১ ৩৩ ২২১০০৫৫৩।

নরবেন টি অ্যান্ড এক্সপোর্টস লিমিটেড
স্বা /-
মনোজ কুমার দাগা
ম্যানেজিং ডিরেক্টর
DIN : 00123386

স্থান ঃ কলকাতা
তারিখ ঃ ২৯ সেপ্টেম্বর, ২০২৩

গৃহকোণ

ঘরের কোথায় কেমন ল্যাম্পশেড রাখবেন

একটা সময় ছিল, শুধু বসার ঘরেই ল্যাম্পশেডের ব্যবহার হতো। কিন্তু আজকাল প্রায় সব ঘরের আলোকসজ্জাতেই ল্যাম্পশেডের ব্যবহার হচ্ছে। ল্যাম্পশেড নিয়ে কাজও হচ্ছে এখন ব্যাপক। আপনার ঘরের আবহ বদলে দিতে পারে যথাযথ ল্যাম্পশেড। যেকোনো ঘরেই যেকোনো আদলের আসবাবের সঙ্গে ল্যাম্পশেড ব্যবহার করতে পারেন। ল্যাম্পশেড ব্যবহারের সবচেয়ে মজার দিক হলো, এর আলো-আঁধারি ছায়া চেনা ঘরও অচেনা আর নতুন করে তোলে। অনেক সময় দেখা যায়, দোকানে হয়তো বেশ নজর কাড়ছে কোনো একটা ল্যাম্পশেড কিন্তু বাসায় আনার পর অন্দরসজ্জার সঙ্গে একেবারেই বেমানান লাগছে। এ প্রসঙ্গে অন্দরসজ্জাবিদ গুলশান নাসরীন চৌধুরী বলেন, ঘরে কী ধরনের আসবাব আছে, তা দেখে ল্যাম্পশেড কেনা ভালো। যদি কাঠের আসবাব থাকে, সে ক্ষেত্রে একটু লম্বাটে ধরনের ফ্লোর ল্যাম্পশেড বেছে নিতে হবে। অ্যান্টিক ফার্নিচারের ক্ষেত্রে ল্যাম্পশেডও অ্যান্টিক হলে ভালো। আর আসবাব যদি বেতের হয়, তাহলে ল্যাম্পশেডও বেতের হতে হবে। বাজারে এখন নানা ধরনের ল্যাম্পশেড পাওয়া যায়। কোনোটা মেঝেতে রাখার উপযোগী, কোনোটা আবার টেবিলের ওপর। আবার কোনো ল্যাম্পশেড দেওয়াল থেকে ঝুলিয়ে দিতে পারেন ঘরের কোণে। ল্যাম্পশেড তৈরির উপকরণগুলোও এখন বেশ আকর্ষণীয়। পুঁতি, কাপড়, কাঠ, কাগজ, বাঁশ, বেত, হোগলাপাতা, এমনকি পুরোনো কাপড় দিয়েও তৈরি হচ্ছে ল্যাম্পশেড। বসার ঘরের আয়তন যদি বড় হয়, একাধিক ল্যাম্পশেড ব্যবহার করতে পারেন। ঘর যদি দেশীয় ঘরানার হয়, তাহলে সিলিং থেকে বেতের ল্যাম্পশেড ঝুলিয়ে দিতে পারেন। রঙিন ল্যাম্পশেড ব্যবহার করে বদলে দিতে পারেন ঘরের কোণ। ধরুন পুরো বসার ঘরের দেয়ালে থাকল সাদা রঙের ব্যবহার, কিন্তু কর্নারটিকে রাঙিয়ে নিলেন লাল অথবা হলুদ রঙে। এবার লম্বা ল্যাম্পশেড বসিয়ে দিন ঘরের কোণে। দেখুন কেমন বদলে গেছে বসার ঘরের চেহারা! যদি বসার ঘরে তাক বা ক্যাবিনেট থাকে, তখন ল্যাম্পশেড এই আসবাবগুলোর ওপর স্থাপন করতে পারেন। সে ক্ষেত্রে ছোট আকৃতির ল্যাম্পশেড বেছে নিতে হবে। যদি ঘরে আসবাব একেবারেই কম থাকে, তাহলে সিলিংয়ে দুই থেকে তিনটি ল্যাম্পশেড একসঙ্গে ব্যবহার করতে পারেন। তবে ল্যাম্পশেডগুলো এখানে ঝুলিয়ে দেওয়া যাবে না, বরং সিলিংয়ের সঙ্গে বসিয়ে দিলে ভালো দেখাবে।

সাধারণত বসার ঘরের ল্যাম্পশেড হালকা আলোর ব্যবহারই আরাম দেবে। খাবার ঘরে সাধারণ ল্যাম্পশেডেই ভালো দেখাবে। তবে একটু নতুনত্ব আনতে খাবার ঘরের কর্নারে মেঝেতে একসঙ্গে তিনটি ল্যাম্পশেড রাখতে পারেন। সব কটিই লম্বাটে হবে, তবে একেকটা ল্যাম্পশেডের দৈর্ঘ্য একেক রকম হলে দেখতে ভালো লাগবে। অনেকে খাবার টেবিলের সেন্টার থেকে ঝুলিয়ে দেন ল্যাম্প। এতে সুবিধা হলো টেবিলের অংশই শুধু আলোকিত হবে, বাড়তি আলোর ঝলকানি না থাকায় টেবিলে বসা একজন আরেকজনের মুখ দেখতে কোনো অসুবিধা হবে না। শোবার ঘরে যেদিকে বিছানা থাকবে, তার একদিকে সিলিং থেকে ল্যাম্পশেড ঝুলিয়ে দিলে ভালো দেখাবে। চাইলে এই ঘরে কর্নারে রাখতে পারেন ল্যাম্পশেড। খুব বেশি জমকালো নয়, বরং একরঙা কাগজে তৈরি ল্যাম্পশেড শোবার ঘরে বেশি মানায়। শোবার ঘরে যদি সাইড টেবিল থাকে, তাহলে সেটার ওপরও একটা চিমনি আকৃতির ল্যাম্পশেড রাখতে পারেন। আজকাল অনেকেই বারান্দাতেও ল্যাম্পশেড ব্যবহার করে থাকেন। দোকানে যে বেতের গোলাকৃতির সিলিং ল্যাম্পশেডগুলো পাওয়া যায়, এ ধরনের ল্যাম্পশেড বারান্দার সিলিংয়ে লাগাতে পারেন। এ ক্ষেত্রে ল্যাম্পশেডে একটু উজ্জ্বল বা রঙিন আলোর ব্যবহার মন্দ লাগবে না। তবে যে ঘরেই ল্যাম্পশেডের ব্যবহার করুন না কেন, খেয়াল রাখবেন সেসব ঘরে যেন খুব বেশি আসবাবের ব্যবহার না থাকে। তাহলে ল্যাম্প শ্যাডের আঁধারি আলোয় ঘর আরও ঘিঞ্জি মনে হবে। হালকা আসবাবে ল্যাম্পশেডের আলো একধরনের মায়াবী আবহ আনে। আরেকটি বিষয় ল্যাম্পশেডে ঘর সাজানোর সময় মাথায় রাখা জরুরি। তা হলো ভিন্টেজ ইন্টেরিয়র বা বিদেশি আসবাবে সাজানো ঘরে দেশীয় উপকরণের ল্যাম্পশেডের ব্যবহার এ।য়ে যেতে হবে। পরিবর্তে ব্যবহার করতে পারেন রট আয়রনের ফ্রেমে তৈরি ল্যাম্পশেড। একটু ঝালর বা জমকালো কাপ। বসানো ল্যাম্পশেডও এ ধরনের অন্দরসজ্জায় মানিয়ে যাবে। বনানীর যাত্রাতে আছে ল্যাম্পশেডের বিশাল সংগ্রহ। কাপ।, বাঁশ, বেতে তৈরি ল্যাম্পশেড তো আছেই, এখানকার অন্যতম আকর্ষণ রিকশা পেইন্টের ল্যাম্পশেড। ১ হাজার ২০০ টাকা থেকে দাম শুরু। এখানকার বেশির ভাগ ল্যাম্পশেড ফ্লোর বা মেঝেতে রাখার উপযোগী। এদিকে পুঁতি দিয়ে তৈরি আয়তাকার, বৃত্তাকার, ত্রিভুজ-এমনই নানা জ্যামিতিক ল্যাম্পশেড পাওয়া যাবে শপিংমলে। এ ছাড়া জেডিপিসি, অরণ্য, খুঁতে পাবেন বৈচিত্র্যময় ল্যাম্পশেড।

বিষাদের সুর মহারাষ্ট্রে, মুম্বইয়ে ৮৩ হাজার ছোট-বড় গণেশ মূর্তির বিসর্জন

মুম্বই, ২৯ সেপ্টেম্বর ঃ মুম্বই সহ সমগ্র মহারাষ্ট্রে ভগবান গণেশকে জাঁকজমকভাবে বিদায় জানানো হচ্ছে। শুক্রবার সকাল ৯টা নাগাদ লালবাগের গণেশ মূর্তির বিসর্জন অত্যন্ত ভক্তির সহকারে করা হয়েছে। ভক্তরা তাদের প্রিয় গণেশকে গণপতি বাপ্পা মোরিয়া, আসছে বছর আবার হবে, বলে বিসর্জন দেয়। শুক্রবার মুম্বইয়ে ব্যাপক উৎসাহ উদ্দীপনার সঙ্গে ৮৩ হাজার ছোট-বড় গণেশ মূর্তির বিসর্জন সম্পন্ন হয়েছে। পুণে শহরে ভক্তরা উৎসাহের সঙ্গে বাদ্যযন্ত্র বাজিয়ে ভগবান গণেশের বিসর্জন করে। বৃহস্পতিবার সকাল থেকেই মুম্বইয়ে গণেশ বিসর্জন শুরু হয়। বৃহস্পতিবার সকাল ১০টা নাগাদ লালবাগের গণপতির বিসর্জনের যাত্রা শুরু হলেও কয়েক কিলোমিটারের রাস্তা অতিক্রম করতে ২৩ ঘন্টা সময় পেরিয়ে যায়। বহু স্থানে লালবাগের গণেশ মূর্তির দর্শনে ভিড় জমায় জনগণ। শুক্রবার সকাল ৮টা নাগাদ লালবাগের রাজা যখন গিরগাঁও চৌপাটিতে পৌঁছান, তখন লক্ষ লক্ষ মানুষ হাত তুলে গণেশকে দর্শন করেন। সকাল ৯টা ১৫ মিনিট নাগাদ লালবাগের রাজাকে সমুদ্রে বিসর্জন দেওয়া হয়। ওয়ারলি, গিরগাঁও চৌপাট্টি, জুহু চৌপাট্টি, মার্ভ সহ মুম্বইয়ের সর্বত্র ঘাটে গণেশ ভক্তদের ভিড় ছিল চোখে পড়ার মতো। সমস্ত গণেশ ভক্তরা ঢোল তাশার তালে ভগবান গণেশকে নাচিয়ে বিসর্জনের স্থানের দিকে এগিয়ে যান। বিসর্জন উপলক্ষ্যে মুম্বই শহরের প্রতিটি কোণায় প্রায় ২০ হাজার পুলিশ কর্মী মোতায়েন করা হয়েছিল। সেজন্য কোথাও কোনও অপ্রীতিকর ঘটনা ঘটতে পারেনি।

ভুল ইনজেকশনে কিশোরীর মৃত্যু যোগীরাজ্যে

উত্তরপ্রদেশ, ২৯ সেপ্টেম্বর ঃ একটা ভুল ইনজেকশন। আর তাতেই মৃত্যু কিশোরীর। তারপরই জনরোষ ও জনতার হাতে মার খাওয়ার ভয়ে একটি মোটর বাইকের উপর ওই কিশোরীর প্রাণহীন নিথর দেহ বসিয়ে রেখে পালাল হাসপাতাল কর্মীরা। অত্যন্ত নক্ক্যারজনক এই ঘটনাটি ঘটেছে যোগীরাজ্য উত্তরপ্রদেশে। উত্তরপ্রদেশের মৈনপুরীতে একটি বেসরকারি হাসপাতাল। সেখানেই চিকিৎসকের ভুল ইনজেকশন দেওয়ার জেরে মৃত্যু হয় ১৭ বছরের এক কিশোরীর। ওই কিশোরীর পরিবারের অভিযোগ, এরপরই হাসপাতালের কর্মীরা বাইরে রাখা একটি মোটর বাইকে কিশোরীর দেহ ফেলে রেখে পালিয়ে যায়। এমনকি তার যে মৃত্যু হয়েছে, তা পরিবারকে জানায়ও পর্যন্ত না। কিছু না জানিয়েই পালিয়ে যায়। জনরোষের ভয়েই ডাক্তার ও হাসপাতালের কর্মীরা সবাই পালিয়ে যায়। এই ঘটনায় ওই কিশোরীর পরিবার বিচারের দাবি করেছে। একটি ভিডিয়ো ভাইরাল হয়েছে। যেখানে ধরা পড়েছে ঘটনাটি। জ্বর হওয়ায় মঙ্গলবার ভারতী নামের ওই কিশোরীকে ঘিরো। এলাকার করহাল রোডে অবস্থিত রাধা স্বামী হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে একটি ইনজেকশন দেন। এরপরই তার অবস্থা আরও খারাপ হয়ে যায়। পরিবারের লোকেদের অভিযোগ, ভারতীর অবস্থা খারাপ হওয়ায় চিকিৎসক তাকে অন্য হাসপাতালে নিয়ে যেতে বলেন। জানান যে, তাঁরা এই বিষয়ে কিছুই করতে পারেননি। যদিও পরিবারের দাবি, চিকিৎসক যখন তাঁদের একথা জানাচ্ছেন, তখন ইতিমধ্যেই ভারতীর মৃত্যু হয়েছে। যদিও নির্যাতিতার পরিবার এখনও এই ঘটনায় চিকিৎসক বা হাসপাতাল কর্তৃপক্ষ, কারও বিরুদ্ধে থানায় কোনও অভিযোগ দায়ের করেনি।

যাত্রীবান্ধব উদ্যোগ, চাকার উপর তথ্য

কলকাতা, ২৯ সেপ্টেম্বর ঃ আজ থেকে কলকাতা মেট্রোর আরেকটি যাত্রীবান্ধব উদ্যোগ চালু করা হয়েছে। উত্তর-দক্ষিণ মেট্রোর মেধা রেকের

ভিতরে ডিজিটাল ডিসপ্লে স্ক্রিনগুলি, যা শুধুমাত্র স্টেশনের নাম এবং রুট ম্যাপ দেখাত, এখন কার্টুন শোগুলির মতো তথ্যপ্রযুক্তি সামগ্রী দেখানো শুরু করেছে। এটি মেট্রো যাত্রীদের ভ্রমণের একঘেয়েমি থেকে মুক্তি পেতে এবং মেট্রো ভ্রমণ উপভোগ করতে সহায়তা করবে। প্রথম দিনেই যাত্রীরা শোটি পুরোপুরি উপভোগ করেছেন এবং মেট্রো রেলওয়ে কর্তৃপক্ষের প্রশংসা করেছেন। উত্তর-দক্ষিণ মেট্রোতে নিয়মিত যাতায়াতকারী শিক্ষার্থীদের অভিভাবকরা এই উদ্যোগের প্রচুর প্রশংসা করেছেন এবং তাদের ধন্যবাদ জানাতে মেট্রো কর্মকর্তাদের ফোন করেছেন। এই ধরনের উদ্ভাবনী উদ্যোগ, মেট্রোতে প্রথম ধরনের, বাচ্চাদের যাত্রাকে বিনোদনমূলক করে তুলবে কারণ তারা স্কুল থেকে বাড়ি ফেরার পথে টম অ্যান্ড জেরির সাথে কিছু সময় কাটানোর সুযোগ পাবে। এটি প্রাপ্তবয়স্কদের তাদের ভগ্ন স্নায়ু প্রশমিত করতে সাহায্য করবে।

১ অক্টোবর তেলেঙ্গানাকে ১৩,৫০০ কোটি টাকারও বেশি মূল্যের উন্নয়ন প্রকল্প উপহার দেবেন প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ২৯ সেপ্টেম্বর ঃ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তেলেঙ্গানাকে ১৩,৫০০ কোটি টাকারও বেশি মূল্যের উন্নয়ন প্রকল্প উপহার দেবেন। রবিবার তেলেঙ্গানা সফরে যাচ্ছেন। ওইদিন প্রধানমন্ত্রী মোদী তেলেঙ্গানাকে ১৩,৫০০ কোটি টাকারও বেশি মূল্যের উন্নয়ন প্রকল্প উপহার হিসেবে দেওয়ার কর্মসূচি রয়েছে। ওইদিন প্রধানমন্ত্রী কয়েকটি উন্নয়নমূলক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন এবং তা দেশকে উৎসর্গ করবেন। প্রধানমন্ত্রীর কার্যালয় (পিএমও) শুক্রবার জানিয়েছে, প্রধানমন্ত্রী ১ অক্টোবর দুপুর ২ টো ১৫ মিনিট নাগাদ মাহাবুবনগর জেলায় পৌঁছাবেন। সেখানে তিনি সড়ক, রেল, পেট্রোলিয়ামের মত গুরুত্বপূর্ণ খাতে ১৩,৫০০ কোটি টাকারও বেশি মূল্যের বেশ কয়েকটি উন্নয়নমূলক প্রকল্প ঘোষণা করবেন। এছাড়াও প্রাকৃতিক গ্যাস, উচ্চ শিক্ষা প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপনের কর্মসূচিও রয়েছে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর। অন্যদিকে, প্রধানমন্ত্রী শনিবার, ৩০ সেপ্টেম্বর দেশের উচ্চাকাঙ্ক্ষী ব্লকগুলির জন্য সঙ্কল্প সপ্তাহ নামে সপ্তাহব্যাপী এক কর্মসূচির সূচনা করবেন। নতুন দিল্লির ভারত মণ্ডপমে এই সঙ্কল্প সপ্তাহের সূচনা করবেন প্রধানমন্ত্রী মোদী। উদ্বোধনী অনুষ্ঠানে সারা দেশ থেকে প্রায় তিন হাজার পঞ্চায়েত ও ব্লক স্তরের জনপ্রতিনিধি এবং কর্মীরা ভারত মণ্ডপে অংশ নেবেন। এছাড়াও, ব্লক ও পঞ্চায়েত স্তরের কর্মী, কৃষক-সহ সমাজের বিভিন্ন স্তরের প্রায় দুই লক্ষ মানুষের ভার্চুয়ালি এই কর্মসূচিতে যোগ দেওয়ার কথা।

ভারতের সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক বজায় রাখতে প্রতিশ্রুতিবদ্ধ কানাডাঃ জাস্টিন ট্রুডো

অটোয়া, ২৯ সেপ্টেম্বর ঃ ভারতের সঙ্গে সুসম্পর্ক বজায় রাখতে চায় কানাডা। খালিস্তানি জঙ্গি খুন ইস্যু নিয়ে যখন ভারত এবং কানাডার মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্কের টানাপোড়েন চলছে, সেই সময় ফের বিষয়টি নিয়ে মুখ খোলেন কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো। কানাডার প্রধানমন্ত্রী বলেন, ভারত ক্রমবর্ধমান অর্থনৈতিক শক্তির আধার। বিশ্ব রাজনীতির ক্ষেত্রেও গুরুত্বপূর্ণ খেলোয়াড়। ফলে ভারতের সঙ্গে ঘনিষ্ঠ সম্পর্ক গড়ে তোলার বিষয়ে কানাডা খুব আগ্রহী সব সময়। মন্ট্রিলে এক সাংবাদিক সম্মেলনে এমনই জানান জাস্টিন ট্রুডো। এ সবের পাশাপাশি হরদীপ সিং নিজ্জর খুনের তদন্তে ভারত যাতে সবদিক থেকে কানাডাকে সাহায্য করে, সে বিষয়ে মন্তব্য করতে শোনা যায় জাস্টিন ট্রুডোকে। ভারতের সঙ্গে যেভাবে কানাডা এবং তাদের বন্ধু দেশগুলি গঠনমূলক যোগদান চালিয়ে যাচ্ছে, তা অত্যন্ত গুরুত্বপূর্ণ। অর্থাৎ হরদীপ সিং নিজ্জরকে নিয়ে যতই দ্বিপাক্ষিক সম্পর্কের টানাপোড়েন চলুক না কেন, ভারতের সঙ্গে কানাডা সুসম্পর্ক বজায় রাখতে আগ্রহী বলে স্পষ্ট জানান সে দেশের প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো।

নিজেদের তৈরি প্রথম সাবমেরিন উন্মোচন করল তাইওয়ান

তাইপে, ২৯ সেপ্টেম্বর ঃ সেনা সরঞ্জামে শক্তি বাড়াচ্ছে তাইওয়ান। নিজেদের তৈরি প্রথম সাবমেরিন উন্মোচন করল দেশটি। বৃহস্পতিবার কায়োহসিয়াং শহরের এক বন্দরে সাবমেরিনটি উন্মোচন করেন তাইওয়ানের প্রেসিডেন্ট। সাবমেরিনটি যদি এর পরীক্ষায় সফল হয়, তাহলে এই ধরনের যান নির্মাণ এবং নকশা প্রণয়ণের ক্ষেত্রে তাইওয়ানের জন্য একটি বড় অগ্রগতি হবে। তাইওয়ানের প্রেসিডেন্ট সাই ইং-ওয়েন বল উদ্বোধনী অনুষ্ঠানে বলেন, আগে দেশে সাবমেরিন তৈরি অসম্ভব বলে বিবেচনা করা হত। কিন্তু আজ আমাদের দেশের লোকেদের নকশা করা এবং তৈরি করা সাবমেরিন সবার সামনে। তিনি বলেন, একটি সাবমেরিন নির্মাণ আমাদের দেশকে রক্ষা করার জন্য আমাদের সংকল্পের বাস্তব উপলব্ধি। তাইওয়ানের নৌবাহিনীর জন্য সাবমেরিন গুরুত্বপূর্ণ। সাবমেরিনটির নাম হাই কুন, এর অর্থ হল পৌরাণিক সামুদ্রিক প্রাণী। সবকিছু ঠিকঠাক থাকলে, প্রথম সাবমেরিনটি ২০২৪ সালের শেষ নাগাদ হস্তান্তরের জন্য প্রস্তুত হবে। আর দ্বিতীয়টি ২০২৭ সালের মধ্যে শেষ করার পরিকল্পনা রয়েছে তাইওয়ানের। স্বায়ত্তশাসিত দ্বীপ তাইওয়ানকে নিজেদের ভূখণ্ড বলে দাবি করে চিন। সাম্প্রতিক বছরগুলোতে, বেইজিং তাইওয়ানকে লক্ষ্য করে সামরিক মহড়া বাড়িয়েছে।

কাবেরীর জলবন্টনের প্রতিবাদে কর্ণাটক বন্‌ধ বিপর্যস্ত স্বাভাবিক জনজীবন, পুলিশও তৎপর

বেঙ্গালুরু, ২৯ সেপ্টেম্বর ঃ প্রতিবেশী রাজ্য তামিলনাড়ুতে কাবেরী নদীর জল ছাড়া নিয়ে ক্রমেই উত্তপ্ত হয়ে উঠছে কর্ণাটক। কাবেরীর জল ছাড়ার প্রতিবাদে শুক্রবার কর্ণাটকজুড়ে পালিত হচ্ছে ১২ ঘন্টার বন্‌ধ। এই বন্‌ধের ডাক দিয়েছে কন্নড়পন্থী সংগঠন এবং কৃষক সংগঠনগুলি। শুক্রবার সকাল ৬টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত অচল থাকবে দক্ষিণের এই রাজ্য। সকাল থেকেই বন্‌ধের ছবি ধরা পড়েছে বেঙ্গালুরু-সহ কর্ণাটকের বিভিন্ন প্রান্তে। বেঙ্গালুরুতে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রাখা হয়েছে। অপ্রীতিকর পরিস্থিতি এড়াতে শহরের বিভিন্ন প্রান্তে ১৪৪ ধারা জারি করেছে পুলিশ। মান্ড্য জেলাতেও জারি করা হয়েছে ১৪৪ ধারা। বন্‌ধের ভালো প্রভাবই লক্ষ্য করা গিয়েছে বেঙ্গালুরুতে, বিপর্যস্ত স্বাভাবিক জনজীবন। পুলিশ-প্রশাসনও তৎপর রয়েছে। নানা স্থানে আটক করা হয়েছে ধর্মঘটীদের। কাবেরীর জল নিয়ে কর্ণাটক এবং তামিলনাড়ুর মধ্যে বিবাদ দীর্ঘদিনের। সম্প্রতি তামিলনাড়ুকে ১৫ দিনের জন্য পাঁচ হাজার কিউসেক জল ছাড়তে কর্ণাটককে নির্দেশ দিয়েছে কাবেরী জল বণ্টন পর্ষদ বা কাবেরী ওয়াটার ম্যানেজমেন্ট অথরিটি (সিডব্লিউএমএ)। এই সিদ্ধান্তে হস্তক্ষেপ করতে চায়নি সুপ্রিম কোর্ট। তার পরই কর্ণাটকে বন্ধ ডাকা হল। শুক্রবার

১২ ঘণ্টার বন্‌ধের ডাক দিয়েছে কন্নড়পন্থী সংগঠন 'কন্নড় ওকুট্টা' এবং বিভিন্ন কৃষক সংগঠন। বন্ধকে সমর্থন জানিয়েছে কর্ণাটকের অটো রিকশা এবং হেল রাইডার্স অ্যাসোসিয়েশন। ফলে শুক্রবার সকাল থেকেই কর্ণাটকের রাস্তায় দেখা মেলেনি ওলা, উবেরের মতো ক্যাব পরিষেবার। শপিং মল, সিনেমা হলও বন্ধ ছিল। সকালের দিকে মেট্রো ছিল একেবারে খালি। বেঙ্গালুরু গ্রামীণ জেলার অতিরিক্ত এসপি মল্লিকার্জুন বালাদান্ডি জানিয়েছেন, বেশ কয়েকটি কন্নড়পন্থী সংগঠনের দ্বারা বন্‌ধ ডাকা হয়েছে, আমরা যথাযথ ব্যবস্থা নিয়েছি। সংগঠনের ৫০ জনেরও বেশি লোককে হেফাজতে নেওয়া হয়েছে... আমাদের পর্যাপ্ত কর্মী রয়েছে। বেঙ্গালুরু সিটির ডিসিপি (অপরাধ) শেখর এইচ টেকান্নাভার বলেছেন, আমরা ফোর্স এর পর্যাপ্ত ব্যবস্থা করেছি। আমরা দেখব যাতে কোনও অপ্রীতিকর ঘটনা না ঘটে।

দূষণ রুখতে শীতকালীন কর্মপরিকল্পনা ঘোষণা কেজরিওয়ালের, তুলে ধরলেন সরকারের উদ্যোগের কথা

নয়াদিল্লি, ২৯ সেপ্টেম্বর ঃ শীত আসলেই প্রতি বছর দূষণের কবলে চলে যায় রাজধানী দিল্লি। রাজধানীতে শ্বাস নেওয়া কষ্টকর হয়ে যায়। তাই দূষণ রুখতে শুক্রবার শীতকালীন কর্মপরিকল্পনা ঘোষণা করলেন দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল। একইসঙ্গে তুলে ধরলেন সরকারের উদ্যোগের কথা। খড়িবচুলি পোড়ানো প্রসঙ্গে কেজরিওয়াল বলেছেন, পাঞ্জাবে গত বছরের মার্চে আমরা আমাদের সরকার গঠন করেছি। গত বছরের তথ্য অনুযায়ী, ৬-৭ মাসের মধ্যে গৃহীত পদক্ষেপগুলি খড় পোড়ানো ৩০ শতাংশ হ্রাস করেছে। এ বছর ভগবন্ত মান বেশ কিছু পদক্ষেপ নিয়েছেন। যার মধ্যে অন্যতম হল ফসলের বহুমুখীকরণ- ধানের পরিবর্তে অন্যান্য ফসল ফলানো। এটি জল বাঁচাবে এবং খড় পোড়ানো কমবে। এতে ভালো ফল পাওয়া গেছে। দ্বিতীয়ত, ধানের জাত, ধানের স্বল্পমেয়াদি জাত রয়েছে। এতে খড় কম থাকে এবং এটি পোড়ানোর প্রয়োজন নেই। খড়ের এক্স-সিটু ব্যবস্থাপনা - এর জন্য কয়েকটি কোম্পানি জেলাগুলিকে দত্তক নিয়েছে এবং তাদের খড়কে সার বা বিদ্যুতে রূপান্তর করার জন্য বহন করবে, আমি মনে করি এই বছর উন্নতি হওয়া উচিত। শুক্রবার এক সাংবাদিক সম্মেলনে মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়াল আরও বলেছেন, সরকারের বিভিন্ন উদ্যোগের কারণে গত আট বছরে দিল্লিতে দূষণের মাত্রা ৩০ শতাংশ কমেছে। ১৫ দফা শীতকালীন অ্যাকশন প্ল্যানের প্রধান বৈশিষ্ট্যগুলি ঘোষণা করে কেজরিওয়াল বলেন, সরকার ১৩ টি উচ্চ দূষণ স্তরের হট-স্পট চিহ্নিত করেছে। তিনি যোগ করেছেন, এই হট-স্পটগুলিতে দূষণের মাত্রা কম রাখতে ১৩ টি বিশেষ দল তৈরি করা হয়েছে। তিনি বলেন, খড় পোড়ানো রোধে পাঁচ হাজার একর জমিতে বায়ো- ডিকপোজার ব্যবহার করা হবে। কেজরিওয়াল জানান, নির্মাণস্থলগুলিতে নজরদারি রাখার জন্য বিশেষ দল গঠন করা হয়েছে এবং ৩৮৫ টি দল যানবাহনের আয়ু এবং যানবাহনের দূষণ শংসাপত্র পরীক্ষা করবে।

পাঞ্জাবে দ্বিতীয় দিনে পড়ল কৃষকদের আন্দোলন বাতিল বহু ট্রেন, যাত্রী ভোগান্তি চরমে

অমৃতসর, ২৯ সেপ্টেম্বর ঃ একাধিক দাবি আদায়ে বৃহস্পতিবার থেকে শুরু হওয়া কৃষকদের 'রেল রোকো' কর্মসূচি শুক্রবার দ্বিতীয় দিনে পড়ল। কৃষকদের আন্দোলনের জেরে শুক্রবারও পাঞ্জাবে প্রভাবিত হয়েছে রেল পরিষেবা, বাতিল হয়েছে বহু ট্রেন। উত্তর রেলের জেনারেল ম্যানেজার শোভন চৌধুরী বলেছেন, পাঞ্জাবে কৃষকদের বিক্ষোভের কারণে ট্রেন চলাচল ব্যাহত হয়েছে, কারণ তাঁরা রেললাইনে বসে আছেন। এখনও পর্যন্ত প্রায় ৯০ টি মেল এক্সপ্রেস ট্রেন এবং ১৫০ টি যাত্রীবাহী ট্রেন বাতিল করা হয়েছে। আমরা পরিস্থিতি মূল্যায়ন করছি। রেল আধিকারিকদের মতে, অনেক ট্রেন বাতিল হলেও, বেশ কয়েকটি ট্রেনের রুট ঘুরিয়ে দেওয়া হয়েছে। তিন দিনের আন্দোলনের কারণে কিছু ট্রেন স্বল্প সময়ের জন্য বন্ধ করা হচ্ছে। এদিকে, কৃষকদের বিক্ষোভের কারণে চণ্ডীগড়- আম্বালা হাইওয়ের ট্র্যাফিক লালরুতে ঘুরিয়ে দেওয়া হয়েছে। বিক্ষোভকারীরা বলেছেন, তাঁরা ৩০ সেপ্টেম্বর পর্যন্ত কেন্দ্রের বিরুদ্ধে নিজেদের আন্দোলন চালিয়ে যাবেন। মোগা, হোশিয়ারপুর, গুরুদাসপুর, জলন্ধর, তারন তারান, সাংগ্রুর, পাতিয়ালা, ফিরোজপুর, ভাটিন্ডা এবং অমৃতসর-সহ পাঞ্জাবের ১৭টি জায়গায় আন্দোলন চলছে। উল্লেখ্য, এমএসপি কমিটি, দিল্লিতে আন্দোলন সংক্রান্ত মামলা প্রত্যাহার এবং আন্দোলনের সময় মৃত কৃষকদের পরিবারকে ক্ষতিপূরণ ও চাকরি প্রদান-সহ একাধিক দাবিতে আন্দোলন চালিয়ে যাচ্ছেন কৃষকরা।

গাজিয়াবাদের রাসায়নিক কারখানায় ভয়াবহ আগুন

উত্তরপ্রদেশ, ২৯ সেপ্টেম্বর ঃ উত্তর প্রদেশের গাজিয়াবাদের এক রাসায়নিক কারখানায় ভয়াবহ আগুন লাগার খবর পাওয়া গিয়েছে। মেরঠ-হাপুর-নয়ডার দমকল কর্মীরা আগুন নিয়ন্ত্রণে আনার চেষ্টা শুরু করেছে। শুক্রবার ভোররাতে গাজিয়াবাদের দক্ষিণ পাশের শিল্পাঞ্চল এলাকার একটি রাসায়নিক কারখানায় ভয়াবহ আগুন লাগে। আগুন লাগার কিছুক্ষণের মধ্যেই তা ভয়াবহভাবে ছড়িয়ে পড়ে। আগুন লাগার খবর পেয়ে দমকল বিভাগের কর্মীরা এসে আগুন নেভানোর কাজ শুরু করেছে। আগুন লাগার পর পরিস্থিতি এতটাই ভয়াবহ হয়ে উঠে যে গাজিয়াবাদের দমকল কর্মীরা শুধু তা নেভাতে না পারায় পরিস্থিতি হাতে বাইরে যাওয়ার আগে মেরঠ-হাপুর ও নয়ডার দমকল কর্মীদের খবর দেওয়া হয়। সকলে মিলে আগুন নেভানোর কাজ করে। গাজিয়াবাদের দক্ষিণ পাশের শিল্পাঞ্চল এলাকার প্রেম ইন্ডাস্ট্রিজ নামে একটি রাসায়নিক কারখানায় এই আগুন লাগে। জেলা দমকল অফিসার জানান, ভোররাত সাড়ে ৩ টে নাগাদ তিনি রাসায়নিক কারখানায় অগ্নিকাণ্ডের খবর পান। খবর পেয়ে দমকলের কর্মীদের গাড়ি ঘটনাস্থলে পৌঁছে আগুন নিয়ন্ত্রণের চেষ্টা করলেও তা ব্যর্থ হয়। তারপর আগুনকে নিয়ন্ত্রণ করতে সাহিবাদ ও লনি থেকে দমকলের ইঞ্জিন চাওয়া হলেও আগুন নিয়ন্ত্রণে আনা যায়নি। এরপরে মেরঠ, হাপুর এবং নয়ডা থেকেও দমকলের ইঞ্জিন চাওয়া হয়েছিল। কারখানায় ঢোকার পথ খুব সরু ছিল। সেজন্য দেওয়াল ভাঙতে জেসিবি ডেকে আগুন নেভানোর কাজ করা হয়।

অ্যান্টনি ব্লিঙ্কেনের সঙ্গে সাক্ষাৎ জয়শঙ্করের, বিদেশমন্ত্রী জানালেন বিস্তৃত আলোচনা হয়েছে

ওয়াশিংটন, ২৯ সেপ্টেম্বর ঃ আমেরিকার ওয়াশিংটন ডিসি-তে সে দেশের বিদেশ সচিব অ্যান্টনি ব্লিঙ্কেনের সাক্ষাৎ করেছেন ভারতের বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর। ভারতীয় সময় অনুযায়ী, শুক্রবার ভোররাতে এক্স মাধ্যমে এই সাক্ষাতের বিষয়ে জানিয়েছেন বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর। তিনি জানিয়েছেন, আমার বন্ধু মার্কিন বিদেশ সচিবের সঙ্গে দেখা করে দারুণ লাগছে। বিস্তৃত আলোচনা হয়েছে, এছাড়াও বৈশ্বিক উন্নয়নের ওপর মতবিনিময় হয়েছে বলে জানিয়েছেন জয়শঙ্কর। মার্কিন বিদেশ সচিব অ্যান্টনি ব্লিঙ্কেনও এই সাক্ষাতের বিষয়ে এক্স মাধ্যমে জানিয়েছেন। তিনি জানান, এ মাসের শুরুতে মার্কিন রাষ্ট্রপতিকে অভ্যর্থনা জানানোর জন্য ভারতের বিদেশমন্ত্রী এস জয়শঙ্করকে ধন্যবাদ। ভারতের সফল জি-২০ সভাপতিত্ব, ভারত-মধ্যপ্রাচ্য-ইউরোপ অর্থনৈতিক করিডোর তৈরি এবং নতুন দিল্লিতে আসন্ন আমেরিকা- ভারত টু প্লাস টু সংলাপ নিয়ে আমরা আলোচনা করেছি।

কোভিড নিয়ন্ত্রণে, প্রাণহানি হয়নি



নয়াদিল্লি, ২৯ সেপ্টেম্বর ঃ ভারতে করোনার দৈনিক সংক্রমণ নিয়ন্ত্রণের মধ্যেই রয়েছে। বিগত ২৪ ঘন্টায় দেশে নতুন করে কোভিডে আক্রান্ত হয়েছেন ৪০ জন, যা আগের দিনের তুলনায় কম। বৃহস্পতিবার সারাদিনে কোনও প্রাণহানি হয়নি। এই সময়ে সুস্থ হয়েছেন ৫০ জন। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক জানিয়েছে, ভারতে সক্রিয় করোনা- রোগীর সংখ্যা এই মুহূর্তে মাত্র ৪৬৬ এবং মৃত্যুর সংখ্যা ৫,৩২,০৩১। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের পক্ষ থেকে জানানো হয়েছে, শুক্রবার সকাল আটটা পর্যন্ত ভারতে মোট সুস্থ হয়েছেন ৪,৪৪,৬৬,২৪৪ জন করোনা-রোগী, শতাংশের নিরিখে ৯৮.৮১ শতাংশ। ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (আইসিএমআর) জানিয়েছে, ২৮ সেপ্টেম্বর সারা দিনে ভারতে ১৫,৭৫১ জনের শরীর থেকে নমুনা সংগ্রহ করে করোনা-স্যাম্পেল টেস্ট করা হয়েছে। টিকা প্রাপকের সংখ্যা বেড়ে ২২০,৬৭,৭১,৪৮৭- তে পৌঁছেছে।

উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের কয়েকটি ট্রেন বাতিল, পথ পরিবর্তন ও সময় পুনর্নির্ধারণ

মালিগাঁও, ২৯ সেপ্টেম্বর ঃ কাটিহার ডিভিশনের অধীনে আলুয়াবাড়ি রোড এবং মঙ্গুরজান ডাবল লাইন সেকশনে অটোমেটিক ব্লক সিগনালিং চালু করার জন্য আলুয়াবাড়ি রোড ও মঙ্গুরজানে নন ইন্টারলকিং ও প্রি-নন ইন্টারলকিং কাজ এবং চাংসারি ও নিউ বঙ্গাইগাঁও স্টেশনের মধ্যে নির্মাণ ও টিআরডি ব্লকের পরিপ্রেক্ষিতে নীচের বিবরণ অনুযায়ী কয়েকটি ট্রেনের চলাচল বাতিল, পথ পরিবর্তন ও সময় পুনর্নির্ধারণ করা হয়েছে- ট্রেনের বাতিলকরণ ঃ ০২ ও ৩ অক্টোবর, ২০২৩ তারিখে রওনা দেওয়ার জন্য নির্ধারিত ট্রেন নং. ১৫৭১৯ / ১৫৭২০ (কাটিহার-শিলিগুড়ি জং.-কাটিহার) ইন্টারসিটি এক্সপ্রেস, ট্রেন নং. ১৫৪৬৪ / ১৫৪৬৩ (শিলিগুড়ি জং.-বালুরঘাট-শিলিগুড়ি জং.) ইন্টারসিটি এক্সপ্রেস, ট্রেন নং. ০৭৫০৭ (রাধিকাপুর-শিলিগুড়ি জং.) ডেমু স্পেশাল এবং ট্রেন নং. ০৭৫১৯ (মালদা কোর্ট-শিলিগুড়ি জং.) ডেমু স্পেশাল বাতিল থাকবে। .০১ ও ০২ অক্টোবর, ২০২৩ তারিখে রওনা দেওয়ার জন্য নির্ধারিত ট্রেন নং. ০৭৫২০ (শিলিগুড়ি জং.-মালদা কোর্ট) ডেমু স্পেশাল ও ট্রেন নং. ০৭৫০৮ (শিলিগুড়ি জং.-রাধিকাপুর) ডেমু স্পেশাল, ০২ অক্টোবর, ২০২৩ তারিখে রওনা দেওয়ার জন্য নির্ধারিত ট্রেন নং. ০৭৫৪৩ (কাটিহার-শিলিগুড়ি জং.) ডেমু স্পেশাল এবং ০৩ অক্টোবর, ২০২৩ তারিখে রওনা দেওয়ার জন্য নির্ধারিত ট্রেন নং. ০৭৫৪৪ (শিলিগুড়ি জং.-কাটিহার) ডেমু স্পেশাল বাতিল থাকবে। ৩০ সেপ্টেম্বর ও ০১ অক্টোবর, ২০২৩ তারিখে রওনা দেওয়ার জন্য নির্ধারিত ট্রেন নং. ১৫৭৬৯/১৫৭৭০ (আলিপুরদুয়ার জং. - লামডিং - আলিপুরদুয়ার জং) ইন্টারসিটি এক্সপ্রেস ট্রেন নং. ১৫৭৫৩/১৫৭৫৪ (আলিপুরদুয়ার জং. - গুয়াহাটি - আলিপুরদুয়ার জং.) শিফুঙ এক্সপ্রেস ও ট্রেন নং. ১৫৭২৮ (নিউ তিনসুকিয়া - রঙিয়া) এক্সপ্রেস বাতিল থাকবে। ৩০ সেপ্টেম্বর, ২০২৩ তারিখে রওনা দেওয়ার জন্য নির্ধারিত ট্রেন নং. ১৫৯২৭ (রঙিয়া - নিউ তিনসুকিয়া) এক্সপ্রেস ও ট্রেন নং. ১৫৯৬৭ (রঙিয়া - লিড়ু) এক্সপ্রেস বাতিল থাকবে। **আলুয়াবাড়ি রোড-রাঙাপানি-নিউ জলপাইগুড়ি হয়ে ট্রেনের পথ পরিবর্তন**- ০১ ও ০২ অক্টোবর, ২০২৩ তারিখে রওনা দেওয়ার জন্য নির্ধারিত ট্রেন নং. ১৩১৪৯ (শিয়ালদহ-আলিপুরদুয়ার জং.) কাঞ্চনকন্যা এক্সপ্রেস, ০১ অক্টোবর, ২০২৩ তারিখে রওনা দেওয়ার জন্য নির্ধারিত ট্রেন নং. ১৫৪৮৪ (দিল্লি- আলিপুরদুয়ার জং.) সিকিম মহানন্দা এক্সপ্রেস, ট্রেন নং. ১৩২৪৮ (রাজেন্দ্রনগর টার্মিনাল-কামাখ্যা) ক্যাপিটাল এক্সপ্রেস এবং ট্রেন নং. ০৫৬৭২ (রাঁচি-গুয়াহাটি) স্পেশাল-এর পথ পরিবর্তন করা হয়েছে। নিউ জলপাইগুড়ি-রাঙাপানি-আলুয়াবাড়ি রোড হয়ে ট্রেনের পথ পরিবর্তন- ০২ অক্টোবর, ২০২৩ তারিখে রওনা দেওয়ার জন্য নির্ধারিত ট্রেন নং. ১৩১৫০ (আলিপুরদুয়ার জং.-শিয়ালদহ) কাঞ্চনকন্যা এক্সপ্রেস, ট্রেন নং. ১৫৪৮৩ (আলিপুরদুয়ার জং.-দিল্লি) সিকিম মহানন্দা এক্সপ্রেস এবং ট্রেন নং. ১৩২৪৫ (নিউ জলপাইগুড়ি-রাজেন্দ্রনগর টার্মিনাল) ক্যাপিটাল এক্সপ্রেস-এর পথ পরিবর্তন করা হয়েছে। কামাখ্যা - গোয়ালপাড়া টাউন - নিউ বঙাইগাঁও হয়ে ট্রেনের পথ পরিবর্তন- ৩০ সেপ্টেম্বর, ২০২৩ তারিখে রওনা দেওয়ার জন্য নির্ধারিত ট্রেন নং. ২০৫০৩ (ডিব্রুগড় - নিউ দিল্লি) রাজধানী এক্সপ্রেস-এর পথ পরিবর্তন করা হয়েছে।

Name Change
I , SALIMA BEGAM SK D/O- MUJID MONDAL @ MUJIT MONDAL resident of Dandur, Kenna, Memari, Purba Bardhaman, W.B.-713401, shall henceforth be known as 'SELIMA BEGAM SEKH' vide an affidavit before the notary public at Purba Bardhaman on 29/09/2023

Name Change
I , GOLAM MORTTAZA SK S/O- SK GOLAM MABUD resident of Dandur, Kenna, Memari, Purba Bardhaman, W.B.-713401, shall henceforth be known as 'SK GOLAM MORTTOZA' vide an affidavit before the notary public at Purba Bardhaman on 29/09/2023

Name Change
I , MUJIT MONDAL S/O- IDRIS MONDAL @ IDRISH MONDAL resident of Madhyapara, Ranagarh, Pandua, Hooghly, W.B.-712149, shall henceforth be known as 'MUJID MONDAL' vide an affidavit before the notary public at Purba Bardhaman on 29/09/2023

Separate sealed tenders for NIT No.-04 of SDO of SLWSSD of 2023- 24 are hereby invited by the undersigned for three nos. work at Baisakhi Abasan and 206 bus terminus, Salt Lake. Last date of application- 04.10.2023 (12.00 noon). For details, contact to the office of the undersigned or log in Website www.wburbanservices.gov.in (The Web Portal of the Urban Development Department).
Sd/- Sub-Divisional Officer
Salt Lake Water Supply
Subdivision

ছাত্রীদের সুবিধার জন্য কলেজে স্যানিটারি ন্যাপকিন ভেন্ডিং মেশিন বসালো পঞ্চায়েত

দুরন্ত বার্তা, বর্ধমান, ২৯ সেপ্টেম্বর ঃ পূর্ব বর্ধমানের জামালপুর ব্লকের জামালপুর ১ গ্রাম পঞ্চায়েতের পক্ষ থেকে জামালপুর মহাবিদ্যালয়ের কলেজ ছাত্রীদের জন্য স্যানিটারি ন্যাপকিন ভেন্ডিং মেশিনের উদ্বোধন করা হল শুক্রবার। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জামালপুরের বিধায়ক অলোক কুমার মাঝি, জামালপুর ১ পঞ্চায়েতের প্রধান ডলি নন্দী, উপপ্রধান সাহাবুদ্দিন মন্ডল, জামালপুর কলেজের অধ্যক্ষ ডঃ শ্রাবন্তী ব্যানার্জী, ডাঃ আনন্দ মোহন গড়াই সহ পঞ্চায়েতের সকল কর্মী, আশা কর্মী, এএনএম ও মহাবিদ্যালয়ের শিক্ষক - শিক্ষিকারা। বিধায়ক অলোক কুমার মাঝি এই স্যানিটারি ন্যাপকিন ও ভেন্ডিং মেশিন কলেজে বসিয়ে দেবার জন্য পঞ্চায়েতকে ধন্যবাদ জানান। জামালপুর ১ নং পঞ্চায়েতের উপপ্রধান সাহাবুদ্দিন মন্ডল ওরফে পাভার জানিয়েছেন, কলেজে পড়তে আসা ছাত্রীদের অনেক সময় শারীরবৃত্তীয় প্রক্রিয়ার দ্বারা সমস্যায় পড়তে হয়। তাই তাদের কথা ভেবেই জামালপুর মহাবিদ্যালয়ে এই মেশিন বসানো হয়েছে। এই মেশিনে দু টাকার কয়েন ফেললেই স্যানিটারি ন্যাপকিন পেয়ে যাবেন ছাত্রীরা। শুক্রবার এর আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। শুধুমাত্র স্যানিটারি ন্যাপকিন ভেন্ডিং মেশিনই নয়, এর পাশাপাশি ইনসিনেরেটরও বসানো হয়, যার মাধ্যমে ব্যবহৃত ন্যাপকিনগুলি নষ্ট করা হবে। যার ফলে পরিবেশ দূষণ হবে না বলে জানিয়েছেন সাহাবুদ্দিন বাবু। স্যানিটারি ন্যাপকিন ভেন্ডিং মেশিন বসানোয় দূর দুরান্ত থেকে কলেজে পড়তে আসা ছাত্রীরা বিশেষ উপকৃত হবেন বলেই মনে করছেন কলেজ কর্তৃপক্ষ। জামালপুর ১ নং পঞ্চায়েতের এই পদক্ষেপকে সাধুবাদ জানিয়েছেন কলেজ ছাত্রীরা।

মালদার দাপুটে তৃণমূল নেতার বিরুদ্ধে দুর্নীতির রেস যেন থামতে চাইছে না, রাজনৈতিক মহলে শোরগোল

দুরন্ত বার্তা, মালদা, ২৯ সেপ্টেম্বর ঃ মালদার দাপুটে তৃণমূল নেতার বিরুদ্ধে দুর্নীতির রেস যেন থামতে চাইছে না। একটার পর একটা ভিডিও ভাইরাল হতেই রাজনৈতিক মহলে শোরগোল পড়ে গিয়েছে। প্রাথমিকে চাকরি পাওয়ার টোপ দিয়ে লক্ষ লক্ষ টাকা দুর্নীতির অভিযোগের পর, এবার সরকারি রেশন ডিলারশিপ পাইয়ে দেওয়ার বিনিময়ে ৮ লক্ষ টাকা নেওয়ার ভিডিও সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হলো। যদিও প্রতারিত হওয়া মহিলা অনিতা সরকার ওই তৃণমূল নেতার বিরুদ্ধে মালদা আদালতে শুক্রবার একটি মামলা দায়ের করেছেন। পাশাপাশি তিনি ইংরেজবাজার থানাতেও ওই তৃণমূল নেতার বিরুদ্ধে প্রতারণার অভিযোগ দায়ের করেছেন। মালদার দৌদন্ড প্রতাপ তৃণমূল নেতা হিসাবেই পরিচিত মুখ রয়েছেন স্বপন মিশ্রের। তৃণমূলের সরকারের আমলে একদা মালদা প্রাথমিক শিক্ষা সংসদের চেয়ারম্যান পদ সামলিয়েছেন এই স্বপন মিশ্র। এমনকি তিনি তৃণমূল পরিচালিত মালদা জেলা পরিষদের কর্মাধ্যক্ষ ছিলেন। এবারে সেই তৃণমূল নেতার বিরুদ্ধে রেশন ডিলারশিপ পাইয়ে দেওয়ার নাম করে লক্ষ লক্ষ টাকা নেওয়ার আরও একটি ভিডিও সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়েছে। ভাইরাল হওয়া ভিডিওতে দেখা যাচ্ছে জনৈক এক ব্যক্তির বাড়িতে বসে রয়েছেন তৃণমূল নেতা স্বপন মিশ্র। তিনি অবশ্য বর্তমানে তৃণমূলের জেলা সম্পাদক পদে রয়েছেন বলে দাবি বিরোধীদের। সেই স্বপন মিশ্রকে ৫০০ টাকার বেশ কিছু বান্ডিল এক মহিলা তুলে দিচ্ছেন। উল্লেখ্য, প্রাথমিকে চাকরি দেওয়ার নাম করে লক্ষ লক্ষ টাকা নেওয়ার অভিযোগ উঠেছিল মালদা জেলা পরিষদের তৃণমূলের প্রাক্তন কর্মাধ্যক্ষ স্বপন মিশ্রের বিরুদ্ধে। সেই তৃণমূল নেতাকেই টাকা ফেরতের দাবি জানিয়ে মারধরের একটি ছবিও ভাইরাল হয়। এই ঘটনাটি জানতে পেরে প্রতারিত মহিলা অনিতা সরকার শুক্রবার মালদা আদালতে এসে ওই তৃণমূল নেতার বিরুদ্ধে মামলা দায়ের করলেন। মালদার চাঁচল মহকুমার রতুয়া এলাকার বাসিন্দা অনিতা সরকার জানিয়েছেন, গত বছর নভেম্বর মাসে তৎকালীন মালদা জেলা পরিষদের তৃণমূলের কর্মাধ্যক্ষ স্বপন মিশ্র আমার ছোট ছেলের নামে রেশন ডিলারশিপ পাইয়ে দেওয়ার কথা বলে ৮ লক্ষ টাকা নিয়েছিলেন। রেশন ডিলারশিপ পাব ভেবেই এতদিন চুপ করে ছিলাম। কিন্তু বৃহস্পতিবার স্বপন মিশ্রকে মারধর করার একটি ভিডিও ভাইরাল হয়। তাতে আমরা জানতে পারি ওই তৃণমূল নেতা বহু মানুষের কাছ থেকে প্রাথমিকে চাকরি দেওয়ার নাম করে লক্ষ লক্ষ টাকা তুলেছে। এরপরে বিচলিত হয়ে পড়ি। বৃহস্পতিবার বিষয়টি জানতে পেরে ওই তৃণমূল নেতার বাড়িতে যাই টাকা ফেরতের দাবিতে। কিন্তু তিনি কোন রকম সদুত্তর দেন নি। এমনকি টাকা ফেরতের কথা বলেন নি। এরপরই শুক্রবার ওই তৃণমূল নেতা স্বপন মিশ্রের বিরুদ্ধে মালদা আদালতে মামলা দায়ের করেছি। তারা যে প্রতারিত হয়েছেন সে কোথাও এক বাক্যে স্বীকার করেছেন অনিতাদেবী ও তার পরিবার। এদিকে প্রতারিত হওয়া ওই মহিলার পরিবারের আইনজীবী ইকবাল হোসেন জানিয়েছেন, পুরো বিষয়টি নিয়ে আদালতে মামলা দায়ের হয়েছে। এব্যাপারে আদালতের মাধ্যমে পুলিশকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য আমরা বিচারকের কাছে আবেদন জানিয়েছি। এদিকে ওই তৃণমূল নেতার একের পর এক দুর্নীতির বিষয় নিয়ে সরগরম মালদার রাজনীতি। তৃণমূলের মালদা জেলার সাধারণ সম্পাদক অম্লান ভাদুড়ি বলেন, তৃণমূল দলটাই দুর্নীতিগ্রস্ত। যে কোনো কাজ করতে গেলেই টাকা না দিলে হয় না। সাধারণ মানুষ কোথায় যাবে। এরকম কেঁচো খুঁড়তে বহু কেউটে বেড়াবে। ওই দলের অধিকাংশই দুর্নীতিতে জড়িত। এটা কাটমানির সরকার। আগামী নির্বাচনে মানুষ এর জবাব দিবে। তৃণমূলের জেলা সহ সভাপতি বাবলা সরকার বলেন, স্বপন মিশ্র একসময় কংগ্রেস করতেন। তখন থেকেই তিনি দুর্নীতিগ্রস্ত। মাঝে তিনি তৃণমূলে যোগ দিয়েছিলেন। তবে এবছর তাকে আর পঞ্চায়েতে টিকিট দেয় নি রাজ্য নেতৃত্ব। স্বপন মিশ্র তৃণমূলের কেউ নন। যারা তৃণমূলের ঘাড়ে দোষ চাপাচ্ছে তাদের বলে রাখি, ওই ব্যক্তি কি দুর্নীতি করেছে সেটা তার ব্যক্তিগত ব্যাপার। দলের কোনো দায়িত্ব নেবে না। এ ব্যাপারে দলকে জড়ানো হলে আমরাও আইনের পথে হাঁটবো।

অনুব্রতর ছবি মুছলো তৃণমূল কার্যালয়ে

দুরন্ত বার্তা, রামপুরহাট, ২৯ সেপ্টেম্বর ঃ অনুব্রত মণ্ডলের জমানার কি অবসান হতে চলেছে? দলীয় কার্যালয় থেকে তার ছবি, নাম মুছে ফেলার ঘটনা সেই বার্তাই দিচ্ছে বলে বিরোধীদের দাবি। এই নিয়ে দুঃখ প্রকাশ করেছেন অনুব্রত অনুগামীরা। কিন্তু কারা দলীয় কার্যালয় থেকে ছবি নাম মুছে ফেলল সেটা অধরা। অনুব্রত মণ্ডলের জেল যাত্রার এক বছর পূর্ণ হয়েছে। মুখ্যমন্ত্রী এখনও পর্যন্ত অনুব্রত মণ্ডলের উপরই আস্থা রেখেছেন। তাই এখনও অনুব্রত মণ্ডলকেই জেলা সভাপতি পদে রেখে দিয়েছেন। কিন্তু পঞ্চায়েত নির্বাচনের পর থেকেই ঘোর অনুব্রত বিরোধী নানুরের ফয়েজুল হক ওরফে কাজল শেখের ক্ষমতা বাড়তে থাকে। জেলায় কাজলের মতো নেতা পছন্দ মুখ্যমন্ত্রীরও। জেলা পরিষদের সভাধিপতি পদে বসিয়ে সেই বার্তা দিয়েছে দল। ক্ষমতা পেয়েই জেলায় দাপিয়ে বেড়াচ্ছেন কাজল শেখ। জেলা পরিষদের স্থায়ী সমিতি থেকে অনুব্রত ঘনিষ্ঠদের আগেই কোণঠাসা করেছে। নানুর থেকেই অনুব্রত মন্ডলের নিশান মুছে ফেলতে শুরু করল দলের একাংশ। শুক্রবার সকালে দেখা যায় নানুর ব্লকের ন-নগর কড্ডা অঞ্চলের হোসেনপুর গ্রামের তৃণমূল কার্যালয় থেকে মুছে ফেলা হয়েছে অনুব্রত মণ্ডলের ছবি ও নাম। জেলা পরিষদের প্রাক্তন পূর্ত কর্মাধক্ষ নানুরের কারিম খানের নামও মুছে ফেলা হয়েছে। এই খবর মুখে মুখে ছড়িয়ে পড়তেই চাঞ্চল্যের সৃষ্টি হয়। তৃণমূলের নানুর ব্লক সভাপতি সুব্রত ভট্টাচার্য্য বলেন, কারা এসব করেছে বলতে পারব না। খোঁজ নিয়ে দেখছি। কেরিম খান বলেন, এসব নোংরামি। যারাই করে থাকুক ঠিক করেনি। এতে দলের ভাবমূর্তি নষ্ট হচ্ছে। বিজেপির কেন্দ্রীয় সম্পাদক অনুপম হাজরা বলেন, এটাই হওয়ার ছিল। ঘোর অনুব্রত বিরোধী এখন জেলা সভাধিপতি। তিনিই এখন ওই দলের রাশ হাতে নিয়েছেন। এক সময় অনুব্রতর দাপিয়ে নানুরের বাইরে যেতে পারতেন না। সেই বদলা তো নেবেই। মুখ্যমন্ত্রীও অনুব্রত মণ্ডলের থেকে মুখ ফিরিয়ে নিয়েছেন। না হলে কাজলকে সভাধিপতি পদে বসাতেন না। হোসেনপুর বুঝিয়ে দিয়েছে অনুব্রত জমানা শেষ।

নদী থেকে ব্যবসায়ীর দেহ উদ্ধার

দুরন্ত বার্তা, কোচবিহার, ২৯ সেপ্টেম্বর ঃ দু'দিন নিখোঁজ থাকার পর কোচবিহার ১-এর চান্দামারিতে কলাভাঙ্গা নদী থেকে ব্যবসায়ীর দেহ উদ্ধার হল। শুক্রবার সকালে দেহ উদ্ধার হয়। মৃতের নাম-সঞ্জিত দত্ত (৪৭)। চান্দামারি বাজারে দোকান করতেন তিনি। বৃহস্পতিবার বিকেলে নদীতে বাঁশের সাঁকোর নীচে ওই ব্যবসায়ীর সাইকেল উদ্ধার হয়। এদিন সকালে পরিবারের লোকজন ও স্থানীয়রা নদীতে নেমে কচুরিপানার নীচ থেকে তাঁর দেহ উদ্ধার করে। স্থানীয়দের অনুমান, বুধবার রাতে দোকান করে বাড়ি ফেরার পথে ওই ব্যবসায়ী সম্ভবত সাঁকো থেকে নদীতে পড়ে যান। কয়েক বছর আগে গ্রামের কলাভাঙা সেতুটি ভেঙে যাওয়ার পর নতুন পাকা সেতু আর হয়নি। ক্ষোভ প্রকাশ করেন স্থানীয়রা। তদন্ত করছে পুলিশ।

OFFICE OF THE KHEPUT D.B GRAM PANCHAYAT
Kheput ::: Paschim Medinipur.
Notice Inviting E-Tender
NIT No. – WBPM/KDB/PR/NIT-4/T19-T22/2023-24
Memo No. 310 **Date- 22/09/2023**
The Pradhan, Kheput D.B Gram Panchayat invites e- Tender for the 04Nos. work under Daspur -II Panchayat Samity under 15 th CFCG (Un-Tied) Fund. Intending Bidders may detailed information and respond form e-procurement portal of Govt. Of West Bengal **https://www.wbtenders.gov.in** on and **from 26/09/2023 at 11.30 A.M to 10/10/2023 upto 4.00 P.M.**
Sd/- Pradhan,
Kheput D.B Gram Panchayat.

OFFICE OF THE KHEPUT D.B GRAM PANCHAYAT
Kheput ::: Paschim Medinipur.
Notice Inviting E-Tender
NIT No. – WBPM/KDB/PR/NIT3/T13-T18/2023-24
Memo No. 309 **Date- 22/09/2023**
